প্রোক্তঃ। ন স্বমাত্র পর্য্যবসিতঃ অতস্তেষু ক্লিশ্যমানেষু সুখায় ন ভবতীত্যর্থঃ ॥ ১৯ ॥

নন্দো বসুদেবং সান্ত্বয়ন্নাহ অহো ইতি ॥ ২০ ॥

নূনমিতি অদৃষ্ট এব নিষ্ঠা সমাপ্তি র্যস্য সঃ যদৈব পুত্রাদি সুখপ্রদমদৃষ্টং হীয়তে তদৈব তে পুত্রাদয়ো ন ভবন্তীত্যর্থঃ। তথা অদৃষ্টপরমঃ অদৃষ্টমেব পরমং যস্য সঃ। যদ্যপি পুত্রাদয়ো বিযুক্তা স্তথাপি তান্ অদৃষ্টমেব পুনঃ সঙ্গময়তীত্যর্থঃ। এবমদৃষ্টমাত্মন স্তত্ত্বমব্যভিচারি কারণং সুখদুঃখয়ো র্যো বেদ স ন মুহ্যতি তস্মাদিদানীং ত্বয়া ন দুঃখং ভাবনীয়ং মৃতানামপি বিযুক্তানামপি চ কালান্তরে দর্শনযোগয়োঃ সম্ভবাৎ অস্মদাদিভিরপি কালান্তরে তদ্বিয়োগে সত্যপীতি নন্দস্য দৈবী বাগেষা ভাবি সূচিকা ॥ ২১ ॥

বৈষ্ণবতোষণী।

শিশুঃ। অপ্যকার্য্য শতং কৃত্বা ভর্ত্তব্যা মনুরব্রবীৎ ইতি স্মৃতেঃ ॥ ১৯ ॥

ভবতা যদ্ব্রজ ক্ষেমং পৃষ্টং তদপ্যস্ত্যেব বয়ন্ত দুঃখেন তদপি কথয়িতুং ন শক্নুমঃ ইতি ব্যঞ্জয়ং স্তমেবানুশোচতি অহো ইতি খেদে ॥২০

সান্ত্বয়তি নূনং নিশ্চয়ে হি এব অদৃষ্টনিষ্ঠ এব ন মুহ্যতি মোহেন শোকং ন প্রাপ্নোতীত্যর্থঃ। অন্যৈস্তৈঃ। তত্র ন ভবন্তি অদর্শনং প্রাপ্নুবন্তীত্যর্থঃ। মৃতানামপীতি জমদগ্নি সত্যবদাদৌ দৃষ্টত্বাদিতি ভাবঃ। তস্মাদিত্যাদিকং স্বস্যৈব মত্যনুসারেণ নতু শ্রীমন্নন্দস্যেতি ন রসভঙ্গঃ। সত্যপীত্যস্য দর্শনাযোগয়োঃ সম্ভবা দিত্যানেনৈব সম্বন্ধঃ। যদ্বা অদৃষ্টাদেব নিষ্ঠা মরণং যস্যেতি তব তৎপুত্রাণাঞ্চ তাদৃশাদৃষ্টত্বাত্তে মৃতা ইত্যর্থঃ। নমু তর্হি অজন্মৈব বরং তত্রাহ অদৃষ্টমেব পরমং জন্ম কারণং যস্যেতি। এবঞ্চ পরস্পর সম্বাদো মনুষ্যালীলয়ৈবেতি জ্ঞেয়ং ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদ্যপি ত্বৎপৃষ্টং ব্রজ কুশলং বিদ্যতে তথাপি তদ্বিজ্ঞাপয়িতুং দুঃখেন ন শক্নুম ইতি ব্যঞ্জয়ংস্তমেবানুশোচতি অহো ইতি ॥ ২০ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিষ্পাদিত স্তেষু সুহৃৎস্বিতি। স্ত্রীপুত্রয়ো র্বিচ্ছেদাৎ মম চ পুত্র লালনাদি সুখানবাপ্ত্যা ন অর্থায় ন প্রয়োজনায় ॥ ১৯ ॥

ত্বৎপৃষ্টং যদ্ব্রজ ক্ষেমমস্তীতি কিং ব্রবীমি যদহং ত্বদ্দুঃখেনৈব মহাদুঃখীত্যাহ অহো ইতি ততশ্চ মৎপুত্র ন্যাসাদিকমস্য ন বিদিতমিতি জ্ঞাত্বা বসুদেবো গতাশঙ্কো হৃষ্টরানন্দিতো বভূবেতি জ্ঞেয়ং ॥ ২০ ॥

ভো ভ্রাতরয়ং দুষ্পারোঽপি বিপৎসিন্ধু বিবেক পোতেনৈব তীর্য্যতামিত্যাহ নূনমিতি। অদৃষ্ট এব নিষ্ঠা সমাপ্তি র্যস্য সঃ। যদৈব পুত্রাদি সুখপ্রদমদৃষ্টং হীয়তে তদৈব পুত্রাদয়ো ন ভবন্তীত্যর্থঃ। অদৃষ্টমেব পরমং মৃত বিযুক্ত পুত্রাদীনামপি সঙ্গমকারণং যস্য সঃ। এবমদৃষ্টমাত্মনস্তত্ত্বং যো বেদেতি ত্বত্তুল্যঃ কোঽন্যো বিবেকীতি তব মাস্তু মোহ ইতি ভাবঃ ॥ ২১ ॥

পুরুষের ত্রিবর্গ সুখার্থ হয় না ॥ ১৯ ॥

নন্দ এই সকল কথা শুনিয়া বসুদেবকে সান্ত্বনা করত কহিলেন মিত্র! তোমার পত্নী দেবকীর অনেক গুলি সন্তান কংস কর্ত্তৃক নিহত হইয়াছে, শেষে একটী কন্যা অবশিষ্ট ছিল তিনিও স্বর্গে গমন করিয়াছেন ॥ ২০ ॥

আমার নিশ্চয় বোধ হইতেছে অদৃষ্টেতেই লোকের নিষ্ঠা (সমাপ্তি) হইয়া থাকে, অর্থাৎ পুত্রাদি রূপ সুখপ্রদ অদৃষ্ট যখনি হীন হয়, তখন আর পুত্রাদি থাকে না, পরন্তু অদৃষ্টই লোকের পরম পদার্থ, তাহাতে যদিও পুত্রাদি-বিয়োগ হয়, তথাপি সেই অদৃষ্টই পুনরায় তাহাদের সহিত মিলাইয়া দেয়। এই রূপে অদৃষ্টকেই যে ব্যক্তি আপনার তত্ত্ব অর্থাৎ সুখ দুঃখের অব্যভিচারি কারণ বলিয়া জানেন তিনি কদাপি মুগ্ধ হয়েন না, অতএব এক্ষণে আপনি দুঃখ চিন্তা করিবেন না, মৃত ও বিযুক্তদিগেরও কালান্তরে দর্শন এবং তাহাদিগের সঙ্গেও উত্তর কালে সংযোগের সম্ভাবনা আছে ॥ ২১ ॥

বসুদেব উবাচ ॥

করো বৈ বার্ষিকো দত্তো রাজ্ঞে দৃষ্টা বয়ঞ্চ বঃ। নেহ স্থেয়ং বহুতিথং সন্ত্যুৎপাতাশ্চ গোকুলে ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি নন্দাদয়োগোপাঃ প্রোক্তাস্তে শৌরিণা যযুঃ। অনোভি রনড়ুদ্‌যুক্তৈস্তমনুজ্ঞাপ্য গোকুলং॥২২

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে বসুদেব নন্দসমাগমো নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

শ্রীধরস্বামী।

তাং বুদ্ধা বসুদেবো দুঃখং ত্যক্ত্বা নন্দমাহ করো ব ইতি। বোযুষ্মাভিঃ॥ ২২ ॥

॥ * ॥ ইতি দশমে পঞ্চমঃ ॥ * ॥

বৈষ্ণবতোষণী।

অহো তে দেবকীপুত্রা ইত্যাদি শ্রীনন্দোক্ত্যা লোকেষু পুত্রপরিবর্ত্তন জ্ঞানাদি শঙ্কা নিবৃত্তেঃ পরম হৃষ্টঃ শ্রীবসুদেব স্তং প্রতি সমাগম মূলমুপদিশতি কর ইতি। ব ইতি বহুত্বং গৌরবাৎ তৎ সঙ্গি সংগ্রহাদ্বা বঙ্গমিতি তদ্দর্শনেনাত্মনো বহুমানাৎ। ব ইতি পৌনরুক্ত্যং ভিন্ন বাক্যত্বাদদোষায়। যদ্বা বোযুষ্মদীয়া বয়ং তৎ স্নেহেন দিন কতিপয় স্তিষ্ঠামুং তং প্রত্যাহ বহুতিথং অত্র রাজধান্যাং ন স্থেয়ং। তথাচ শ্রীবিষ্ণুপুরাণে। দত্তোহি বার্ষিকঃ সর্ব্বো ভবদ্ভি নৃপতেঃ করঃ। যদর্থমাগতা স্তস্মান্নাত্র স্থেয়ং মহাধনৈ রিতি। করো বৈ ইতি ক্বচিৎ পাঠঃ বহুতিথমিতি পূরণ প্রত্যয়ে ডটী তিথুগাগমাৎ বহু গুণ পুগ সংঙ্ঘ্যা তিথুগিত্যনেন ততো বহুতিথং যথাস্যাৎ তথা ন স্থেয়মিতি লব্ধে বহূনাং পূরণী যা স্থিতিঃ সা নানুষ্ঠেয়া ইত্যর্থে চিরকালং ন স্থেয়ং ইত্যেব বিবক্ষিতং তথাপি নিজ সঙ্গ সুখাপেক্ষয়া শীঘ্রমজিগমিষু মিবালক্ষ্য ভায়য়তি সন্তীতি ॥

প্রকর্ষেণ ন্যায় দর্শনাদিনোক্তাঃ অনড়্বাহঃ অনোবহন সমর্থাঃ মহাবৃষভাস্তদ্‌যুক্তৈরতিশীঘ্র গমনার্থং তমনুজ্ঞাপ্য তদনুজ্ঞামাদায় গোকুলং যযুঃ প্রতস্থিরে ॥ ২২ ॥

॥ * ॥ ইতি বৈষ্ণবতোষণ্যাং শ্রীদশমটিপ্পন্যাং পঞ্চমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

কর ইতি চ করাদত্র দণ্ডভয়ঞ্চ তথা বৈষ্ণবে তদ্বাক্যং। নাত্র স্থেয়ং মহাধনৈরিতি। বহুতিথমিতি পূরণ প্রত্যয়ান্তং বহুকাল পর্য্যন্তং ব্যাপ্যেত্যর্থঃ ॥

অনড়ুদ্‌যুক্তৈরিতি শিঘ্র গমনার্থ প্রসিদ্ধমেবোক্তং অনড়ুদ্বিশেষ ব্যঞ্জনয়া ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীদশম ক্রমসন্দর্ভে পঞ্চমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জ্ঞাততত্ত্বো বসুদেবো বহ্বক্তু মাগত স্তদাহ কর ইতি। বৈ নিশ্চিতং বো যুষ্মাভিঃ। বহুতিথং চিরকালং ॥ ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দশমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

নন্দের ঐ সকল ভবিষ্যৎ সূচক দৈব বচনের মর্ম্ম হৃদয়ঙ্গম করিয়া বসুদেব দুঃখ পরিত্যাগ পূর্ব্বক তাহাকে সম্বোধিয়া বলিলেন মিত্র। রাজাকে বর্ষিক কর দেওয়া হইয়াছে, আমাদিগের সঙ্গেও সাক্ষাৎ হইল, আর এখানে অধিক কাল অবস্থানের আবশ্যকতা নাই, গোকুলে নানা উৎপাত উপস্থিত আছে, শীঘ্র প্রস্থান কর।

শুকদেব কহিলেন হে রাজন্! বসুদেব এই প্রকার কহিলে নন্দাদি গোপবৃন্দ তাঁহার অনুমতি লইয়া বৃষবাহ শকটে আরোহণ পূর্ব্বক গোকুলে প্রত্যাগমন করিলেন॥ ২২॥

॥ * ॥ ইতি দশমে পঞ্চম ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

নন্দঃ পথি বচঃ শৌরে র্ন মৃষেতি বিচিন্তয়ন্ । হরিং জগাম শরণমুৎপাতাগম শঙ্কিতঃ ।
কংসেন প্রহিতা ঘোরা পূতনা বালঘাতিনী । শিশূংশ্চচার নিঘ্নন্তী পুর গ্রাম ব্রজাদিষু ॥ ১ ॥
ন যত্র শ্রবণাদীনি রক্ষোঘ্নানি স্বকর্ম্মসু । কুর্ব্বন্তি সাত্বতাং ভর্ত্তু র্যাতুধান্যশ্চ তত্র হি ॥ ২ ॥

শ্রীধরস্বামী ।

ষষ্ঠে সখ্যুর্গিরা নন্দো ব্রজং গচ্ছন্ মৃতাং পথি দৃষ্ট্বা তু রাক্ষসীং তস্যাঃ মৃত্যুং শ্রুত্বাচ বিস্মিতঃ ॥ ১ ॥

শ্রীকৃষ্ণবিষয়ে শঙ্কমানং রাজানং প্রতি অবিষয়ে প্রবৃত্তা সৈব মরিষ্যতীতি সূচয়ন্নাহ ন যত্রেতি। যত্র শ্রীকৃষ্ণস্য শ্রবণাদীনি ন

বৈষ্ণবতোষণী ।

পথি বিচিন্তয়ন্ হরিং সর্ব্বভয়হরং নিজেষ্টদেবত্বেন সতত শরণমপি বিশেষতঃ স্বপুত্রমঙ্গলার্থং মনসা শরণং জগাম। যদ্বা ন মৃষেত্যতো হেতোর্হরিং মনোহরং স্বসুতং পথি বিশেষতশ্চিন্তয়ন্ ন জানে তত্র কিং বৃত্তমস্তি ইতি তত্র চিন্তাং শরণং নিজগৃহং জগাম গচ্ছন্নভূৎ ॥

অথ ব্রজবৃত্তমাহ তত্রচ যদ্যপি পূর্ব্বং তন্মন্ত্রিভি র্বালানামেব হিংসা নিশ্চিতা তথাপ্যতিভীতেন কংসেন তু পরম্পরয়ৈবোপায়োঽয়মিতি প্রথমং তামনঙ্গীকৃত্য সাক্ষাদ্বালহিংসা এবানুমতা ইত্যভিপ্রেত্যাহ কংসেনেতি। প্রহিতা প্রাগেব নিযুক্তা যতো ঘোরা বালঘাতিনীচ অতএব নিতরাং ঘ্নন্তী ঘ্নতী দুর্ব্বিষ স্তনদানেন সদ্যো মারয়ন্তী। তথাচ বিষ্ণুপুরাণে। যস্মৈ যস্মৈ স্তনং রাত্রৌ পূতনা সংপ্রযচ্ছতি। তস্য তস্য ক্ষণেনাঙ্গং বালকস্যোপহন্যতে। আকরঃ রত্নাদ্যুৎপত্তিস্থানং গ্রামং ব্রজেতি বা পাঠঃ। আদি শব্দাৎ সার্থাদয়শ্চ ॥ ১ ॥

শিশূন্ নিঘ্নন্তীতি পুরাদিষু চকারেত্যুক্তং। নহু তর্হি শ্রীনন্দব্রজবালানাং হন্ত কা বার্ত্তা ইত্যপেক্ষায়ামাহ নেতি। স্বকর্ম্মসু যজ্ঞাদিষু তৎ সাদগুণ্যার্থান্যপি যত্র শ্রবণাদীনি ন কুর্ব্বন্তি কিং পুনঃ স্বপ্রধানানীত্যর্থঃ। সাত্বতানাং ভক্তানাং ভর্ত্তুরিতি তেষামপি শ্রবণাদিভিস্তে নশ্যন্তি কিং পুনস্তস্যেত্যর্থঃ। ত্বর্থে চকারঃ অনুক্তসমুচ্চয়ে বা অন্যেচ দুষ্টাঃ। হি এব তত্রৈব প্রভবন্তীতি শেষঃ। যদ্বা কিন্তদানীং স্তনাঃ সর্ব্বে শিশব স্তয়া বত হতাস্তত্রাহ নেতি। পূর্ব্ববদর্থঃ। অন্যেচ ভগবদ্বিমুখাঃ কংসপক্ষীয়াঃ শ্রীভগবতা তদ্দ্বারৈব [illegible] ইতি ভাবঃ। ইতি কংসস্য মৌঢ্যং দর্শিতং। তদেবং তেন সাক্ষাদধিষ্ঠিতেঽপি তাদৃশ দুষ্টাগমনং নিখিল লোকানন্দক শ্রীভগবল্লীলা বিশেষ সম্পত্ত্যর্থং তথা তাদৃশ হেতুকোৎপাতশ্চ তজ্জনন্যাদীনাং তদ্বিষয়ক প্রেম বিশেষ বর্দ্ধনার্থং তদীয় স্বরসানুসারি লীলাশক্ত্যৈব সম্পাদ্যতে

ক্রমসন্দর্ভঃ ।

ন যত্রেতি। ততো যথা কথঞ্চিদ্ভগবৎসম্বন্ধ বিনা ভূতানাং দৈত্যস্বভাবানামেব বালং ঘ্নতী ভগবত স্তাদৃশলীলেচ্ছয়ৈব শ্রীগোকুলে প্রবেশ সমর্থাভূদিত্যাগতং তত এব বল্গু স্মিতাপাঙ্গেত্যাদি চ যোষিত্বেতি তৎ করোতীতি গিচি ক্তি রূপং টেস্লোপাৎ ॥ ১ ॥

এতত্তু গোপপ্রযুজ্যমান দিব্য বালভিয়েতি জ্ঞেয়ং। কামচারিণী অব্যাহত গমনাপি ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ষষ্ঠে সৌরূপ্য কৌরূপ্যো জীবন্মৃত তনোরিহ। নির্বর্ণ্যোক্তঃ পূতনায়া দাহো নন্দস্য চাগমঃ ॥ ১ ॥

শ্রীকৃষ্ণবিষয়ে শঙ্কমানং রাজানং প্রতি অবিষয়ে প্রবৃত্তা সৈব মরিষ্যতীতি সূচয়ন্নাহ নেতি। যত্র পুরাদিষু সাত্বতাং ভর্ত্তুঃ শ্রবণাদীনি

ষষ্ঠাধ্যায়ে সখা বসুদেবের বাক্যে ব্রজে প্রত্যাগমন কালীন নন্দের পথি মধ্যে মৃত রাক্ষসী দর্শন এবং মরণ বিবরণ শ্রবণে বিস্ময় বর্ণিত হইতেছে ॥ ০ ॥

শুকদেব কহিলেন নন্দ আসিতে ২ পথিমধ্যে এই চিন্তা করিতে লাগিলেন বসুদেবের বাক্য কখন মিথ্যা হয় না, বোধ হয় ব্রজে কোন উৎপাত হইয়া থাকিবে, এই প্রকারে ভাবি উৎপাত শঙ্কায় তাঁহার অতিশয় ভয় হইল অতএব ভগবান্ হরির শরণাপন্ন হইলেন। এ দিকে নিষ্ঠুর স্বভাবা বালঘাতিনী পূতনা কংস কর্ত্তৃক প্রেরিত হইয়া পুরগ্রাম ব্রজ প্রভৃতি স্থানে শিশু হত্যা করিয়া বেড়াইতেছে ॥ ১

এতৎ শ্রবণে শ্রীকৃষ্ণ বিষয়ে শঙ্কিত চিত্ত পরীক্ষিতের প্রতি কহিলেন রাজন্ ! কোন আশঙ্কা করিও না, অবিষয়ে প্রবৃত্তা রাক্ষসী অবশ্য প্রাণত্যাগ করিবে, কারণ সাত্বতপতি ভগবান্ হরির শ্রব-

সা খেচর্য্যেকদোৎপত্য পূতনা নন্দগোকুলং। যোষিত্বা মায়য়াত্মানং প্রাবিশৎ কামচারিণী ॥ ৩॥
তাং কেশবন্ধব্যতিষক্ত মল্লিকাং বৃহন্নিতম্ব স্তন কৃচ্ছ্র মধ্যমাং।
সুবাসসং কল্পিতকর্ণভূষণত্বিষোল্লসৎ কুণ্ডল মণ্ডিতাননাং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সন্তি তত্রৈব তাসাং শক্তিঃ। সাক্ষাত্তস্মিন্নেব সতি কা শঙ্কেতি ভাবঃ ॥ ২ ॥

যোষিত্বা বেশতো বরাং নারীমিবাত্মানং কৃত্বা ননু নির্লজ্জা নির্ব্বিশঙ্কাচ সতী কথং পর সদ্মনি প্রবিষ্টা অত আহ কামচারিণীতি। নহি কামচারিণীম্বিদং চিত্রমিত্যর্থঃ ॥ ৩ ॥

তাঞ্চ বনিতাং পতিং দ্রষ্টুং আগতাং অতিরূপবতীং শ্রিয়মিব গোপ্যোঽমংসত ইত্যুত্তরশ্লোকেনান্বয়ঃ। শ্রীসাম্যার্থানি বিশেষণানি কেশবন্ধ ব্যতিষক্ত মল্লিকাং ধম্মিল্লসংসক্ত মল্লিকাকুসুমাং বৃহন্নিতম্বেন স্তনাভ্যাং চোভয়ত আক্রান্তমিব কৃচ্ছ্রং কৃশং মধ্যমং উদরং যস্যা স্তাং সুবাসসং রমণীয়ে বাসসী যস্যা স্তাং। কল্পিতয়োঃ কর্ণভূষণয়োস্ত্বিষা উল্লসদ্ভিঃ কুণ্ডলৈ র্মণ্ডিত মাননং যস্যাস্তাং ॥ ৪ ॥

বৈষ্ণবতোষণী।

ইতি ভাবঃ। লীলানাম্নী শক্তিশ্চ শ্রীভূ লীলেতি মুখ্য শক্তিত্রয়ে বৈকুণ্ঠে পাদ্মোত্তর খণ্ডাদি প্রসিদ্ধা সৈব পাদ্ম কার্তিক মাহাত্ম্যাদৌ তুলসীত্বেন বৃন্দাত্বেনচ বর্ণ্যত ইতি শ্রীকৃষ্ণলীলায়াং বৃন্দারূপৈব সা জ্ঞেয়া যদধিষ্ঠানং বৃন্দাবনমিতি ॥ ২ ॥

একদা রাত্রাবিতি পরাশর বৈশম্পায়নৌ। উৎপত্যাকাশমার্গেণাগত্য। উপেত্য ইতি পাঠঃ কচিৎ। যতঃ খেচরী সা যোষত্বাদেব যোষিত্বেতি অত্র যোষিতং করোতীতি ণিচি টিলোপে ক্ত্বাপ্রত্যয়ে যোষয়িত্বেতি বক্তব্যে ণিচো লোপ আর্ষঃ ॥ ৩ ॥

তামিতি যুগ্মকং। ব্যতীতি মল্লিকানাং মিথো যোজনয়া বহুধা সৌষ্ঠবং বোধ্যতে কর্ণ ভূষণয়োঃ কল্পিতত্বং লীলা গত্যাদিনা অতএব সর্ব্বতঃ প্রসরন্ত্যা স্তয়োস্ত্বিষা উল্লসদ্ভিরলকৈ র্মণ্ডিতাননাং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃষ্টাদৃষ্টফলেষু স্বকর্ম্মস্বপি বর্ত্তমানা জনা ন কুর্ব্বন্তি তত্রৈব যাতুধান্যঃ প্রভবন্তীতি শেষঃ। কিমুত যত্র প্রাধান্যেন কুর্ব্বন্তি তত্র ন প্রভবন্তীতি কিমুততরাং যত্র কৈবল্যেন কুর্ব্বন্তি কিমুততমাং সাক্ষাদেব যত্র স প্রাদুর্ভূয়াস্তে ইতি ভাবঃ ॥ ২ ॥

তদপি পূতনাবধলীলায়া আবশ্যকত্বাল্লীলাশক্তি প্রেরণবশাদেব মৃত্যুনা নিমন্ত্র্যমাণৈব মর্ত্তুং গোকুলং জগামেত্যাহ সেতি। একদা রাত্রৌ আকাশমুৎপত্য গোকুলং প্রবিশ্য মায়য়া আত্মানং যোষিত্বা যোষিতং কৃত্বা নিজ লোপ আর্ষঃ। সৌন্দর্য্যেণ সর্ব্বজনান্ মোহয়িত্বা গৃহস্তঃ পুরাদিষু সহসা প্রবেষ্টুমিতি ভাবঃ। যদ্যপি জগন্মোহিনী ভগবন্মায়াপি তান্ সিদ্ধভক্তান্ মোহয়িতুং নোৎসহতে তদপি কৃষ্ণলীলাশোভাসিদ্ধ্যর্থং ঐন্দ্রজালিক মায়েব তানপি পূতনাদি মায়া মোহয়তি ভগবদিচ্ছাবশাদিতি জ্ঞেয়ং ॥৩ ॥৪॥

ণাদি মাত্রে রাক্ষস সকল নিহত হয়, যেখানে শ্রবণাদি নাই, সেই স্থানেই রাক্ষসীরা স্ব স্ব কর্ম্ম করিয়া থাকে অর্থাৎ যেখানে শ্রীকৃষ্ণের শ্রবণাদি না হয় সেই খানেই রাক্ষসীদের শক্তি, যে স্থানে শ্রীকৃষ্ণ সাক্ষাৎ বর্ত্তমান তথায় রাক্ষসীদের শক্তি প্রকাশের সম্ভাবনা কি ? ॥ ২ ॥

সে যাহা হউক, এক দিবস রজনীযোগে ঐ পূতনা আকাশ পথে নন্দগোকুলে আসিয়াছিল এবং মায়াযোগে আপনাকে বর নারীরূপিণী করিয়া নন্দসদনে প্রবেশ করিয়াছিল; সে কামচারিণী, ইহাতে নির্লজ্জ ও নিঃশঙ্ক হইয়া পরগৃহে প্রবেশ করা তাহার পক্ষে বিচিত্র নহে ॥ ৩ ॥

হে রাজন্ ! ঐ নিশাচরী পরমা সুন্দরী নারী হইয়াছিল, তাহার কেশ পাশে [illegible]কা কুসুম সংযুক্ত, বৃহৎ নিতম্ব ও স্থূলতম স্তনদ্বয়ে আক্রান্তের ন্যায় হওয়াতে উদর যেন কৃশ হইয়াছিল। তাহার পরিধান বসন রমণীয়, কর্ণ ভূষণের শোভায় এবং দেদীপ্যমান কুণ্ডলে মুখমণ্ডল সুন্দর রূপে মণ্ডিত ॥ ৪ ॥

বল্গুস্মিতাপাঙ্গ বিসর্গ বীক্ষিতৈ র্মনোহরন্তীং বনিতাং ব্রজৌকসাং।
অমংসতাম্ভোজকরেণ রূপিণীং গোপ্যঃ শ্রিয়ং দ্রষ্টুমিবাগতাং পতিং ॥ ৫ ॥
বালগ্রহস্তত্র বিচিন্বতী শিশূন্ যদৃচ্ছয়া নন্দগৃহে ঽসদন্তকং।

শ্রীধরস্বামী।

বল্গু স্মিতাপাঙ্গ বিসর্গ বীক্ষিতৈঃ বল্গু রম্যং স্মিতং যেষু তথা ভূতা অপাঙ্গ বিসর্গা যেষু তৈ বীক্ষিতৈ র্ব্রজৌকসাং মনোহরন্তীং অতো গোপা হৃতমনস্ত্বেন তাং ন নিবারিতবন্ত ইত্যুক্তং ভবতি। গোপ্যশ্চ শ্রিয়মিব মত্বা তূষ্ণীমাসন্ অতঃ কেনাপি অনিবারিতা সতী প্রবিবেশেতি ভাবঃ ॥ ৫ ॥

বালগ্রহঃ পূতনা অসদন্তকং বালং দদর্শ। নন্বসতামন্তকং দৃষ্ট্বা কিং ন বিভেতি স্ম ইতি চেত্তত্রাহ। প্রতিচ্ছন্নং নিজোরু তেজসং

বৈষ্ণবতোষণী।

মনোহরন্তীং মনোহরবদাচরন্তীং বনিতাং জনিতাত্যর্থানুরাগাং স্ত্রিয়ং অম্ভোজ যুক্ত করেণ লক্ষণেন রূপিণীং শ্রিয়মেবাগতামমংসত শ্রীরত্র জগৎসম্পত্তিঃ কিং কর্ত্তুং ইব পতিং দ্রষ্টুমন্বেষ্টুমিব কঞ্চিৎ পুণ্য লক্ষণং জনং নিজাশ্রয়ত্বেন বরীতুমিব তাদৃশ লক্ষণস্তু সর্ব্বোপরি শ্রীব্রজেন্দ্র তনয় এব দৃশ্যতে ইত্যাশয়া ততো ন নিবারিতবত্য ইতি ভাবঃ। অত্র পতি শব্দস্য ধববাচিত্বং তেষামপি ন মতং অগ্রেচ জননী ভাবস্যৈব দর্শয়িষ্যমাণত্বাৎ। অন্যৈস্তৈঃ। তত্রাক্রান্তমিব আক্রান্তত্বাদিবেত্যর্থঃ। কৃচ্ছ্রং কৃশমিতি কার্য্যকারণয়োরভেদোপচারেণ তদা ক্রমাদল্পদুঃখং জাতং তস্মাদিব কৃশমিত্যর্থঃ। তথা অতিমনোহরণাদ্ধেতো র্যদ্ধৃতমনস্ত্বং তেনেতি কর্ত্তৃধর্ম্ম কর্ম্ম ধর্ম্ময়োর্ভেদাদপৌনরুক্ত্যং ॥ ৫ ॥

সেতি প্রকরণ বশাল্লভ্যতে। বালগ্রহ ইতি তদ্বিশেষণমেব অজহল্লিঙ্গত্বান্নস্ত্রীত্বং। তত্র গোকুলে শিশূন্ বিচিন্বতী মৃগয়মানা ততশ্চ যদৃচ্ছয়া স্বৈরিতয়া ভগবত এব তাদৃশ লীলা শক্তি প্রেরণেনানুসন্ধানং বিনাপীত্যর্থঃ সহসা শ্রীনন্দগৃহ এবাগত্য বিচিন্বতী তমেব তল্পে দদর্শ। যদৃচ্ছা স্বৈরিতেত্যমরঃ। অসদন্তকমপি বালং বাল্যমাধুরীমাবিষ্কুর্ব্বন্তং অতএব তল্পে আহিতং সন্তং প্রতিচ্ছন্ন নিজোরুতেজসং

ক্রমসন্দর্ভঃ।

স ভদিত্যস্যাবতারিকা প্রবট্টকে বল্গু অম্ভোজকরেণ লক্ষণেন রূপিণীং শ্রিয়ং অমংসত। পতিং দ্রষ্টুং কঞ্চিৎ শুভলক্ষণ ভাজং জনং নিজাশ্রয়ত্বেন বরীতুমিতি তস্য শ্রীকৃষ্ণ এব পর্য্যবসানং বিতর্ক্য তাভি র্ন নিবারিতা ইত্যর্থঃ ॥ ৫ ॥

বালগ্রহ ইতি বিশেষণমেব সতি বিশেষ্যং প্রকরণবশাৎ যদৃচ্ছয়া ভগবতঃ স্বৈরলীলেচ্ছয়া সহসা নন্দগৃহ এবাগত্য ইতি শেষঃ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তাং শ্রিয়ং রূপিণীং মূর্ত্তিমতীং রত্নাদি ধনসম্পত্তিমিব অম্ভোজকরেণ উপলক্ষিতাং। পতিং শ্রীব্রজরাজস্যেষ্টদেবং শ্রীনারায়ণং দ্রষ্টুমিবাগতাং অমংসতেত্যুত্তরেণান্বয়ঃ। বৃহতা নিতম্বেন স্তনাভ্যাঞ্চ উভয়ত আক্রান্তমিব কৃচ্ছ্রং কৃশং মধ্যমমুদরং যস্যা স্তাং। বনিতাং অত্যনুরাগবতীং। বনিতা জনিতাত্যর্থানুরাগায়াঞ্চ যোষিতীত্যমরঃ। অহো রূপ মহো ঽনুরাগ ইতি ব্রজৌকসাং মনোহরন্তীং অত এবৈতে সহসান্তঃপুরং প্রবিশন্তীমপি ন নিবারয়ামাসুরিতি ভাবঃ ॥ ৫ ॥

বালগ্রহঃ পূতনা অসদন্তকং স্বহন্তারমপি স্ববধ্যত্বেন প্রতীয়মানং বালং দদর্শ যতঃ প্রতিচ্ছন্নেতি ভসি ভস্মন্যাহিতমন্তরর্পিতং

সে মনোহর হাস্য যুক্ত কটাক্ষে ব্রজবাসিদিগের চিত্ত হরণ করিয়াছিল, অতএব গোপেরা তাহাকে নিবারণ করিল না, গোপীগণ তাহাকে দেখিয়া মনে করিয়াছিল শ্রীকৃষ্ণ গোকুলে জন্ম গ্রহণ করিয়াছেন, ইনি বুঝি তাঁহার বনিতা লক্ষ্মী, এইরূপে মূর্ত্তিমতী হইয়া পতি দর্শনার্থ আসিতেছেন, ফলতঃ তাঁহাকে সাক্ষাৎ লক্ষ্মী মনে করিয়া গোপীরাও তূষ্ণীম্ভূত হইয়াছিল, সুতরাং কেহই নিবারণ না করাতে সে অনায়াসে পুরমধ্যে প্রবিষ্ট হয় ॥ ৫ ॥

হে রাজন্! পূতনা সাক্ষাৎ বালক অন্বেষণ করিতে করিতে নন্দ গৃহে শয্যার উপর ঐ শিশুটী দেখিতে পাইল। যদিও সেই বালক অসজ্জনের নিধনকারী, তথাচ তাহাকে দেখিয়া পুনরায় ভয়

বালং প্রতিচ্ছন্ন নিজোরু তেজসং দদর্শ তল্পেহগ্নিমিবাহিতং ভসি ॥ ৬ ॥
বিবুধ্য তাং বালকমারিকা গৃহং চরাচরাত্মা স নিমীলিতেক্ষণঃ।
অনন্তমারোপয়দঙ্ক মন্তকং যথোরগং সুপ্তমবুদ্ধি রজ্জুধীঃ ॥ ৭ ॥
তাং তীক্ষ্ণচিত্তামথ বামচেষ্টিতাং বীক্ষ্যান্তরা কোষপরিচ্ছদাসিবৎ।

শ্রীধরস্বামী।

বালনাট্যেন প্রতিচ্ছন্নং তিরোহিতং নিজং উরু তেজো যেন তং কমিব ভসি তস্মনি আহিতং অগ্নিমিবেতি ॥ ৬ ॥

চরাচরাত্মত্বাদেব তাং বিবুধ্য নিমীলিতেক্ষণঃ আস! স্বয়মনন্তং দুষ্টানামন্তকং সা অঙ্কমারোপয়ৎ বালং মত্বা যথোরগং সুপ্তং অবুদ্ধিশ্চাসৌ রজ্জুধীশ্চেতি সঃ অজ্ঞানতো রজ্জু বুদ্ধ্যা যথা গৃহ্ণাতি তদ্বৎ ॥ ৭ ॥

নম্ন যশোদারোহিণ্যৌ কথং তাং ন ন্যবারয়তাং তত্রাহ তামিতি। বামং বল্গু জনন্যা ইব চেষ্টিতং যস্যাস্তাং বরস্ত্রিয়ঞ্চ সহসৈব

বৈষ্ণবতোষণী।

তদাভিমুখ্যেন ছন্ননিজমহাপ্রভাবং দদর্শ তত্র দৃষ্টান্তোহগ্নিমিতি যথা কশ্চিদ্ভস্মন্যাহিতং অগ্নিং তাদৃশং পশ্যতি তদ্বদিত্যর্থঃ। ব্রজৌকসাং মনোহরন্তীমিত্যাদিকমপি লীলাশক্তিকৌতুকমেব ॥ ৬ ॥

বালক মারিকাসংজ্ঞং গ্রহং চরাচরস্যাত্মা পরমাত্মা বাল্য লীলয়া সর্ব্বভাব গ্রহণাৎ মুদ্রিত নেত্রাজ্ঞো বভূব তচ্চ তস্যাং নিজাত্যন্ত বালত্ব ভীরুত্ব বোধনায় তাদৃশ দুষ্টদর্শনাভাবায় স্বদৃষ্টি স্বাভাবিক তদ্বিধধর্ষণাভাবায় তদ্বিতার্থাবশ্যককৃত্যেহপি বধে সর্ব্ব সদ্গুণনিধেঃ স্বস্য সাক্ষাল্লজ্জাচ্ছাদনায় মরণে তদ্বৈকল্য দর্শনাভাবায় স্বয়মনন্তং তাদৃশানামন্তকং অবুদ্ধি বিপরীতজ্ঞান পূর্ব্বকং যথাস্যাত্তথা আরোপয়ৎ ॥ ৭ ॥

অথ কাংস্যে কাকাক্ষিন্যায়েনোভয়ত্রাপ্যন্বয়ঃ। অন্তীতি চিচ্ছুক পাঠঃ বামচেষ্টিতত্বেন দুঃখপ্রদতা নিরস্তা তত্রান্তরা বীক্ষ্য ইত্যন্ত

ক্রমসন্দর্ভঃ।

প্রতি তদাভিমখ্যেন। ভসি ভস্মাভ্যন্তরে দৃষ্টান্তোহয়ং ছন্নতাং সংগ্রহং আত্মা পরমাত্মা। স্বয়মনন্তং তাদৃশানন্তকং অতএব অবুদ্ধি যথা স্যাত্তথারোপয়ৎ। কপট মাতৃস্নেহ মব্যা তং প্রভয়া তস্মিন্ প্রসঙ্গে সতি ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভস্মাচ্ছাদিতমগ্নিমিবেত্যর্থঃ ॥ ৬ ॥

চরাচবাত্মেতি দুষ্টাগমনকালে সর্ব্বজ্ঞতাশক্তেঃ সেবাবসরাদেবতঃ। তাং বিবুধ্য বাল্যস্বভাবেনৈব নিমীলিতেক্ষণ আস দিদীপে। নিজাত্যন্ত বালত্ব ভীরুত্ব জ্ঞাপনায় চ তাদৃশামঙ্গলদর্শনাভবায় চ স্বদৃষ্টি স্বাভাবিক তদ্বিধ ধর্ষণাভাবায়চ মাতৃভাব দর্শিকায়াস্তস্যাঃ স্বকর্ত্তৃক বধে লজ্জানুৎপত্ত্যেচ তন্মরণ বৈকল্য দর্শনাভাবায় চ মুদিত নেত্রত্বং। ততশ্চানন্তং তমঙ্কমারোপয়ৎ। অন্তকং স্বস্যেতি সংহারিকাশক্তেঃ সেবাবসরঃ। যস্য দেশতঃ কালতশ্চ অন্তো নাস্তি তমনন্তমপি অঙ্কমারোপয়দিত্যর্থঃ বিরোধেনাদ্ভুত রসো ব্যঞ্জিতঃ। অন্তকমনন্তমিতি শব্দ বিরোধঃ। যথা সুপ্তমুরগং অবুদ্ধ্যা অল্পবুদ্ধ্যা হেতুনা রজ্জুধী র্জনো গৃহ্ণাতি তদ্বদিত্যর্থঃ ॥ ৭ ॥

নম্নু যশোদারোহিণ্যৌ কথং তাং ন ন্যবারয়েতাং তত্রাহ তামিতি। বামং বল্গু জনন্যা ইব চেষ্টিতং যস্যা স্তাং। অন্তরা গৃহমধ্য এব

হইল না, কারণ বাল রূপ প্রদর্শন হেতু ভস্মাচ্ছাদিত অগ্নির ন্যায় তাঁহার স্বীয় মহৎ তেজঃ প্রতিচ্ছন্ন হইয়াছিল ॥ ৬ ॥

সে যাহা হউক, চরাচর সকলের আত্মা, শিশুরূপী ভগবান্ ঐ রাক্ষসী আসিবামাত্র জানিতে পারিলেন এ অঙ্গনা নহে, বালসংহারিকা, অতএব তাহার বিনাশ বাসনায় নয়নদ্বয় নিমীলন করিয়া রহিলেন। অনন্তর ঐ রাক্ষসী তাঁহার নিকট গমন করিল এবং অজ্ঞান বশতঃ সর্পেতে রজ্জু বুদ্ধিকারী ব্যক্তি যেমন সুপ্ত বিষধরকে ক্রোড়ে আরোপণ করে তাহার ন্যায়, দুষ্টের অন্তক সেই অনন্তকে গ্রহণ করিয়া আপনার অঙ্কে স্থাপন করিল ॥ ৭ ॥

হে রাজন্! যদিও ঐ রাক্ষসী মৃদু অথচ বিচিত্র চর্ম্মময় কোষাচ্ছাদিত অসির তুল্য তীক্ষ্ণ চিত্তা,

বরস্ত্রিয়ং তৎপ্রভয়াবধর্ষিতে নিরীক্ষ্যমাণে জননী অতিষ্ঠতাং ॥ ৮ ॥
তস্মিন্ স্তনং দুর্জরবীর্য্যমুল্বণং ঘোরাঙ্কমাদায় শিশো র্দদাবথ।
গাঢ়ং করাভ্যাং ভগবান্ প্রপীড্য তৎ প্রাণৈঃ সমং রোষসমন্বিতোঽপিবৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অম্বরা গৃহমধ্যে বীক্ষ্য অন্তস্তৈক্ষ্ণ্যে বহির্ম্মার্দ্দবে চ দৃষ্টান্তঃ কোষপরিচ্ছদাসিবৎ মৃদুচিত্র চর্ম্মময়ঃ কোষঃ পরিচ্ছদ আবরণং যস্য অসেঃ খড়্গস্য তদ্বৎ তৎপ্রভয়াবধর্ষিতে অভিভূতে অহমস্য জননী ইয়ং বেতি মোহিতে তু সত্যৌ জননী জনন্যৌ নিরীক্ষ্যমাণে এব কেবল মতিষ্ঠতাং নতু নিবারিতবত্যৌ ॥ ৮ ॥

তস্মিন্ স্থানে দুর্জরং বীর্য্যং বিষং যস্মিন্ তং স্তনং শ্রীকৃষ্ণমঙ্কমাদায় শিশোঃ তস্মৈ শিশবে দদৌ অথ অনন্তমেব প্রপীড্য কেবলং

বৈষ্ণবতোষণী।

দুষ্টতানুমিতিশ্চ খণ্ডিতা অন্তর্দ্দুষ্ট জনস্য সহসা পরগৃহান্তঃ প্রবেশ সহসা সামর্থ্যাৎ তত্রাপি বরস্ত্রিয়মিত্যবিশ্বসনীয়তাচ নিরাকৃতা বিশেষতশ্চ তৎ প্রভয়া মাতৃবৎ স্নেহ প্রাকট্য প্রতি ভয়াবধর্ষিতে। জননী ইতি প্রথমা দ্বিবচনস্য পূর্ব্ব সবর্ণ শ্ছান্দসঃ সুপাং সুলুক্ পূর্ব্বসবর্ণেত্যাদিনা ॥ ৮ ॥

তস্মিন্নেব স্থানে ইতি ধার্ষ্ট্যমুক্তং উল্বণং স্পর্শেনাপি মারকমিত্যর্থঃ অতএব বীর্য্যং তদ্বিধ রূপমেবেতি তথা তৈ র্ব্যাখ্যাতং আদায় আকৃষ্য। অতো দ্বিকর্ম্মকত্বমপি তৎ তং স্তনং ব্রজবালকানামপি বধার্থমাগতত্বেন রোষ সমন্বিতঃ সন্ প্রাণৈঃ সমং অপিবৎ যতো দম্ভিন্যাং তস্যাং দুষ্টেনৈব প্রাণাপহারো যোগ্য ইতি ভাবঃ রোষ সমন্বিতত্বঞ্চ তৎ স্তন্য প্রাণ পানার্থমেবোক্তং ততশ্চ রোষরূপং তত্তেজ এব তান্ দুষ্টভাব ময়ান্ অপবিত্রানপিবৎ অশোষয়দিত্যর্থঃ কুঠার সমন্বিতো বৃক্ষমচ্ছিনদিতি বৎ স্বয়ন্ত তদনুকরণ মাত্রং কৃতবানিত্যর্থঃ ফলন্ত তদনুকরণ মাত্রাদপি স্যাদিতি সর্ব্বত্রৈবেথং ব্যাখ্যেয়ং। রোষশ্চায়মাপাতত এব পরিণামতস্ত পরম কৃপামেবা করোদিত্যাহ ভগবানিতি কারুণ্যাদি স্বগুণাব্যভিচার্য্যেব সন্নিত্যর্থঃ। এতচ্চাগ্রে ব্যঙ্গ্যং কিঞ্চেদং বাল্য লীলাবেশেঽপি তাদৃশ শক্তৌ হেতুঃ তদাবেশেঽপি সর্ব্বাসাং শক্তীনাং স সময় প্রতীক্ষকত্বাল্লীলানুরূপা প্রবৃত্তিঃ স্যাদেবেতি ভাবঃ। স্বস্তৈঃ। তত্রাপথ্যমিতি মন্বেব ইত্যন্তে বিষময় জন্তোঃ প্রাণা হি তদ্বিষয় ধাত্যা ন ভবন্তি। তত স্তদাত্মতাপাদনায় তৎ প্রাণানেব স্বপ্রাণেষু মিশ্রয়ামীতিচ মন্বে-

ক্রমসন্দর্ভঃ।

দুর্জ্জরেত্যাদিভ্যাং বিষময়ত্বং গম্যতে। আদায় আকৃষ্য। অতো দ্বিকর্ম্মকত্বং তমিতি শেষঃ। প্রপীড্য স্তনমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বীক্ষ্য অন্তস্তৈক্ষ্ণ্যে বহি র্মার্দ্দবে চ দৃষ্টান্তঃ মৃদু চর্ম্মময়ঃ কোষঃ পরিচ্ছদ আবরণং যস্য তথাভূতমসিমিবেতি তস্যাঃ প্রভয়াবধর্ষিতে অভিভূতে মৎপুত্রস্যাভ্যুদয়ায় কিমিয়মম্বিকা কিমিয়মিন্দ্রাণী মূর্ত্তিমতী ত্রৈলোক্য সম্পত্তি র্বা বাৎসল্যেন স্তন্যং পায়য়তীতি মোহিতে সত্যৌ জননী জনন্যৌ নিরীক্ষ্যমাণে এব কেবলমতিষ্ঠতাং নতু নিবারিতবত্যৌ ॥ ৮ ॥

তস্মিন্নেব স্থানে দুর্জ্জরং বিষরূপং বীর্য্যং যস্য তৎ। ঘোরা পূতনা শিশোঃ শিশবে গাঢ়ং প্রপীড্যেতি তয়া ত্যাজয়িতুমশক্যঃ সন্নিতি ভাবঃ। রোষসমন্বিত ইতি মদীয় ব্রজবালকানপীয়ং জিঘাংসতীতি রোষময়ী দুষ্ট সংহারিকাশক্তিরেবাপবিত্রান্ প্রাণান্ স্তনঞ্চাপিবদশোষয়ৎ নতু স ইতি কুঠারসমন্বিতো বৃক্ষমচ্ছিনদিতি বৎ ॥ ৯ ॥

তথাচ শ্রীকৃষ্ণের দুই জননী অর্থাৎ যশোদা ও রোহিণী তাহাকে উত্তমা স্ত্রী এবং জননীর ন্যায় চেষ্টান্বিত তথা গৃহ মধ্যে প্রবিষ্টা দেখিয়া তদীয় প্রভায় অভিভূত হইয়াছিলেন অর্থাৎ মুগ্ধ হইয়া এই অঙ্গনাই বুঝি বালকের জননী হইবে, এই রূপ বিতর্ক করত কেবল তাহার প্রতি দৃষ্টিপাত করিয়া দাঁড়াইয়াছিলেন, ইহাতে তাঁহারা নিবারণ করিবেন কি ? ॥ ৮ ॥

সে যাহা হউক, রাক্ষসী সেইস্থানে উপনীত হইয়া শিশুকে ক্রোড়ে লইল এবং দুর্জর গরল বিলেপিত স্তন পান করিতে দিল। তদ্দর্শনে ভগবান্ ক্রুদ্ধ হইয়া গাঢ় নিপীড়ন পূর্ব্বক কেবল বিষ

সা মুঞ্চ মুঞ্চালমিতিপ্রভাষিণী নিষ্পীড্যমানাখিলজীবমর্ম্মণি।
বিবৃত্য নেত্রে চরণৌ ভুজৌ মুহুর্নিস্বিন্নগাত্রা ক্ষিপতী রুরোদ হ॥ ১০॥
তস্যাঃ স্বনেনাতি গভীর রংহসা সাদ্রির্মহী দ্যৌশ্চ চচাল সগ্রহা।
রসা দিশশ্চ প্রতিনেদিরে জনাঃ পেতুঃ ক্ষিতৌ বজ্রনিপাতশঙ্কয়া॥ ১১॥
নিশাচরীত্থং ব্যথিতস্তনা ব্যসুর্ব্যাদায় কেশাংশ্চরণৌ ভুজাবপি।
প্রসার্য্য গোষ্ঠে নিজ রূপমাস্থিতা বজ্রাহতো বৃত্র ইবাপতন্নৃপ॥ ১২॥

শ্রীধরস্বামী।

বিষমপথ্যমিতি মন্বৈব তস্যাঃ প্রাণৈঃ সহাপিবৎ॥ ৯॥
চরণৌ ভুজৌচ মুহুঃ ক্ষিপন্তী নিস্বিন্নানি স্বেদযুক্তানি গাত্রাণি যস্যাঃ সা॥ ১০॥ রসাঃ রসাতলানি চ॥ ১১॥
ব্যাদায় মুখং বিবৃত্য নিজ রূপমাস্থিতা মরণসময়ে কপটমযুক্তমিতীব॥ ১২॥

বৈষ্ণবতোষণী।

বেতি ভাবঃ॥ ৯॥
মুঞ্চ মুঞ্চেতিবদলমিত্যপি বারণেঽত্রতু বীপ্সায়া অভাবঃ পুনরুক্ত্যশক্তত্বাৎ অখিল জীব মর্ম্মণি জীবনাশ্রয়ে রুরোদ উচ্চৈঃ সরোদনমার্ত্তনাদং চকার। হ হর্ষে॥ ১০॥
রসাশ্চেলুঃ প্রতিনেদুশ্চ দিশশ্চ প্রতিনেদুরেবেত্যর্থঃ। বজ্রেতি লোকে তদূর্দ্ধ শব্দস্যাপ্রসিদ্ধেঃ॥ ১১॥
নিজরূপং উলূকীস্বরূপং। গোষ্ঠে লক্ষণয়া গোষ্ঠ সমীপদেশে গোদোহার্থাবরোধন স্থলে নতু জনবাসে। নতু ক্রমাণামেব চূর্ণিতত্বেন কথ্যমানত্বাৎ চরণয়োঃ পক্ষাত্মক ভুজয়োশ্চ বিক্ষেপণোৎপতনাৎ সা খেচর্য্যে কদোৎপত্যেতি পূর্ব্ব দর্শিতত্বাচ্চ হে নৃপ এতাদৃশ কথোদ্বোধনেন নূনং পাসীতি ভাবঃ॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

রোষসমন্বিতত্বং তৎ স্তন্যপানার্থমুক্তং॥ ৯॥
ততশ্চ রোষদ্বারাপিবদনাশয়দিতি রোষরূপং তত্তেজ এব তানপিবৎ ন স্বয়মিত্যর্থঃ॥ ১০॥ ১১॥
বস্তুতস্তু ভগবান্ রোষেঽপি কারুণ্যাদি গুণাব্যভিচারী। গোষ্ঠে গোদোহার্থ গবাবরোধন স্থলে ন তু গবাদ্যাবাসে ক্রমাণামেব চূর্ণিতত্বেন কথ্যত্বাৎ॥ ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিষ্পীড্যমানা অর্থাদ্বালকেন চরণৌ ভুজৌ চ মুহুর্মুহু নিক্ষিপতী॥ ১০॥ রসা রসাতলানি চ॥ ১১॥
নিজরূপমাস্থিতা মৃত্যুপীড়িতয়া তয়া নিজমায়য়া রক্ষিতুমশক্যত্বাৎ॥ ১২॥

অপথ্য বিবেচনা করত তাহার প্রাণের সহিত পান করিতে আরম্ভ করিলেন॥ ৯॥

সমস্ত জীবমর্ম্মে নিষ্পীড্যমানা হওয়াতে সেই রাক্ষসী সহ্য করিতে না পারিয়া বারম্বার ছাড় ছাড় বলিতে লাগিল এবং দুই চক্ষু বিবৃত করিয়া মুহুর্মুহুঃ হস্ত ও পদ ক্ষেপণ করিতে ২ রোদন আরম্ভ করিল। স্তনাকর্ষণের বেগে তাহার গাত্র ঘর্ম্মে পরিপূর্ণ হইল॥ ১০॥

হে রাজন্! পূতনার অতি গভীর বেগান্বিত শব্দে পর্ব্বতসহ পৃথিবী এবং গ্রহ নক্ষত্র সমেত নভোমণ্ডল বিচলিত তথা রসাতল ও দিক্ সকল প্রতিধ্বনিত হইল। অধিকন্তু, যাবতীয় জীব বজ্রনিপাত শঙ্কায় ভূতলে পড়িয়া গেল॥ ১১॥

সে যাহা হউক, ঐ নিশাচরী ঐ প্রকার ব্যথিত স্তনা ও বিগত প্রাণা হইয়া বিবেচনা করিল মরণ সময়ে কপটতা যুক্ত নহে অতএব মুখ ব্যাদান এবং কেশ, চরণ তথা হস্তদ্বয় প্রসারিত করিয়া আপনার রূপ অবলম্বন করিল। হে নৃপ! পরে বৃত্রাসুর বজ্রাহত হইয়া যে রূপে পড়িয়াছিল সেই রূপে পতিতা হইল॥ ১২॥

পতমানোঽপি তদ্দেহস্ত্রিগব্যূত্যন্তর দ্রুমান্। চূর্ণয়ামাস রাজেন্দ্র মহদাসীত্তদদ্ভুতং ॥ ১৩॥
ঈশামাত্রোগ্র দংষ্ট্রাস্যং গিরিকন্দরনাসিকং। গণ্ডশৈলস্তনং রৌদ্রং প্রকীর্ণারুণ মূর্দ্ধজং ॥ ১৪ ॥
অন্ধকূপ গভীরাক্ষং পুলিনারোহ ভীষণং। বদ্ধসেতু ভুজোর্ব্বঙ্ঘ্রি শূন্যতোয় হ্রদোদরং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

পতন্নপি তস্যাঃ দেহঃ ষট্ক্রোশ মধ্যবর্ত্তিনো দ্রুমাংশ্চূর্ণীচকার ॥ ১৩॥

ঈশা লাঙ্গল দণ্ডঃ তৎপ্রমাণা উগ্রা দংষ্ট্রা যস্মিন্ তথাভূতমাননং যস্মিন্ তৎ তস্যাঃ কলেবরং বীক্ষ্য গোপা গোপ্যশ্চ সংতত্রসুঃ সংত্রস্তাঃ সংত্রাস হেতুত্বেন পুনরুক্তিঃ পদে বিশিনষ্টি গিরি কন্দর ইব নাসিকে যস্মিন্ তৎ গিরেশ্চ্যুতৌ স্থূলোপলৌ তাবিব স্তনৌ যস্মিন্ তৎ। রৌদ্রং ঘোরং প্রকীর্ণা অরুণা মূর্দ্ধজা যস্মিন্ তৎ ॥ ১৪ ॥

অন্ধকূপাবিব গভীরে অক্ষিণী যস্মিন্ তৎ। পুলিনবদারোহৌ জঘনে তাভ্যাং ভীষণং। বদ্ধাঃ সেতব ইব ভুজৌ উরূ অঙ্ঘ্রী চ

বৈষ্ণবতোষণী।

তত্রান্যদাশ্চর্য্যমাহ পতেতি। ন কেবলং জীবন্নেব জীবান্ জঘান ম্রিয়মাণো হপ্যতিতরামিত্যপি শব্দার্থঃ তদেব ষট্ ক্রোশী দ্রুম চূর্ণিত্বং তত্রাপি তন্মাত্রং চূর্ণিতত্বং যত্তদদ্ভুতং মহদেবাসীৎ স এষচ তস্যাঃ শ্রীভগবল্লীলা শক্তেরেব মহিমা ইত্যবগময়িতুং স্তৌতি রাজেন্দ্রেতি ॥১৩

ঈশেতি ত্রিকং। রৌদ্রত্বমেব দর্শয়তি ঈশেত্যাদ্যষ্ট বিশেষণৈঃ। তত্রচ ভীষণমিতি পুনরুক্তি র্জঘনয়োরতিভয়ঙ্করত্বাভিপ্রায়েণ পূর্ব্বং তস্যা নিষ্ঠুরতরনাদেনাধুনাচ তদ্বালহরণমজানন্তো গোপা গোপ্যশ্চ তাদৃগ্দেহ দর্শনেন সম্যক্ ত্রস্তা বভূবুরিত্যর্থঃ স্ব প্রসিদ্ধৌ এতদ্ব্যক্তমেবেত্যর্থঃ ॥ ১৪ ॥

অথ বাল হরণবৃত্তং জানন্ত্যঃ শ্রীযশোদানিকটস্থা গোপাস্তু মোহব্যাপ্তে শ্রীযশোদা রোহিণ্যৌ পরিত্যজ্য বিদ্রুতা স্তস্মাৎ তক দেহাত্তং বালং গৃহীত্বা গৃহমানীতবত্য ইত্যাহ বালং চেতি। তত্র বালমিতি তথাপি তল্লীলামাত্রাবিকারেণ তাসাং তদ্বুদ্ধ্যা স্নেহ বৃদ্ধিঃ সূচিতা বালত্বাদেবাকুতোভয়ং বস্তুতস্তু ন কুতোঽপি ভয়মন্তেষামপি যস্মাৎ তং। অতএব তস্যা উরসি ক্রীড়ন্তং সহসাবলোকপূর্ব্বক শ্রীহস্ত পাদ নর্ত্তনাদিনা ক্রীড়াং কুর্ব্বন্তং অতএব জাতঃ সংভ্রমো বিস্ময়ো হর্ষাবেগো বা যাসাং তথাভূতাঃ সত্যঃ সাক্ষাৎ পতিত পূতনা মহোচ্চ দেহারোহণে হপ্যতির্য্যক্ তন্নাভিমুখং গত্বা জগৃহুর্যতো গোপ্যঃ শ্রীকৃষ্ণে সহজ স্নেহাকুলত্বেন প্রসিদ্ধাস্তেনৈব সর্ব্ব শক্তিমত্যশ্চে-

ক্রমসন্দর্ভঃ।

পতেতি। অত্র তাবৎ দ্রুমচূর্ণয়িতৃত্বং তথাপি ন মনুষ্য গবাদি বর্জ্জিত্বং চেত্যুভয়মত্রাদ্ভুতং। তচ্চ ভগবচ্ছক্তি ব্যঞ্জকমেব ॥ ১৩॥১৪॥১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পতমানঃ পীড়াবৈয়গ্র্যবশাদস্তঃ পুরাত্তস্মাদুৎপ্লুত্য গ্রামমপ্যুল্লঙ্ঘ্য তদ্বহিঃপ্রদেশে পতন্নিত্যর্থঃ। অপি কারেণ ন কেবলং জীবন্ত্যেব সা জীবান্ জঘান অপিতু মৃতাপীতি ভাবঃ। ষট্ক্রোশ মধ্যবর্ত্তিনো দ্রুমান্ তাবতাং দ্রুমাণাং চূর্ণনং দ্রুমমাত্র চূর্ণনং গ্রামোল্লঙ্ঘনং চেত্যত্যদ্ভুতং দ্রুমাশ্চ তে কংসারামস্থা স্তদ্ভোগ্য ফলা ইতি বৈষ্ণবতোষণী ॥ ১৩ ॥

তস্যা কলেবরং বীক্ষ্য গোপাগোপ্যশ্চ তত্রসুঃ। ঈশা লাঙ্গল দণ্ড স্তৎপ্রমাণা উগ্রদংষ্ট্রা যস্মিং স্তদাস্যং যস্য। পুলিনবদারোহো-জঘনং তেন ভীষণং। বদ্ধাঃ সেতব ইব ভুজাবূরূ অঙ্ঘ্রী চ যস্মিন্ তৎ শূন্যতোয়হ্রদ ইব উদরং যস্মিন্ তৎ। পূর্ব্বস্তু তস্যাঃ শব্দেন ভিন্নানি বিদীর্ণানি হৃদাদীনি যেষাং তে তাশ্চ ॥ ১৪ ॥ ১৫ ॥

হে রাজেন্দ্র! পূতনারাক্ষসীর দেহ পতিত হইবার সময় ছয় ক্রোশের মধ্যে যত বৃক্ষ ছিল সমুদায় চূর্ণ করিয়া ফেলে, অতএব তাহার পতন অদ্ভুত হইয়াছিল ॥ ১৩ ॥

ফলতঃ পূতনার দেহ অতিশয় ভয়ানক, তাহার বদনে লাঙ্গল দণ্ডের প্রমাণ উগ্র দশন, নাসিকা-দ্বয় গিরিকন্দরের তুল্য, দুই স্তন দুইটা গণ্ডশৈল অর্থাৎ ক্ষুদ্র পর্ব্বত সদৃশ, মস্তকে অরুণবর্ণ কেশ কলাপ প্রকীর্ণ ॥ ১৪ ॥

নেত্রদ্বয় অন্ধকূপের তুল্য গভীর, জঘনদ্বয় নদীর পুলিন সমান, ভুজ-দ্বয়, উরু-দ্বয় এবং পদ-দ্বয় বদ্ধ সেতুর সদৃশ, উদর জলশূন্যহ্রদসম, সুতরাং সর্ব্বতোভাবে ভীষণ ॥ ১৫ ॥

সংতত্রসুঃ স্ম তদ্বীক্ষ্য গোপা গোপ্যঃ কলেবরং। পূর্ব্বন্তু তন্নিস্বনিত ভিন্নহৃৎ কর্ণ মস্তকাঃ।
বালঞ্চ তস্যা উরসি ক্রীড়ন্তমকুতোভয়ং। গোপ্যস্তূর্ণং সমভ্যেত্য জগৃহু র্জাত সংভ্রমাঃ।
যশোদা রোহিণীভ্যাং তাঃ সমং বালস্য সর্ব্বশঃ। রক্ষাং বিদধিরে সম্যক্ গোপুচ্ছভ্রমণাদিভিঃ১৬
গোমূত্রেণ স্নাপয়িত্বা পুনর্গোরজসার্ভকং। রক্ষাং চ চক্রুঃ শকৃতা দ্বাদশাঙ্গেষু নামভিঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

যস্মিন্ তৎ। শূন্যতোয় হ্রদ ইব উদরং যস্মিন্ তৎ ॥ ১৫ ॥

পূর্ব্বমেব তস্যা শব্দেন ভীতাঃ পুনর্দ্দর্শনেনাতি তত্রসুরিত্যাহ পূর্ব্বস্থিতি। তস্যা নিষ্টনিতং শব্দস্তেন নির্ভিন্নানি হৃৎ কর্ণ মস্তকানি যেষাং তে ॥ ১৬ ॥

দ্বাদশাঙ্গেষু ললাটাদিষু কেশবাদি দ্বাদশ নামভিঃ ॥ ১৭ ॥

বৈষ্ণবতোষণী।

ত্যর্থঃ তথৈব হ্যাসাদি তত্বজ্ঞানমপি বক্ষ্যতে এতাহি প্রায়ঃ শ্রীব্রজেশ্বরীসবয়স্কা জ্ঞেয়া মাতৃবৎ স্নেহেন রক্ষাদ্যাচরণাৎ ॥ ১৫ ॥

বালস্যেতি স্নেহভরেণ তাদৃশ রক্ষা যোগ্যত্বং বোধয়তি এবমগ্রেহপি যশোদারোহিণীভ্যাং সমমিতি তয়োঃ প্রাক্ পুত্রারিষ্টশঙ্কয়াতি ব্যাকুলত্বেন কিঞ্চিৎ কর্ত্তুমশক্তেঃ তত্রাপ্রাধান্যাৎ সাহিত্যঞ্চ তয়োঃ সম্যক্ শোকোপশমনার্থং জ্ঞেয়ং। সর্ব্বশ ইতি বহ্বর্থাৎ কারকাৎ মাঙ্গলিকার্থোহয়ং শস্ প্রত্যয়ঃ। বাহ্যাভ্যন্তরাদি ভেদেন সর্ব্বত্রৈবেত্যর্থঃ। সম্যগুত্তম প্রকারং যথাস্যাৎ। আদি শব্দেন শর্ষপ নির্ম্মঞ্ছন শূর্পকোণ স্পর্শাদীনি ॥ ১৬ ॥

সম্যক্ত্বমেব দর্শয়তি গোমূত্রেণেতি। ললাটাদি দ্বাদশাঙ্গেষু কেশবাদি দ্বাদশ নামভিঃ শকৃতা গোময়েন রক্ষাং চক্রুঃ তানিচ বিবিচ্যোক্তানি পাদ্মোত্তরখণ্ডে তিলকনির্ম্মাণবিধৌ। ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে। বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে। বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌচ মধুসূদনং। ত্রিবিক্রমং কন্ধরেতু বামনং বাম পার্শ্বকে। শ্রীধরং বামবাহৌতু হৃষীকেশন্তু কন্ধরে। পৃষ্ঠেতু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ইতি এবং সহজ পরম বৈষ্ণবতয়া শ্রীভগবন্নামভিরেব রক্ষাবিধিঃ কৃত ইতি জ্ঞেয়ং ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীযশোদাদ্যোরপ্রাধান্যং শোকবৈবশ্যেন ॥ ১৬ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উরসি পর্ব্বতবদ্ভুঙ্গে ক্রীড়ন্তং। প্রবেষ্টুং সূতিকাগারমনীশানাং বনৌকসাং। দিদৃক্ষা পূর্ত্তস্ব ইব নিষ্ক্রান্তং স্বপুরাদ্বহিঃ ॥ ১৬ ॥

রক্ষাবিধানে যশোদা রোহিণ্যোরপ্রাধান্যং তয়োঃ শোকোত্থ বৈয়গ্রাতিশয়েন। সর্ব্বতঃ সর্ব্বেষ্বঙ্গেষু। আদিশব্দেন সর্ষপ নির্মঞ্ছন সূর্পকোণ স্পর্শনাদীনি ॥

শকৃতা গোময়েন দ্বাদশাঙ্গেষু ললাটাদিষু নামভিঃ কেশবাদ্যৈঃ ॥ ১৭ ॥

অতএব সেই দেহ দর্শন করিয়া গোপ গোপী সকলেরই মহাভয় জন্মিল। ইতি পূর্ব্বে ঐ রাক্ষসীর গভীর ধ্বনিতে তাহাদের হৃদয় কর্ণ মস্তক নির্ভিন্ন হইয়াছিল। সে যাহা হউক, মৃতা রাক্ষসীর বক্ষঃস্থলে আপনাদের বালককে ক্রীড়া করিতে দেখিয়া গোপীগণ সম্ভ্রমান্বিত হইলেন এবং শীঘ্র সমীপে গিয়া শিশুকে তুলিয়া লইলেন। অনন্তর যশোদা ও রোহিণীর সহিত মিলিয়া গোপুচ্ছ চালনাদি দ্বারা সর্ব্ব প্রকারে তাঁহার রক্ষাবিধান আরম্ভ করিলেন ॥ ১৬ ॥

প্রথমতঃ গোমূত্র দ্বারা স্নান করাইয়া পুনর্ব্বার বালকের অঙ্গে গোরজঃ সকল লেপন করিয়া দিলেন, তদনন্তর গোময় দ্বারা ললাটাদি দ্বাদশ অঙ্গে কেশবাদি দ্বাদশ নাম অর্থাৎ ললাটে কেশব, উদরে নারায়ণ, বক্ষঃস্থলে মাধব, কণ্ঠকূপে গোবিন্দ, দক্ষিণ কুক্ষিতে বিষ্ণু, দক্ষিণ বাহুতে মধুসূদন, দক্ষিণ কন্ধরে ত্রিবিক্রম, বাম কুক্ষিতে বামন, বাম বাহুতে শ্রীধর, বাম কন্ধরে হৃষীকেশ, পৃষ্ঠে পদ্মনাভ এবং কটিতে দামোদর এইরূপ নামোল্লেখ পূর্ব্বক তিলক দিয়া রক্ষা বন্ধন করিলেন ॥ ১৭ ॥

গোপ্যঃ সংস্পৃষ্টসলিলা অঙ্গেষু করয়োঃ পৃথক্। ন্যস্যাত্মন্যথ বালস্য বীজন্যাসমকুর্ব্বত ॥ ১৮ ॥
অব্যাদজোঽঙ্ঘ্রি মণিমাংস্তব জান্বথোরূ যজ্ঞোঽচ্যুতঃ কটিতটং জঠরং হয়াস্যঃ।
হৃৎকেশবস্ত্বদুর ঈশ ইনস্তু কণ্ঠং বিষ্ণুর্ভুজং মুখমুরুক্রম ঈশ্বরঃ কং ॥ ১৯ ॥
চক্র্যগ্রতঃ সহগদো হরিরস্তু পশ্চাৎ ত্বৎপার্শ্বয়োর্ধনুরসী মধুহাজনশ্চ।

শ্রীধরস্বামী।

অনাচান্তা এবং প্রথম মতিসম্ভ্রমেণৈবং রক্ষাং কৃত্বা কিঞ্চিল্লব্ধাশ্বাসাঃ পুনস্তাৎপর্য্যেণ বীজন্যাসমকুর্ব্বতেত্যাহ সংস্পৃষ্ট সলিলা আচান্তাঃ আত্মনি প্রথমং অঙ্গেষু করয়োঃ পৃথক্ অজাদ্যেকাদশ বীজানাং মধ্যে করশুদ্ধৌ ত্রীণি করয়োঃ সন্ধিষু চত্বারি তথা অঙ্গুল্যাদাবেকৈকস্মিন্নঙ্গে অজাদ্যেকৈকং বীজং নিধায় বালস্যাপ্যঙ্গেষু তথৈবাকুর্ব্বতঃ ॥ ১৮ ॥

অঙ্ঘ্রি অঙ্ঘ্রী জানু জানুনী ভুজং ভুজৌ কং শিরঃ ॥ ১৯ ॥

তথা দিক্ষু রক্ষামকুর্ব্বন্নিত্যাহ চক্র্যগ্রত ইতি। চক্র সহিতো হরি স্তবাগ্রতোঽস্তু সহগদো গদাসহিতো হরি স্তব পশ্চাদস্তু ত্বৎ-

বৈষ্ণবতোষণী।

অথ রক্ষান্তরং গোপ্য ইতি যশোদা রোহিণ্যৌ ব্যাবর্ত্তয়তি পূর্ব্ববৎ অতএব বক্ষ্যতেঽপি গোপীভিরিতি মাতেতিচ পৃথক্ত্বেন তাভ্য স্তত্র বক্ষ্যমাণ রীত্যা অজাদীশ্বরান্তৈকাদশ বীজানি সানুস্বার তত্তদাদ্যক্ষর রূপাণি নমঃ শব্দান্তানি জ্ঞেয়ানি ॥ ১৮ ॥

ততশ্চ পদ্যেরেতৈ রক্ষাং চক্রুরিত্যাহ অব্যাদিতি। অঙ্ঘ্রি জান্বিত্যনয়োঃ সুপাং সুলুগিত্যাদি ছান্দস সূত্রেণ সুপ্লুক্ ভুজমিত্যত্র সুপাং সুপ ইতি ঔট্ স্থানে অমাদেশঃ। অজাদ্যাঃ কেশবাদিবত্তত্তন্নামপ্রধানা মূর্ত্তিভেদাঃ। মণিমানিত্যপি তন্নামা ভগবৎপ্রাদুর্ভাব বিশেষঃ হৃৎ জীবাধারপদ্মং উরো বক্ষঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

বীজং অজাদীনাং প্রথমাক্ষরং সানুস্বারং ॥ ১৮ ॥

অঙ্ঘ্রি জান্বিতি সুপাং সুলুগিত্যাদিনা সুলুক্ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রথমমনাচান্তা এবাতিসম্ভ্রমেণৈব রক্ষাং কৃত্বা পশ্চাল্লব্ধাশ্বাসা যথাবিধানমেব রক্ষাং চক্রুরিত্যাহ গোপ্য ইতি। সংস্পৃষ্ট সলিলা আচান্তাঃ। আত্মনি আত্মনঃ অঙ্গেষু করয়োশ্চ স্বস্য অঙ্গন্যাস করন্যাসৌ কৃত্বেত্যর্থঃ। অথ অনন্তরং বালস্যাঙ্গেষজ্ঞ্ব্যাদিষু বীজস্যাজাদি নামাদ্যেকৈকাক্ষরস্য সানুস্বারস্য নমঃশব্দান্তস্য ন্যাসং। তেন অং নমোঽজস্তবাঙ্ঘ্রী অব্যাৎ মং নমো মণিমাংস্তব জানুনী অব্যাদিত্যেবং প্রয়োগঃ ॥ ১৮ ॥

ততশ্চ পদ্যৈরেতৈ রক্ষাং চক্রুরিত্যাহ অব্যাদিতি অঙ্ঘ্রি অঙ্ঘ্রী। মণিমান্ তন্নামা ভগবৎপ্রাদুর্ভাব বিশেষঃ। জানু জানুনী যজ্ঞে ঽচ্যুত ইতি সন্ধিরার্ষঃ। যজ্ঞোঽচ্যুত ইতি চ পাঠঃ। হৃৎ জীবাধারপদ্মং উরো বক্ষঃ ॥ ১৯ ॥

তথা দিক্ষু রক্ষামকুর্ব্বন্নিত্যাহ। চক্র্যগ্রত ইতি চক্র সহিতো হরি স্তবাগ্রতো ঽস্তু। সহগদো গদাসহিতো হরিস্তব পশ্চাদস্তু। ত্বৎ-

তাহার পর গোপীসকল জল স্পর্শ পূর্ব্বক আচমন করিয়া প্রথমে আপনাদের সকল অঙ্গে তথা কর-দ্বয়ে অজাদি একাদশ বীজ ন্যাস করিলেন শেষে বালকের অঙ্গেও তদ্রূপ করিয়া দিলেন ॥ ১৮ ॥

হে রাজন্! গোপীরা এই বলিয়া বীজন্যাস করিয়াছিলেন যথা-ভগবান্ অজ তোমার পদদ্বয় রক্ষা করুন, অণিমান্ তোমার জানু-দ্বয় রক্ষা করুন, যজ্ঞ তোমার উরু-দ্বয় রক্ষা করুন, অচ্যুত তোমার কটিতট রক্ষা করুন, হয়গ্রীব তোমার জঠর রক্ষা করুন, কেশব তোমার হৃদয় রক্ষা করুন, ঈশ তোমার উদর রক্ষা করুন, ইন অর্থাৎ সূর্য্যদেব, তোমার কণ্ঠদেশ রক্ষা করুন, বিষ্ণু তোমার ভুজ-দ্বয় রক্ষা করুন, উরুক্রম তোমার মুখ রক্ষা করুন, ঈশ্বর তোমার মস্তক রক্ষা করুন ॥ ১৯ ॥

অপর, চক্রপাণি তোমার অগ্রে থাকুন, হরি গদা ধারণ পূর্ব্বক তোমার পশ্চাৎ ভাগে থাকুন, ধনু-

কোণেষু শঙ্খ উরুগায় উপর্য্যুপেন্দ্র স্তার্ক্ষ্যঃ ক্ষিতৌ হলধরঃ পুরুষঃ সমন্তাৎ ॥ ২০ ॥
ইন্দ্রিয়াণি হৃষীকেশঃ প্রাণান্নারায়ণোঽবতু। শ্বেতদ্বীপপতিশ্চিত্তং মনোযোগেশ্বরোঽবতু ॥ ২১ ॥
পৃশ্নিগর্ভস্তু তে বুদ্ধিমাত্মানং ভগবান্ পরঃ। ক্রীড়ন্তং পাতু গোবিন্দঃ শয়ানং পাতু মাধবঃ।
ব্রজন্তমব্যাদ্বৈকুণ্ঠ আসীনং ত্বাং শ্রিয়ঃপতিঃ। ভুঞ্জানং যজ্ঞভুক্ পাতু সর্ব্বগ্রহ ভয়ঙ্করঃ।
ডাকিন্যো যাতুধান্যশ্চ কুষ্মাণ্ডা যেঽর্ভকগ্রহাঃ। ভূতমাতৃ পিশাচাশ্চ যক্ষরক্ষো বিনায়কাঃ।

শ্রীধরস্বামী।

পার্শ্বয়োর্ধ্বূর্ধরো মধুহা অসিধরো হজনশ্চ আস্তাং শঙ্খধর উরুগায়ঃ কোণেষু ক্ষিতৌ হধস্তাৎ ॥ ২০ ॥
এবং বহীরক্ষাং কৃত্বা অন্তরঙ্গ রক্ষামকুর্ব্বন্নিত্যাহ ইন্দ্রিয়াণীতি ॥ ২১ ॥

বৈষ্ণবতোষণী।

তার্ক্ষসহিতঃ উপেন্দ্রঃ পুরুষঃ পুরুষোত্তমঃ ॥ ২০ ॥
ইন্দ্রিয়াণীতি সার্দ্ধকং। অবস্থিতি পুনরুক্তী রক্ষণেত্যস্ত বৈয়গ্র্যাৎ এবমগ্রে পাস্বিত্যাদ্যপি পরো ভগবান্ যঃ স্বয়ং ভগবানিত্যর্থঃ। সরস্বতী সম্বাদাশ্চায়ং। তেষাং তদংশত্বেন মমতাস্পদত্বাৎ স্বস্ত স্বয় ংভগবত্বেনৈবাহন্তাস্পদত্বাচ্চ অংশেনাংশস্ত রক্ষা ভবতু স্বয়ঞ্চ স্বস্যেতি প্রার্থয়ামহ ইত্যর্থঃ। অত স্তত্তদদ্ভাবতারাস্তদাবরণ রূপাশ্চ তে তে ইতি জ্ঞেয়ং ॥ ২১ ॥
ক্রীড়ন্তমিতিচ সার্দ্ধকং। গোবিন্দ ইত্যাদিকস্ত তত্তৎ ক্রীড়াদ্যনুরূপেণ তত্র গোবিন্দ গো মধ্যে ক্রীড়াপরঃ কশ্চিদ্দেব ইতি তাসাং ভানং। মাধবঃ লক্ষ্মীসংবাহ চরণঃ শেষশায়ী বৈকুণ্ঠো বিকুণ্ঠাসুতো জয় বিজয় সনকাদি সমাধানার্থং কৃপয়া স্বয়ং পাদব্রজ্যয়ৈব বহির্নিগতো যঃ স ইত্যর্থঃ। শ্রিয়ঃপতিঃ পরমব্যোম সিংহাসনস্থো মহানারায়ণঃ। যজ্ঞভুক্ স্পষ্ট এবেতি। সর্ব্ব গ্রহ ভয়ঙ্কর ইত্যস্য সর্ব্বৈরপ্যন্বয়ঃ। ক্রীড়াদিষু গ্রহদোষেভ্যোঽপি রক্ষার্থং ॥

ক্রমসন্দর্ভঃ।

তার্ক্ষসহিত উপেন্দ্রঃ পুরুষঃ প্রকৃতিদ্রষ্টা ॥ ২০ ॥ ২১ ॥
পরো ভবান্ স্বয়ং ভগবানিত্যর্থঃ। সরস্বতী সম্বাদশ্চায়ং। অতস্তে বিষ্ণোরিতি চ বক্ষ্যতে তেষাং তদংশত্বেন মমতাস্পদত্বাৎ। স্বস্য স্বয়ং ভগবত্বেনৈবাহন্তাস্পদত্বাচ্চ অংশেনাংশ রক্ষা ভবতু স্বয়ঞ্চ স্বস্য ইতি প্রার্থয়ামহ ইত্যর্থঃ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পার্শ্বয়োর্ধ্বূর্ধরো মধুহা অসিধরো হজনশ্চাস্ত। কোণেষু শঙ্খধর উরুগায়োঽস্ত উপর্য্যুপেন্দ্রো ঽস্ত তার্ক্ষ্যঃ ক্ষিতাবধস্তাদস্ত। হলধরঃ পুরুষঃ সমন্তাদস্ত ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥

র্ধারী মধুহা এবং অসিধারী অজন তোমার পার্শ্ব-দ্বয়ে অবস্থিত হউন, শঙ্খধারী উরুগায় তোমার কোণসমূহে থাকুন, উপেন্দ্র তোমার উপরে এবং গরুড় অধোভাগে আর হলধারী পুরুষ তোমার সর্ব্ব দিকে রক্ষার্থ অবস্থিত হউন ॥ ২০ ॥

এই প্রকারে বহির্ভাগে রক্ষা করিয়া পরে অন্তরের রক্ষা করত কহিতে লাগিলেন, বৎস! হৃষীকেশ তোমার ইন্দ্রিয় সকল রক্ষা করুন, নারায়ণ তোমার প্রাণ সকল রক্ষা করুন। শ্বেতদ্বীপপতি তোমার চিত্ত রক্ষা করুন। যোগেশ্বর তোমার মনঃ রক্ষা করুন ॥ ২১ ॥

অপর, পৃশ্নিগর্ভ তোমার বুদ্ধি রক্ষা করুন, ভগবান্ স্বয়ং তোমার অহঙ্কার রক্ষা করুন, গোবিন্দ তোমাকে ক্রীড়ার সময়ে রক্ষা করুন, মাধব তোমাকে শয়ন কালে রক্ষা করুন, বৈকুণ্ঠ তোমাকে গমন কালে রক্ষা করুন, শ্রীপতি তোমাকে উপবেশন সময়ে রক্ষা করুন, সর্ব্বগ্রহের ভয়কারী যজ্ঞভোক্তা তোমাকে ভোজন কালে রক্ষা করুন, অপর ডাকিনী গণ, রাক্ষসী সকল তথা বালগ্রহ ও

কোটরা রেবতী জ্যেষ্ঠা পূতনা মাতৃকাদয়ঃ। উন্মাদা যে হ্যপস্মারা দেহ প্রাণেন্দ্রিয় দ্রুহঃ।
স্বপ্নদৃষ্টা মহোৎপাতা বৃদ্ধ বাল গ্রহাশ্চ যে। সর্ব্বে নশ্যন্তি তে বিষ্ণো র্নাম গ্রহণভীরবঃ ॥ ২২ ॥
ইতি প্রণয়বদ্ধাভি র্গোপীভিঃ কৃতরক্ষণং। পায়য়িত্বা স্তনং মাতা সংন্যবেশয়দাত্মজং।
তাবন্নন্দাদয়ো গোপা মথুরায়া ব্রজং গতাঃ। বিলোক্য পূতনাদেহং বভূবু রতিবিস্মিতাঃ ॥ ২৩ ॥
নূনং বতর্ষিঃ সংজাতো যোগেশো বা সমাস সঃ। স এব দৃষ্টো হ্যুৎপাতো যমাহানকদুন্দুভিঃ।

শ্রীধরস্বামী।

আত্মানং অহঙ্কারং ॥ ২২ ॥

সংন্যবেশয়ৎ শায়য়ামাস ॥ ২৩ ॥

বৈষ্ণবতোষণী।

ডাকিন্য ইতি ত্রিকং। আদি শব্দাচ্চ বকী জ্বালামুখাদ্যা দেব্যা গণাঃ। বালগ্রহা ইতি পুনরুক্তি র্বালকে তেভ্যো ভয়াধিক্যাৎ। কেচিদাহুরর্ভক রূপেণ যে প্রাণিনো গৃহ্নন্তি তেঽর্ভকগ্রহাঃ পিশাচ ভেদা ইতি ॥ ২২ ॥

ইতি এবং কৃতং রক্ষণং রক্ষা যস্য তং। তত্র হেতুঃ প্রণয়েন স্নেহেন বদ্ধাভি র্বশীকৃতাভিঃ। ইতি শ্রীযশোদা গৃহে বদ্ধবত্তাসাং ধাত্রী-তয়া সদাবস্থিতিঃ। তথাচ শ্রীভগবদর্থং পরম ব্যগ্রতয়া বিবিধ ব্যাপারতাচ জ্ঞেয়া। স্তনং পায়য়িত্বেতি মাতুঃ স্নেহ স্বভাবতঃ। তথা লোকে স্তনপানেন বালস্য স্বাস্থ্যজ্ঞানাচ্চ ॥

তাবদিতি গমনে শৈঘ্র্য মুক্তং মথুরাপুর্য্যাঃ সকাশাৎ ব্রজং ব্রজদর্শন যোগ্য দেশং প্রাপ্তাঃ বিলোক্য দূরতো বিবিধ কল্পনয়া নিভাল্য পর্ব্বতাকারত্বেন দূরত এব দর্শনাসম্ভবাৎ তত্রচ শ্রীবসুদেবোক্ত সম্বাদেনাত্যন্ত বিস্মিতা ইত্যর্থঃ ॥ ২৩ ॥

অতি বিস্মিতানাং তেষামন্যোন্যোক্তিমাহ। নূনমিতি বিতর্কে স আনকদুন্দুভিঃ প্রাগেতাদৃশো নাসীৎ। অধুনাচ ঋষিঃ সম্যগ্জাতো-বৃত্তঃ ঋষিবাক্যস্যৈব প্রামাণ্যাৎ। নন্বৃষিত্ব চিহ্নং কিমপি ন দৃষ্টং ইত্যাশঙ্ক্য পক্ষান্তরমাহ যোগেশ ইতি। অন্তরুপাসনা নিষ্ঠঃ সংশব্দাভ্যাং

ক্রমসন্দর্ভঃ।

অত স্তত্তদঙ্গাবতারা স্তদাবরণ রূপাশ্চ তে ত ইতি জ্ঞেয়ং। অর্ভক বালগ্রহয়োরৈকার্থ্যেন পুনরুক্তি র্বালকেভ্যো ভয়াধিক্যাৎ ॥২২
তাবদিতি বিলোক্য জ্ঞাত্বা তচ্চ দূরতোঽপি দর্শনেন যৎ কিঞ্চিচ্ছ্রবণেন চেতি জ্ঞেয়ং। যে নীচজাতয়ো ব্রজৌকসস্ত এবেত্যর্থঃ ॥২৩।২৪

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রণয় রসনয়া যশোদা গৃহ এব বদ্ধাভিঃ। পায়য়িত্বেতি স্তনপানমেব বালানাং স্বাস্থ্যলক্ষণমিতি ভাবঃ। সংন্যবেশয়ৎ শায়য়ামাস ॥২৪

অতি বিস্মিতাঃ কিং শক্রেণ ভ্রমাদচ্ছিন্নপক্ষঃ কোঽপি পর্ব্বতো নভোব্যাপিনোঽপ্যত্র ত্যান্ মহীরুহাং শ্চূর্ণয়িত্বা পপাত। কিম্বা বয়মেব সাহজিক্যা ভ্রান্ত্যা কয়াপি যোগিন্যা বা দেশান্তরং প্রাপিতাঃ স্মঃ। কিম্বা কস্যাপৈন্দ্রজালিকস্যেদং কর্ম্মেতি সন্দিহানা ইত্যর্থঃ ॥ ২৩ ॥

তত্র শ্রীব্রজরাজস্য নিশ্চিনোতি নূনং নিশ্চিতমেব ঋষিরস্মৎকুলে বসুদেবঃ সর্ব্বজ্ঞত্বাদনুমীয়তে। যোগেশো হটাঙ্গযোগাভ্যাসী যোগজ নেত্রেণ ভাবি বৃত্ত দর্শিত্বাৎ সমাস সম্যগ্দীপ্যতে স্ম। অস দীপ্তৌ ॥

কুষ্মাণ্ড প্রভৃতি ভূতগণ, মাতৃগণ, পিশাচগণ, তথা যক্ষ, রাক্ষস, বিনায়ক সকল এবং কোটরা, রেবতী জ্যেষ্ঠা, পূতনা, মাতৃকা প্রভৃতি, তথা উন্মাদ, অপস্মার, যাহারা দেহ, প্রাণ ও ইন্দ্রিয় দ্রোহী। অপর স্বপ্ন দৃষ্ট মহা মহা উৎপাত এবং বৃদ্ধগ্রহ, বাল গ্রহ প্রভৃতি যত আছে, সকলেই বিষ্ণুর নাম গ্রহণে ভীত হইয়া বিনষ্ট হউক ॥ ২২ ॥

হে রাজন্! গোপীরা প্রণয় বদ্ধ হইয়া ঐ প্রকারে রক্ষা বন্ধন করিলে মাতা আত্মজকে স্তনপান করাইয়া শয্যায় শয়ন করাইলেন। এই সময়ে নন্দাদি গোপগণ মথুরা হইতে ব্রজে আসিলেন। পূত-নার মৃতদেহ দেখিয়া তাঁহাদের সাতিশয় বিস্ময় জন্মিল ॥ ২৩ ॥

পরস্পর কহিতে লাগিলেন কি আশ্চর্য্য! আমাদের বোধ হয় বসুদেব সম্প্রতি ঋষি অর্থাৎ তপঃ

কলেবরং পরশুভিশ্ছিত্ত্বা তত্তে ব্রজৌকসঃ। দূরে ক্ষিপ্ত্বাবয়বশো নির্দ্দেহুঃ কাষ্ঠবেষ্টিতং ॥ ২৪ ॥
দহ্যমানস্য দেহস্য ধূমশ্চাগুরুসৌরভঃ উত্থিতঃ। কৃষ্ণনির্ভুক্ত সপদ্যাহতপাপ্মনঃ ॥ ২৫ ॥
পূতনা লোকবালঘ্নী রাক্ষসী রুধিরাশনা। জিঘাংসয়াপি হরয়ে স্তনং দত্ত্বাপ সদ্গতিং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

বিস্ময়মেবাহ নূনমিতি। বত বিস্ময়ে সাম্প্রতং স ঋষিঃ তপঃ প্রভাববান্ যোগেশো জ্ঞানী বা সম্যগাস যতঃ স এব দৃষ্ট ইতি ॥ ২৪ ॥
বিস্ময়ান্তরমাহ দহ্যমানস্যেতি। কৃষ্ণেন নির্ভুক্ত অতএব সপদ্যাহতঃ পাপ্মা যস্য ॥ ২৫ ॥
প্রসঙ্গাৎ কৈমুতিক ন্যায়েন ভক্তি বৈভবমাহ পূতনেতি ॥ ২৬ ॥

বৈষ্ণবতোষণী।

তত্তন্নিষ্ঠা বোধ্যতে তত্র হেতুঃ স এবেতি। আনকদুন্দুভিরিতি। তাদৃশ জন্মত্বেন যোগ্যতাং বোধয়ন্তি। অন্তত্বৈঃ। যদ্বা কোঽপি যঃ পূর্ব্ব জন্মনি ঋষি র্যোগেশো বা সমাস অত্র সন্দেহ এব বিকল্পঃ স এবানকদুন্দুভিঃ সন্ সংজাতঃ অন্যৎ সমানং। এবং সর্ব্বজ্ঞত্বাদেব সোঽবদদিতি তৈর্ম্মতং অতএব সুবিস্মিতাঃ ॥

এবং যাবৎ শ্রীনন্দাদয়ো নিকটমায়ান্তি তাবত্তৈ র্গোকুল রক্ষায়াং স্থিতৈঃ শ্রীমদুপনন্দাদিভি র্নিযুক্তা স্তদুচিতাঃ ব্রজৌকসো ব্রজাশ্রিতাঃ কনিষ্ঠ জাতয়ো নিতরামদহন্ পুনর্জীবন শঙ্কয়া নির্দ্দেহুরিতি পাঠঃ কচিৎ ॥ ২৪ ॥

অগুরতোঽপি সৌরভং যস্য সঃ। তত্র হেতুঃ। কৃষ্ণেন সৌগন্ধ্য সৌরূপ্যাদি নিজাশেষোৎকর্ষ ব্যঞ্জকেন ভগবতা নিঃশেষেণ ভুক্তঃ প্রাণৈঃ সহ স্তনপানাৎ অতএব সপদি ধূমঘ্রাণ সময় এব আ সম্যক্ হতো নাশিতঃ পাপ্মা ধূমসেবিনামপি সর্ব্বেষাং যেন স চাসৌ সচ তস্য এবং ভগবদুচ্ছিষ্টস্য মহিমা দর্শিতঃ। পবিত্রং যত্ত ভক্ত্যা সমর্পিতং কিমুতেতি বক্ষ্যতেচ পূতনা ইত্যাদিনা ॥ ২৫ ॥

পূতনেতি যুগ্মকং। জাত্যা রাক্ষসী তত্রাপি লোকবালঘ্নী তত্রাপি রুধিরাশনা হরয়ে ইতি তত্তদ্দোষ হরণাভিপ্রায়েণ পরমাত্মনে মৃতপ্রায়েষন্তর্ব্বহিরিন্দ্রিয়েষু জ্ঞান ক্রিয়া শক্তি প্রদত্বেন সামান্যত স্তাবদ্ধিতায় কৃষ্ণায় বিশেষতঃ পূতনাদীনামপি তাদৃশ হিতকারিত্ব রূপো যো গুণৈকদেশ স্তদাদি গুণ গণ প্রকটনেন সর্ব্ব চিত্তানাং স্বভাবত এব স্বস্মিন্নাকর্ষকায় তস্মৈ ত্বহির্বিদ্বেষাভাবেন যচ্ছন্ সদ্গতিং সতাং গতিং শ্রীকৃষ্ণ মেব প্রাপ্নোতীতি ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কৃষ্ণনির্ভুক্তেতি তৎ সৌগন্ধ্যাধানমপি ব্যঞ্জিতং ॥ ২৫ ॥ রাক্ষসী লোকবালঘ্নী রুধিরাশনেতি ক্রমশোঽধমত্বাধিক্যং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রজৌকসো হস্ত্যজা উপনন্দাদ্যাদিষ্টাঃ। নিঃশেষেণ দেহুঃ পুন র্জীবনশঙ্কয়া বিষধর জীবানাং দাহেনৈবোপশান্তেঃ ॥ ২৪ ॥
তদ্দেহস্য কৃষ্ণমুখস্পর্শোত্থং মহিমানমাহ, দহ্যমানস্যেতি। কৃষ্ণ নির্ভুক্তেন কৃষ্ণকৃত স্তন্যপানেন সপদ্যাহতঃ পাপ্মা যস্য তস্য ॥ ২৫ ॥
প্রসঙ্গাৎ কৈমুত্য ন্যায়েন ভক্তে র্মহিমানমাহ পূতনেতি জিঘাংসয়াপি কিমুতৌদাসীন্যেন কিমুততরাং শ্রদ্ধয়া কিমুততমাং শ্রদ্ধয়া ভক্ত্যে ত্যর্থঃ। হরয়ে ভগবৎ প্রাদুর্ভাবমাত্রায় কিমুত কৃষ্ণায় পরমাত্মনে সর্ব্ব পরম স্বরূপায়াবতারিণে। বিষস্তনমপি কিমুত বিষেতরবস্তু কিমুততরাং প্রিয়ং কিমুততমাং প্রিয়তরং কিমুতাত্তিতমাংপ্রিয়তমং। পূতনা নাম্না প্রসিদ্ধা রাক্ষস্যপি কিমুত মানুষ্যঃকিমুততরাং ভক্তাঃ কিমুততমাং রক্তা অনুরাগযুক্তাঃ। তত্রাপি কিমুততমাং তন্মাতরো হতি বৎসলাঃ বৎসাহরণলীলা গতাস্তাস্বপ্যতিতমা অনির্ব্বাচ্যত্বাৎ শ্রীযশোদা তু দূরত এব প্রণতিপাত্রীকৃত্যৈব স্থাপিতা নতূল্লিখিতেতি করণ সম্প্রদানকর্ম্মকর্তৃপদেষু কৈমুত্যমণ্ডলী ॥

প্রভাবশালী অথবা সম্যক্ জ্ঞানী হইয়াছেন, কারণ তিনি যাহা বলিয়াছেন সেই উৎপাতই দৃষ্ট হইল। তদনন্তর ব্রজবাসি সকলে মিলিত হইয়া বহু ২ কুঠার আনিয়া তদ্দ্বারা পূতনার মৃত কলেবর ছেদন করত এক একটী অঙ্গ দূরে ক্ষেপণ করিলেন এবং কাষ্ঠ বেষ্টিত করিয়া দগ্ধ করিতে লাগিলেন ॥ ২৪ ॥

হে রাজন্! দাহন করিবার সময় ব্রজবাসিদের অন্য এক বিস্ময় উপস্থিত হইয়াছিল, অর্থাৎ দহ্যমান সেই দেহের ধূম অগুরু চন্দন তুল্য সুরভি হইয়া উঠিয়াছিল; তাহার কারণ ভগবান্ শ্রীকৃষ্ণ তদ্দেহ ভোজন করিয়াছিলেন তাহাতে তাহার সমস্ত পাপ সদ্যঃ বিধ্বস্ত হইয়াছিল ॥ ২৫ ॥

হে মহারাজ! ভগবদ্ভক্তির বৈভব দেখুন, পূতনা সকল লোকের বালঘাতিনী এবং রুধিরাশনা রাক্ষসী ছিল, হত্যা করিবার বাসনাতেও ভগবান্ হরিকে স্তন দিয়া সদ্গতি প্রাপ্ত হইল ॥ ২৬ ॥

কিং পুনঃ শ্রদ্ধয়া ভক্ত্যা কৃষ্ণায় পরমাত্মনে। যচ্ছন্ প্রিয়তমং কিং নু রক্তা স্তন্মাতরো যথা।
পদ্ভ্যাং ভক্তহৃদিস্থাভ্যাং বন্দ্যাভ্যাং লোকবন্দিতৈঃ। অঙ্গং যস্যাঃ সমাক্রম্য ভগবানপিবৎ স্তনং।

শ্রীধরস্বামী।

শ্রদ্ধয়া আস্তিক্যেন ভক্ত্যা প্রেম্না রক্তাঃ স্নিগ্ধাস্তন্মাতর ইতি বৎসাহরণ লীলাভিপ্রায়েণ বহুবচনং গো গোপিকা স্তদাতু তন্মাতরো ঽভবন্নিতি॥ ২৭॥

বৈষ্ণবতোষণী।

কিং পুনঃ কিমুত ইত্যর্থঃ। তত্রাপি শ্রদ্ধয়া বিশ্বাসেন কিমুত তত্রাপি ভক্ত্যা আদরেণ কিমুত প্রিয়তমমিত্যুক্তেঃ ক্রমপ্রাপ্ত্যাচায়মর্থো লভ্যতে তত্রাপি প্রীত্যা স্বস্য শ্রীকৃষ্ণস্য বা প্রিয়ং যচ্ছন্ কিমুত। তত্রাপি প্রীত্যতিশয়েন প্রিয়তরং যচ্ছন্ কিমুতেত্যেবার্থঃ তত্রাপি অতি প্রীত্যতিশয়েন প্রিয়তমং যচ্ছন্ কিমুত ইতি কিঞ্চ তত্রাপি রক্তা স্তদেক জীবনা স্তৎসুখৈক সুখাশ্চ যথা যচ্ছন্তি তথা যচ্ছন্ কিংনু কিমুতেত্যেবার্থঃ পুনরুক্তিঃ কৈমুত্যেঽপি বৈশিষ্ট্যায় তত্রাপি তন্মাতরো যথা যচ্ছন্তি তথা কিমুতেতি অতএব মাতরঃ সর্ব্ব দৃষ্টান্তত্বেন সর্ব্বোপরি পৃথগেব স্থাপিতাঃ। ভোজন বিষয়ে মাতৃণামেব সর্ব্বাধিক রাগাৎ প্রেয়স্যাদয়োঽপি ন দৃষ্টান্তিতা ইতি জ্ঞেয়ং॥

নমু যদ্যেবং তষ্টা তর্হি কথং সদ্গতিমাপ উচ্যতে তন্মহিম দৃষ্ট্যা নাশ্চর্য্যং তদপীতি বদং স্তস্যা স্তামেব সদ্গতিং পুনরাশ্চর্য্য বিশেষায় পরম বিশেষতো দর্শয়তি পদ্ভ্যামিতি যুগ্মকেন। ভক্তানামেব নান্যেষাং হৃদ্যেব স্থিতাভ্যাং নতু সাক্ষাৎকর্ত্তুং শক্যাভ্যাং যে সর্ব্বৈরপি লোকৈ র্বন্দিতা শ্রীব্রহ্ম শিবাদয়োঽপি মহাভক্তা স্তৈরপ্যেদেশমাত্রেণ বন্দিতুং যোগ্যাভ্যাং নতু সাক্ষাৎ সেব্যাভ্যাং সম্যগাক্রম্য নতু যথাকথঞ্চিৎ স্পৃষ্ট্বা যস্যাঃ স্তনমপ্যপিবৎ তথাভূতা সতী সদগতিমাপেতি কিমাশ্চর্য্যমিত্যর্থঃ তত্রচ মাতৃবেশ ভাবানুকরণে তৎকরুণৈব কারণমিতি ভাবঃ। তদুক্তং সদ্বেশাদিব পূতনেতি। কং বা দয়ালুং শরণং ব্রজেমেতি চ। ব্রহ্মা ভবো লোকপালাঃ স্বর্ব্বাসং মেঽভিকাঙ্ক্ষিণ ইতিবৎ স্বর্গং পরম সুখানুভব স্থানং। য এতৎ পূতনামোক্ষমিতি বক্ষ্যমাণ রীত্যা প্রপঞ্চাতীতং। পূতনাপি সকুলা

ক্রমসন্দর্ভঃ।

পরমাত্মনে জ্ঞানক্রিয়া শক্তি প্রদত্বেন তৎসামান্যত স্তাবন্তিতাঽয় কৃষ্ণায় বিশেষ পূতনাদীনামপি তাদৃশ হিতকারিতা রূপো যো গুণৈকদেশস্তদাদি গুণগণ প্রকটনেন সর্ব্বচিত্তানাং স্বভাবতঃ স্বস্মিন্নাকর্ষকায় তস্মৈ তদ্বেষমাত্রাভাবেন যথা কথঞ্চিৎ কিঞ্চিদপি যচ্ছন্ কিং পুনঃ কিমুতেত্যর্থঃ। তত্রাপি শ্রদ্ধয়া বিশ্বাসেন কিমুত তত্রাপি ভক্ত্যা আদরেণ কিমুত তত্রাপি স্বস্য শ্রীকৃষ্ণস্য বা প্রিয়তরং যচ্ছন্ প্রীত্যেত্যর্থাৎ। অত্রাপি প্রীত্যা প্রিয়ং প্রীতি বিশেষেণ প্রিয়তরমিতি ক্রমঃ কার্য্যঃ। অতঃ প্রীতিবিশেষতর রূপেণ প্রেম্না প্রিয়তমমিত্যাদ্যপি গম্যং। তত্রাপি রক্তা স্তদেক জীবনাস্তৎসুখৈক সুখা যথা যচ্ছন্তি তথা যচ্ছন্ কিন্তু কিমুতেত্যেবার্থঃ। পুনরুক্তিঃ কিমুত্যেঽপি বৈশিষ্ট্যায় তত্রাপি তন্মাতরো যথা যচ্ছন্তি তথা কিমুতেতি।

তন্মহিম দৃষ্ট্যা তু নাশ্চর্য্যং তদপীত্যাহ পদ্ভ্যামিতি। তথাভূতা সতী সা সদ্গতিমাপেতি কিমাশ্চর্য্যমিত্যর্থঃ। তত্র চ মাতৃবেশভাবানুকরণকারণ তৎকরুণৈব কারণমিতি ভাবঃ। তদুক্তং সদ্বেশাদিব পূতনাপীতি। কং বা দয়ালুং শরণং ব্রজেমেতি চ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবতো নিষ্কারণক কৃপা প্রাপিতং পূতনায়াঃ সৌভাগ্যং তাবৎ পশ্যেত্যাহ পদ্ভ্যামিতি দ্বাভ্যাং। ভক্তহৃদিস্থাভ্যামিতি পূতনা ন ভক্তা নাপ্যভক্তা কিন্তু তস্য বৈরিণীতি ভাবঃ। লোকবন্দিতৈ র্ব্রহ্ম রুদ্রাদিভিরপি বন্দ্যাভ্যামিতি পূতনয়া তু পাদৌ ন বন্দিতৌ নাপ্যবন্দিতৌ কিন্তু মরণসময়ে স্বহৃদয়াৎ সকাশাৎ নিষ্কাসয়িতুং বর্তমানয়াপ্যশক্তবত্যা স্বপাণিভ্যাং যাবদ্বলং তাড়িতৌ এবেতি ভাবঃ। সম্যগাক্রম্য নতু যথাকথঞ্চিৎ স্পৃষ্ট্বা স্বর্গং ব্রহ্মাদয়ো লোকপালাঃ স্বর্ব্বাসং মেঽভিকাঙ্ক্ষিণ ইতি বৎ। পূতনাপি সকুলা স্বামেব দেবাপিতেতি ব্রহ্মোক্তে র্বৈকুণ্ঠমেব নতু নশ্বরং স্বর্গং। কমপি কীদৃশং জনন্যাঃ শ্রীযশোদায়াঃ প্রকাশভেদেন গতি র্যত্র তমিতি শ্রীগোলোকমেব। অস্যোহ স্বর্গপদেনোক্ত্যা সুখৈকবোক্তরং সালোক্যমবাপ নতু প্রেমসেবোত্তমমিতি বুদ্ধ্যতে। জনন্যাঃ সম্বন্ধিনীং গতিমিতি তু ন ব্যাখ্যেয়ং

ইহাতে স্নিগ্ধ জননীর ন্যায় যে ব্যক্তি শ্রদ্ধা (আস্তিক্য) এবং ভক্তি (প্রেম) দ্বারা পরমাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রিয়তম বস্তু দান করেন তাঁহার সদ্গতির কথা আর কি বলিব? অপর যে পদদ্বয় ভক্ত জনের হৃদয় স্থিত এবং যাহা লোকবন্দিতদিগেরও বন্দনীয়, সেই পদদ্বয় দ্বারা যাহার অঙ্গ আক্রমণ

যাতুধান্যপি সা স্বর্গমবাপ জননীগতিং। কৃষ্ণভুক্তস্তন ক্ষীরাঃ কিমু গাবোঽনুমাতরঃ।
পয়াংসি যাসামপিবৎ পুত্রস্নেহ স্নুতান্যলং। ভগবান্ দেবকীপুত্রঃ কৈবল্যাদ্যখিলার্থদঃ।

বৈষ্ণবতোষণী।

স্বামেব দেবাপিতা ইতি রীত্যা গোকুলং বনবৈকুণ্ঠং ইতি শ্রীকৃষ্ণোপনিষদ্রীত্যা গোকুলাখ্যং মহৎপদমিতি শ্রীব্রহ্মসংহিতা রীত্যাচ শ্রীগোকুলস্যৈব প্রাপঞ্চিক লোকানভিব্যক্তত্বং। চিন্তামণি প্রকর সদ্ম ইত্যাদি ব্রহ্মসংহিতা বর্ণিত প্রকার বিশেষং। গোলোক এব নিবসত্যখিলাত্মভূতো গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামীতি। তত্র প্রসিদ্ধ্যা শ্রীগোলোকাখ্যং শ্রীকৃষ্ণলোকমেব অতএব জননীগতিং তত্রাপি জননাঃ শ্রীযশোদায়া ইব গতিং নিজ লালনাদ্যধি কৃত ধাত্রীবর্গ প্রবেশমিত্যর্থঃ। নিষেৎস্যতেচ জননীনামন্যগতি রিতি ভাবঃ। তদুক্তং। স্বামেব দেবাপিতেতি লেভে গতিং ধাত্র্যুচিতাং ইতি চ। নন্বু তস্যা দৃষ্টান্তত্বেন মাতৃণামপি গতি স্তথৈবাভিপ্রেয়তে নেত্যাহ কৃষ্ণেতি। তস্মাদেব গাবো মাতরশ্চ মাতর এব নিত্যমিত্যর্থঃ। অপ্রস্তুতানাং গবাং প্রয়োগো মাতৃষু কৈমুত্যায় অনুমাতর ইতি বা চ্ছেদঃ। যদ্বা কিমুগাবঃ যতস্তা অনুমাতর মাতৃ সদৃশ্য এব অতঃ শ্রীযশোদাতু সর্ব্বমূর্দ্ধমণিবদেব দূরে রক্ষিতেতি জ্ঞেয়ং। অত্র ক্ষীর পদাধিক্যাৎ পূতনায়াং তদনুকরণমিত্যেবচ সিদ্ধং॥

তস্যাঃ স্বর্গং বিশেষ্টুং তদ্বিশেষণং জননীগতিং বিশিনষ্টি পয়াংসীতি যুগ্মকেন। অয়মর্থঃ। কৈবল্যাদখিলার্থদঃ কামিনাং ধর্ম্মাদি মাত্রার্থদঃ নতু স্বস্বরূপ ব্যঞ্জকঃ মুমুক্ষূণাস্ত কৈবল্যদঃ নির্ব্বিশেষ ব্রহ্মাখ্য স্ব স্বরূপতাদাত্মমাত্র প্রাপকঃ নতু সবিশেষ ভগবদাখ্য স্ব স্বরূপোপলম্ভকঃ তথা ভগবান্ ভক্তানামপি ভগবৎ স্বরূপ মাত্রেণ নতু মমতা বিশেষ ময় প্রেমবিশেষ প্রদেন পুত্রাদিরূপেণ তৎ প্রাপক ইত্যর্থঃ। তথা দেবকীপুত্রঃ শ্রীদেবক্যা অপি জন্মনৈব পুত্রঃ নতু পিতরৌ নান্ববিন্দেতাং ইত্যাদিনা শ্লাঘিষ্যমাণ তাদৃশ ভাবময় লালনেনাপীত্যর্থঃ। স এষ যাসাং গবাং মাতৃণাঞ্চালমত্যর্থং পুত্রস্নেহস্নুতং অলমত্যর্থমেবাপিবদিতি পরস্পরং তত্তাবত্য গাঢ়ত্বেনাধিক্যেনচ সর্ব্বো-

ক্রমসন্দর্ভঃ।

এবং তস্যাঃ সামান্যতঃ সদ্গতিমুক্ত্বা পুনরাশ্চর্য্য বিশেষায় পরমং বিশেষতো দর্শয়তি যাত্বিত্যর্দ্ধেন। স্বর্গং ব্রহ্মা ভবো লোকপালাঃ স্বর্ব্বাসং মেঽভিকাঙ্ক্ষিণ ইতিবৎ পরম সুখানুভব স্থানং॥

য এতং পূতনা মোক্ষমিতি। বক্ষ্যমাণ রীত্যাচ শ্রীগোকুলস্যৈব প্রাপঞ্চিক লোকানভিব্যক্তং চিন্তামণি প্রকর সদ্মেত্যাদি ব্রহ্মসংহিতা বর্ণিতং প্রকাশবিশেষং গোকুল এব নিবসতীত্যাদি তত্রৈব প্রসিদ্ধং। শ্রীগোলোকাখ্যং শ্রীকৃষ্ণলোকমেব অতএব জননীগতিং তত্রাপি জনন্যা অপি শ্রীযশোদায়া ইব গতিং নিজলালনাদ্যধিকৃত ধাত্রীবর্গ প্রবেশমিত্যর্থঃ। তদুক্তং। স্বামেব দেবাপিতেতি। লেভে গতিং ধাত্র্যুচিতামিতি চ। নন্বু তস্যা দৃষ্টান্তত্বেন মাতৃণামিতি তথা গতিরভিপ্রেয়তে নেত্যাহ কৃষ্ণেতি। তস্মাদেব গাবো মাতরশ্চ জননী গতিমবাপেতি কিমু বক্তব্যং। গাবস্তা স্তদীয়া মাতরশ্চ মাতর এবেত্যর্থঃ। তস্যাঃ স্বর্গং বিশেষয়িতুং জননী গতিমপি বিশিনষ্টি পয়াংসীতি দ্বাভ্যাং। ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা ইত্যাদিবচ্চায়মর্থঃ। যঃ কৈবল্যাদ্যখিলার্থদঃ কামিনাং ধর্ম্মাদি মাত্রার্থদঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রক্তা স্তন্যাতরো বক্ষ্যেতি পূর্ব্বত্র। কৃষ্ণভুক্ত স্তনক্ষীরাঃ কিমু গাবো ঽনুমাতর ইত্যুত্তরত্র চ ততঃ সকাশাৎ তন্মাতৃণামপ্যন্যাসামপ্যাধিক্য প্রতিপাদনাৎ বৈরিত্বেন কংসাদি সাম্যেঽপি যস্যাবেষভাবানুকরণ কারণাদেবৈতাবৎ কৃপাপাত্রী বভূব পূতনা তস্যাং শ্রীযশোদায়া গতিং প্রাপ্তুং যোগ্যতাং সা কথং ধত্তামিত্যত এব লেভে গতিং ধাত্র্যুচিতামিত্যুদ্ধবেনোক্তং। অতএবাত্রাপি জননী শব্দেন ধাত্র্যেব ব্যাখ্যেয়েতি কেচিৎ। তত্রাপি ধাত্র্যুচিতেতি শব্দেন ধাত্রীসম্বন্ধিনী গতি র্ন লভ্যতে। মহারাজোচিতা সম্পদস্যেত্যুক্তে মহারাজ তুল্যৈব সম্পৎ প্রতীয়তে ন তু মহারাজসম্বন্ধিনীতি। তস্মাৎ সুখৈশ্বর্য্যোত্তরে গোলোকে ধাত্রী সারূপ্যং পূতনা প্রাপেতি সিদ্ধান্তঃ॥

নন্বু কিমু গাবো ঽনুমাতর ইতি কৈমুত্যেন মাতৃণামপি বৈকুণ্ঠ প্রাপ্তিরেব যদ্যভিপ্রেয়তে তর্হি বৈরভাব বাৎসল্য ভাবয়োস্তুল্যফলাপত্তিঃ যাচ ভগবত্যবিবেচকত্ব লক্ষণং দোষমেব সমর্পয়েৎ যদি চ যাতুধান্যপি সা বৈকুণ্ঠমবাপ কিমুতানুরক্তাঃ পরম বৎসলাঃ মাতরো গাবশ্চ কিন্তু তাস্ততো ঽপ্যুত্তমং ফলং লভন্তে স্বেত্যভিপ্রেয়তে তর্হি তদেবাভিব্যঞ্জয়তাং কিন্তদিত্যপেক্ষায়ামাহ পয়াংসীতি। অন্যোন্যঃ কৈবল্যাদ্যখিল ফলপ্রদোঽপি যাসাং পয়াংসি অলং অতিশয়েন দুর্ল্লভ বুদ্ধ্যা অপিবৎ। স্তন্যামৃতং পীতমতীব তে মুদেতি ব্রহ্মোক্তেশ্চ। তেন তাভ্যঃ কিময়ং বাঞ্ছিতং দাস্যতি প্রত্যুত তা এবাস্মৈ বাঞ্ছিতং দদতীতি স্ববাঞ্ছিতপূরণযোগ্যতা লক্ষণং ফলং গোগোপীভ্যঃ কৃষ্ণো

করিয়া ভগবান্ স্বয়ং স্তনপান করিলেন, সেই রাক্ষসীও যখন জননীরগতি লাভ করিল তখন কৈবল্যাদি অখিল অর্থপ্রদ ভগবান্ দেবকীনন্দন যে সকল গো ও গোপীর স্তনদুগ্ধ পান করিলেন পুত্রস্নেহে যাহাদের দুগ্ধ অত্যন্ত প্রস্রুত হইল, তাহারা মাতৃসদৃশ হইয়া কোন্ গতি লাভ করিবে তাহার কথা কি?

তাসামবিরতং কৃষ্ণে কুর্ব্বতীনাং সুতেক্ষণং। ন পুনঃ কল্পতে রাজন্ সংসারোঽজ্ঞানসম্ভবঃ।
কটধূমস্য সৌরভ্যমবঘ্রায় ব্রজৌকসঃ। কিমিদং কুত এবেতি বদন্তো ব্রজমাযযুঃ।
তে তত্র বর্ণিতং গোপৈঃ পূতনাগমনাদিকং। শ্রুত্বা তন্নিধনং স্বস্তি শিশোশ্চাসন্ সুবিস্মিতাঃ।

বৈষ্ণবতোষণী।

ভবেৎ এব বৈলক্ষণ্যমিতি কিন্তু মায়াশব্দস্য স্বরূপশক্তিবাচিত্বেনাপি প্রতিপাদয়িষ্যমাণত্বাত্তন্মতত্বমতয়োরেকত্বমেব দর্শয়িষ্যতে ॥ ১৯ ॥

এবং সর্ব্বমেব নিরূপ্য সংভ্রমেণাহ কোবেত্তীতি। ভূমন্ হে অপরিচ্ছিন্ন ভগবন্ হে সর্ব্বৈশ্বর্য্যযুক্ত পরমাত্মন্ হে সর্ব্বান্তর্যামিন্ সর্ব্বকারণস্বরূপেতি বা যোগেশ্বর হে স্বাভাবিক যোগশক্ত্যা সর্ব্বকালব্যাপক ভবত উতীর্লীলা। অহো বিস্ময়ে। ক্ব কথম্বা কদা বা স্যুরিতি কোবেত্তি কিন্তপরিচ্ছিন্নত্বাদপরিচ্ছিন্নানাং তাসামাধারং সর্ব্বৈশ্বর্য্যযুক্তত্বাত্তাসাং প্রকারং পরমাত্মত্বাত্তাসামিয়ত্তাং সর্ব্বকালব্যাপকত্বাত্তদবসরমপি ত্বমেব বেৎসীত্যর্থঃ। তত্র সর্ব্বত্র হেতুঃ যোগমায়াং মহাস্বরূপশক্তিমিতি ॥ ২০ ॥

যস্মাদেবং ত্বমেবৈষ সর্ব্বকারণং তস্মাম্মায়াতঃ প্রধানতঃ উদ্ভবৎ প্রলীনং ভবচ্চ ত্বয্যেব ত্বামাশ্রিত্যৈব সদিব। ত্বদীয়ং স্বরূপমিদং নিত্যাধ্যাসং বা যৎ সদস্ত তদিবাবভাতি ত্বদীয়তত্তৎসত্তয়ৈব যৎ কিঞ্চিৎ তত্তৎসত্তাং প্রাপ্নোতীত্যর্থঃ। মায়ায়া অপি ত্বচ্ছক্তিত্বেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সত্বং নচেদ্ধাতরিদং নিজং ভবেদিত্যাদি ॥ ১৯ ॥

নহু কৃষ্ণস্য মম ভূভারহরণার্থমেব জন্ম রামস্য রাবণবধার্থমেব শুক্লাদ্যবতারগণস্য তত্তৎসময়ধর্ম্মপ্রবর্ত্তনার্থমেবেতি প্রসিদ্ধি র্ন তু জ্ঞানিমানিনাং দুর্ম্মদনাশার্থং। সত্যং। তব প্রাদুর্ভাবাদিলীলানাং কুত্র কুত্র বিষয়ে কিং কিং প্রয়োজনং কদা কদা বা কিয়ত্যো বা তা ইতি কার্ৎস্ন্যেন জ্ঞাতুং কোঽপি ন প্রভবতীত্যাহ কোবেত্তীতি। ভূমন্ হে বিশ্বব্যাপকানন্তমূর্ত্তে। হে ভগবন্ ভূমত্বেঽপি ষড়ৈশ্বর্য্যপরিপূর্ণ হে পরাত্মন্ ভগবত্বেঽপি পরমাত্মস্বরূপ। হে যোগেশ্বর যোগমায়য়ৈবানুভাব্যমানভূমত্বাদিমহামহৈশ্বর্য্য। উতীর্জন্মাদিলীলাঃ ত্রিলোক্যাং ত্রিলোকী মধ্যবর্ত্তিনীর্লীলাঃ কো বেত্তি ন কোঽপি। যতঃ ক্বাহো ইত্যাদি নহু তবানন্তা এব মূর্ত্তয়ো বিশ্বব্যাপিকাঃ ষড়ৈশ্বর্য্যবত্যঃ পরমাত্মস্বরূপা নতু ভৌতিক্যঃ ত্রৈলোক্যান্তর্বর্ত্তিনীরেব ভক্তবিনোদনার্থা লীলাঃ কুর্ব্বত্যঃ সর্ব্বা এব সদৈব যুগপদেব ক্রীড়ন্তীতি কথং সম্ভবেদিত্যত আহ বিস্তারয়ন্নিতি। অচিন্ত্যশক্ত্যা যোগমায়ৈব তত্তদুপাসকভক্তান্ প্রতি তাসাং যথা সময়ং প্রকাশনাবরণাভ্যামেব ক্রীড়ানির্ব্বাহ ইত্যর্থঃ ॥ ২০ ॥

তস্মাৎ ইদঙ্কারাস্পদং জগদেব প্রাকৃতিকং মধ্যমপরিমাণবত্বেঽপ্যেতৎপরিচ্ছেদকং ত্বদ্বপুস্তু শুদ্ধসত্বাত্মকমেবেতি প্রকরণমুপসংহরতি

সাধুদিগের প্রতি অনুগ্রহনিমিত্তমাত্র ॥ ১৯ ॥

হে ভূমন্! হে ভগবন্! হে পরাত্মন্! হে যোগেশ্বর! ত্রিলোকীমধ্যে কোন ব্যক্তি কোথায় কি প্রকারে কত এবং কবেই বা আপনার উতী (লীলা) জানিতে পারে ?, ফলতঃ আপনার মায়াবৈভব অচিন্ত্য! আপনি যোগমায়া বিস্তার করিয়া সত্যই ক্রীড়া করিতেছেন ॥ ২০ ॥

অতএব অসৎ স্বরূপ, স্বপ্ন তুল্য, প্রতিভাস শূন্য, দুঃখ বহুল, এই অশেষ জগৎ নিত্য সুখ ও

ত্বয্যেব নিত্যসুখবোধতনাবনন্তে মায়াত উদ্যদপি যৎ সদিবাবভাতি॥ ২১॥

শ্রীধরস্বামী।

তস্মাদিতি। অস্তর্ধিষণং নিরস্তপ্রতিভাসং ত্বয্যেব উদ্যৎ উদ্ভবৎ অপি যৎ নশ্যৎ। সদিবেত্যুপলক্ষণমেতৎ। নিত্যমিব সুখমিব

বৈষ্ণবতোষণী।

তদাশ্রয়তামাত্রতঃ সত্তাবাদিতি ভাবঃ। তাদৃশত্বব্যতিরেকেতু অসৎস্বরূপং শশবিষাণতুল্যং স্বনম্বয়েঽপি স্বদস্কৃতৌ স্বপ্নাভং স্থিরার্থপ্রাপ্ত্যভাবাৎ তত এবাস্তর্ধিষণমিত্যাদি নিত্যা সুখবোধরূপাচ যেয়ং পরব্রহ্মভাবেন নির্ণীতা তনু তৎস্বরূপে সচ্চিদানন্দরূপায় কৃষ্ণায়াক্লিষ্টকারিণে ইতি তাপনীশ্রুতিহয়শীর্ষপঞ্চরাত্রয়োঃ। অত্র একদেশস্থিতস্যাগ্নে র্জ্যোৎস্না বিস্তারিণীত্যাদি দর্শয়িষ্যমাণবিষ্ণুপুরাণবাক্যং বৈধর্ম্ম্যাচ্চ ন স্বপ্নাদিবদিতি বেদান্তসূত্রঞ্চ বিচার্য্যং অত্রৈতদপ্যুক্তং ভবতি মায়াশব্দেন ক্বচিন্মিথ্যাভিব্যঞ্জকঃ শিক্ষাবিশেষ উচ্যতে ক্বচিদ্দুর্ঘিতর্কসত্যব্যঞ্জকশক্তিবিশেষোঽপ্যুচ্যতে অত্র প্রথমং ইন্দ্রজালপর্য্যায়ত্বপ্রসিদ্ধেষু দৃষ্টঃ সচ স্বপ্রত্যায়িতজলাদিনা তেষাস্তু ন ভ্রমং করোতি স্বাশ্রয়ব্যামোহকত্বাৎ। অন্যোষাঞ্চাপাতমাত্রে ভ্রমেঽপি ন দৃষ্টাদিকং হরতি মৃগতৃষ্ণাতুল্যত্বাৎ। দ্বিতীয়স্তু মুনিদেবাদৌ শ্রুতঃ। যথা তৃতীয়ে শ্রীসনকাদিবৈকুণ্ঠগমনে। তদীয়যোগমায়াশব্দঃ স্বামিভি র্ব্যাখ্যাতঃ স চায়ং ন পূর্ব্বতুল্যঃ শ্রীকর্দ্দমাদীনাং তৎকল্পিতবিহারবিমানাদিভিঃ স্বার্থকরত্বাৎ শ্রীপ্রদ্যুম্নাদীনাং যুদ্ধাদৌ শত্রুচ্ছেদাদিদর্শনাচ্চ। সোঽয়ং মুক্তাদিষু তপআদিময়ঃ শ্রীভগবতি তু স্বাভাবিকঃ। যথা। সর্ব্বভূতেষু সর্ব্বাত্মন্ যা শক্তিরপরা তব। গুণাশ্রয়া নম স্তস্যৈ শাশ্বতায়ৈ সুরেশ্বর ইতি শ্রীবিষ্ণুপুরাণোক্তায়া অপরাখ্যশক্তেঃ। অস্মান্মায়ী সৃজতে বিশ্বমেতদস্মিংশ্চান্যো মায়য়া সংনিরুদ্ধ ইত্যাদি শ্রুতৌ মায়াখ্যয়া কথিতয়া স্বাভাবিকত্বমমিথ্যাব্যঞ্জকত্বং বিষ্ণুপুরাণ এব দর্শিতং। শক্তয়ঃ সর্ব্বভাবানামচিন্ত্যজ্ঞানগোচরাঃ। অতোতো ব্রহ্মণস্তাস্তু সর্গাদ্যাভাব শক্তয়ঃ। ভবন্তি তপতাং শ্রেষ্ঠ পাবকস্য যথোষ্ণতা ইতি। একদেশস্থিতস্যাগ্নে র্জ্যোৎস্না বিস্তারিণী যথা। পরস্য ব্রহ্মণঃ শক্তিস্তথেদমখিলং জগৎ ইতি চ। মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরং ইতি শ্রুতিশ্চ। প্রকৃতিশব্দেন স্বভাবমাহ নতু তৎ পর্য্যায়ং বিদ্যাদিতি জ্ঞাপনতাৎপর্য্যতয়াঽনূদ্য বিধেয়ত্বপ্রাপ্তেঃ পর্য্যায়মাত্র কথনে লক্ষণত্বাভাবাজ্জ্ঞানাসিদ্ধেঃ। মায়িনন্তু মহেশ্বরমিত্যত্র অনূদ্য বিধেয়ত্বস্যৈব লব্ধেশ্চ। কিন্তু মায়িনং মহেশ্বরমিতি মহেশ্বরস্য মায়য়াশ্রিতত্বং বোধয়তি। ততশ্চ মহেশ্বরত্বমেবান্তরঙ্গং তদকৃত্রিমং চেত্যায়তি। ইন্দ্রো মায়াবান্ পুরুষঃ শূর ইতিবৎ। মায়ায়া বহিরঙ্গত্বেঽপি স্বাভাবিকত্বমেকদেশস্থিতস্যাগ্নেরিতি দৃষ্টান্তেনৈব লব্ধং। মায়ায়া বহিরঙ্গত্বেচ নতদ্দোষেণ মহেশ্বরত্বং লিপ্তং স্যাৎ। যথোক্তং প্রথমে শ্রীমদর্জ্জুনেন। ত্বমাদ্যঃ পুরুষঃ সাক্ষাদীশ্বরঃ প্রকৃতেঃ পরঃ। মায়াং ব্যুদস্য চিচ্ছক্ত্যা কৈবল্যে স্থিত আত্মনি ইতি। সেয়মেব চিচ্ছক্তিঃ পরাত্বেন বিষ্ণুপুরাণে প্রোক্তা। যাতীতগোচরা বাচাং মনসাঞ্চ বিশেষণা। জ্ঞানিজ্ঞানপরিচ্ছেদ্যা বন্দে তামীশ্বরীং পরামিতি। অস্যাএব বরাত্বেনান্তরঙ্গত্বং পরমাচিন্ত্যত্বং বিবিধবৃত্তিত্বং মহেশ্বরতাপর্য্যায়কত্বমপ্যদ্দিষ্টং। ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে। পরাস্য শক্তি র্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়াচেতি। অত্র খলু ন তৎসমশ্চাভ্যধিকশ্চেতি পরাত্বকারোপোপজীব্য বস্ত্বন্তরাভাবজ্ঞাপিতস্য স্বাভাবিকত্বস্য পরমাচিন্ত্যত্বস্য চ বোধকং। তৃতীয়ে শ্রীসনকাদিবৈকুণ্ঠগমনে যোগমায়েতি নির্দ্দিষ্টা চিচ্ছক্তিত্বেন স্বামিভি র্ব্যাখ্যাতা তত্ত্ববাদিভিশ্চ স্বভাষ্যে যোগমায়াচ তথেচ্ছাশক্তিরেব চ। মায়াশব্দেন ভণ্যন্তে শব্দতত্ত্বার্থবেদিভিরিতি। শব্দমহোদধিমুদাহৃত্য স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়াখ্যয়া যুতঃ। অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি সনাতনমিতি শ্রুতিমপি প্রমাণীকৃত্য যোগমায়াশব্দস্থায়া শব্দোঽপ্যেতদ্বাচিত্বেন সম্মতঃ। শ্রীরামানুজচরণৈশ্চ মায়া বয়ুনং জ্ঞানমিতি নির্ঘণ্টস্থিতপর্য্যায়শব্দাঃ স্বভাষ্যে লিখিতাঃ। তৃতীয়ে স্বামিভিশ্চ সা বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা। মায়ানামেবেত্যত্র দ্রষ্টৃদৃশ্যানুসন্ধান রূপেতি। আত্মেচ্ছানুগতাবাত্মেত্যত্রাত্মেচ্ছামায়েতি। কালবৃত্ত্যাতু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ। পুরুষেণাত্ম ভূতেন বীর্য্যমাধত্ত বীর্য্যবান্। ততো ঽভবন্মহত্তত্ত্বমব্যক্তাৎ কালচোদিতাদিত্যত্রুমপি মায়াশব্দেন বোচ্যতে স্ম। প্রাপ্তোমায়াস্তু মে ভর্ত্তু র্নান্যা মে ঽপি বিমোহিনীত্যাদৌ মোহিনী শক্তিরপি। স্যাৎ কৃপাদম্ভয়োর্মায়েতি বিশ্বপ্রকাশে। মায়া স্যাচ্ছাম্বরীবুদ্ধ্যোরিতি ত্রিকাণ্ডশেষেচ। কৃপাদম্ভোঽপি তৎপর্য্যায়াঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মাদিতি। অসৎ সার্ব্বকালিকসত্তারহিতং স্বরূপং যস্য তৎ। অতএব স্বপ্নাভং স্বপ্নাবজ্ঞানবদল্পকালবর্ত্তি। নতু স্বাপ্নিকবস্তুবদস্য জগতোমিথ্যাত্বং ব্যাখ্যেয়ং প্রধানপুংভ্যাং নরদেবসত্যক্রদিতি সপ্তমোক্তেঃ সত্যং হ্যেবেদং বিশ্বমসৃজতেতি মাধ্বভাষ্যপ্রমাণিত-

নিত্য জ্ঞানরূপী অনন্ত যে আপনি, আপনাতে মায়াদ্বারা উদ্ভূত হওয়াতে যদিও শেষে বিনশ্বর, তথাচ

একস্ত্বমাত্মা পুরুষঃ পুরাণঃ সত্যঃ স্বয়ংজ্যোতিরনন্ত আদ্যঃ।

শ্রীধরস্বামী।

বোধনমিব চ অধিষ্ঠানভূতস্য তব গুণৈস্তথা তথা ভাতীত্যর্থঃ ॥ ২১ ॥

ত্বমেব তু সত্য ইত্যাহ এক ত্বমিতি। একত্বং সত্যঃ কুতঃ আত্মা দৃশ্যমসত্যং দৃষ্টং ন চাত্মা দৃশ্যঃ অতঃ সত্যঃ কিঞ্চ যদ্বিকারবৎ তদসত্যং নচ ত্বয়ি জন্মাদয়ো বিকারাঃ সন্তীত্যাহ আদ্যঃ কারণং অতো ন জন্ম আদ্যত্বে হেতুঃ পুরাণঃ সৃষ্ট্যাদি কার্য্যাৎ পূর্ব্বমপি বর্ত্তমান ইত্যর্থঃ। অত্র হেতুঃ পুরুষ ইতি। তথাচ শ্রুতিঃ। পূর্ব্বমেবাহমিহাসমিতি তৎ পুরুষস্য পুরুষত্বমিতি জন্মান্তরাস্তিত্বলক্ষণং বিকারং বারয়তি নিত্য ইতি সনাতন ইত্যর্থঃ। পূর্ণঃ অজস্র সুখঃ অক্ষরঃ অমৃত ইতি চতুর্ভিঃ পদৈঃ ক্রমেণ বুদ্ধিবিপরিণামাপক্ষয়

বৈষ্ণবতোষণী।

দৃশ্যন্তে। অতএব তস্যাং তমোবন্নৈহারং ইত্যাদৌ তচ্ছব্দেন প্রতারমাত্রমভিপ্রেতং সত্য তৎ প্রকাশনেঽপি দোষাবিশেষাৎ দৃষ্টান্তেচ তাদৃশত্বাৎ তদেবং তত্র তত্র যথাযথং মায়াশব্দো যোজনীয়ঃ। শ্রীস্বামিব্যাখ্যা চেতি সর্ব্বং সমঞ্জসং। অত্রচ প্রকরণে মায়াশব্দেন দুস্তর্কশক্তেরেবাভিধানং। তদুক্তং। মৎস্থানি সর্ব্বভূতানি নচাহং তেষবস্থিতঃ। নচ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরং ইতি। অতো যতো যস্থ স্পর্শো নাস্তি তত্র তস্য স্থিতত্বং মিথ্যেতি মিথ্যাত্বমপি তদ্ব্যাখ্যাতং যুক্তং। কিঞ্চ যা পরাখ্যশক্তিত্বেন উক্তা সৈব বৈকুণ্ঠাদৌ স্বরূপবিভূতিব্যঞ্জিকা। যথা ন যত্র মায়া কিমুতা পরে হরেরনুব্রতা যত্র সুরাসুরার্চ্চিতা ইতি দ্বিতীয়ে। দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরমিত্যগ্রে ইতীয়েশে তর্ক্য ইত্যাদিকং সত্যজ্ঞানেত্যাদিকঞ্চ পূর্ব্বত্র। এতন্ময়ী বিভূতিশ্চানশ্বরা। যথা দ্বিতীয়ে তত্রৈব। নচ কালবিক্রম ইতি শ্রীবিষ্ণুপুরাণে। কলা কাষ্ঠা নিমেষাদি কালসূত্রস্য গোচরে। যস্য শক্তির্ন শুদ্ধস্য প্রসীদতু স মে হরিরিতি। কলামুহূর্ত্তাদিময়শ্চ কালো ন যদ্বিভূতেঃ পরিণামহেতুরিতি চ। অত্র শুদ্ধস্যেত্যুক্তত্বাৎ ভগবৎস্বভাবৈষা মহতী শক্তিঃ। যা ত্বপরা সা ন তাদৃশী কিন্তু যথা তত্রৈব যস্যাযুতাযুতাংশাংশে বিশ্বশক্তিরিয়ং স্থিতেতি। সর্গাদ্যা ভাবশক্তয় ইতিচ। একাদশেচ। এষা মায়া ভগবতঃ সৃষ্টি স্থিত্যন্তকারিণীতি তদেবমপি যথার্হং বিবেচনীয়ং ॥ ২১ ॥

পুনরবান্তরপ্রকরণং তথৈবোপসংহরতি এক ইতি। যস্মান্নারায়ণ ত্বমিত্যাদি একোঽসীত্যাদিচ তস্মাৎ সপার্ষিকবলোঽয়ং ত্বমেক এবাত্মা সর্ব্বেষাং প্রাপঞ্চিকাপ্রাপঞ্চিকানাং মূলস্বরূপং। তমেকং গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং ইতি সাক্ষাৎ প্রকৃতিপরো যোঽয়মাত্মা গোপালঃ কথং ত্ববতীর্ণো ভূম্যাং হবৈ ইতি গোপালতাপনী শ্রুতেঃ। বক্ষ্যতেচ সর্ব্বেষামেব ভাবানামিত্যাদি। কৃষ্ণমেনমবেহিত্বমিত্যাদিচ। তত্রাত্মত্বমেব সাধয়তি পুরুষ ইত্যাদিনা তত্র পুরুষো যোঽসাবুত্তমঃ পুরুষো গোপাল ইতি শ্রুতেঃ। পুরাণো গূঢ়ঃ

ক্রমসন্দর্ভঃ।

একস্ত্বং ॥ ২২ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রুতেশ্চ অস্তা লুপ্তা ধিষণা জ্ঞানমবিদ্যা যস্য তৎ। নিত্যমিতি সন্ধিনী সুখমিতি হ্লাদিনী বোধ ইতি সম্বিদ এতৎ স্বরূপশক্তিত্রিতয়াত্মকত্বাৎ সদানন্দ চিন্ময়্যঃ তনবো যদ্য তস্মিন্ ত্বয়ি অধিষ্ঠানে মায়াতঃ কারণাদুদ্যৎ উদগচ্ছৎ অপি যৎ অস্তং গচ্ছদপি সদিব সার্ব্বকালিকমিব। যদ্বা। যস্মাৎ সদনুগ্রাহকানি ত্বৎস্বরূপাণ্যেব মঙ্গলানি তস্মাদিদং জগদেব অসৎ স্বরূপং অমঙ্গলাত্মকং নমু মিথ্যাভূতস্য জগতঃ কিং ভদ্রাভদ্রবিচারেণ তত্রাহ স্বপ্নাভং স্বপ্নবন্ন ভাতীতি তৎমিথ্যাত্বেন ন প্রতীতমিত্যর্থঃ। কিন্তু অস্তধিষণত্বাৎ পুরুদুঃখদুঃখত্বাদভদ্রমপি সদিব বিষয়ানন্দদৃষ্ট্যা উত্তমমিবাভাতি ॥ ২১ ॥

কিঞ্চ ভবানন্তমূর্ত্তিত্বেঽপি ত্বমচিন্ত্যশক্ত্যা একমূর্ত্তিরেবেত্যাহ এক ইতি ত্বং এক আত্মা পরমাত্মেত্যর্থঃ। জীবাত্মনাং বহুত্বেনৈকত্বাভাবাৎ। নমু পরমাত্মা নিরাকার এব ন পুরুষঃ পুরুষশব্দস্যাকৃতিমত্যেব পদার্থে রূঢ়েঃ। কিমন্যঃ পুরুষ ইবার্ব্বাচীনঃ ন পুরাতনঃ। নমু নন্দপুত্রত্বাদর্বাচীনোঽপ্যহং পুরাতনো ভবতঃ স্তত্যো বাভূবং নতু যথার্থতয়েতি তত্রাহ সত্যঃ ত্বং নন্দপুত্রোঽপি সত্যঃ ত্রৈকালিক

নিত্যবৎ প্রকাশ পাইতেছে অর্থাৎ আপনি অধিষ্ঠান হওয়াতে আপনার গুণে সেই সেই প্রকারে প্রকাশিত হইতেছে ॥ ২১ ॥

ভগবন্! এক আপমি সত্য, যে হেতু আপনি আত্মা অর্থাৎ দৃশ্য নহেন, সুতরাং যিনি আত্মা, তিনি অবশ্য সত্য, প্রভো! আপনি আদ্য অর্থাৎ সকলের কারণ, অতএব আপনকার জন্ম নাই। ভগবন্! আপনি যে আদ্য (কারণ) তাহার হেতু এই, আপনি পুরাণ অর্থাৎ সৃষ্ট্যাদি কার্য্যের পূর্ব্বা-

নিত্যোঽক্ষরোঽজস্রসুখো নিরঞ্জনঃ পূর্ণোঽদ্বয়োমুক্ত উপাধিতোঽমৃতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

বিনাশান্ বারয়তি। পূর্ণত্বে হেতুরনন্তঃ অদ্বয় ইতি চ দেশকালপরিচ্ছেদরহিতঃ। বস্তুপরিচ্ছেদরহিতোঽপি। অন্যচ্চোপপাদনায় চতুর্ব্বিধক্রিয়াফলং বারয়তি স্বয়ংজ্যোতিঃ নিরঞ্জন উপাধিতো মুক্ত ইতি পদত্রয়েণায়ং ভাবস্তত্রোৎপত্তিঃ আদ্য ইত্যনেনৈব নিরাকৃতা প্রাপ্তিরপি ক্রিয়য়া জ্ঞানেন বা ভবেৎ ক্রিয়য়া প্রাপ্তিরাত্মপদেনৈব নিরাকৃতা। জ্ঞানতঃ প্রাপ্তিং বারয়তি স্বয়ংজ্যোতিরিতি। বিকৃতিরপি তুষাপাকরণেনাবঘাতেন ব্রীহীণামিব উপাধ্যপাকরণেন ভবেৎ তচ্চাসঙ্গত্বান্ন সম্ভবতীত্যাহ মুক্ত উপাধিত ইতি। সংস্কারোঽপি কিমতিশ-

বৈষ্ণবতোষণী।

পুরাণপুরুষো বনচিত্রমাল্য ইতি বক্ষ্যমাণাৎ। সত্যঃ সত্যব্রতং সত্যপরং ত্রিসত্যমিত্যাদ্যুক্তত্বাৎ। স্বয়ং জ্যোতিঃ। যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বিদ্যা তস্মৈ গাপয়তিস্ম কৃষ্ণঃ তং হ দেব মাত্মবুদ্ধিপ্রকাশং মুমুক্ষুর্বৈ শরণমমুং ব্রজেদিতি তচ্ছ্রুতেঃ। অনন্তঃ। নচান্তর্ন বহির্যস্য ইত্যাদি। যোঽয়ং কাল স্তস্য তে ইত্যাদ্যুক্তত্বাৎ। আদ্যঃ। ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণ ইত্যাদি ব্রহ্মসংহিতায়াং। বিদিতোঽসি ভবান্ সাক্ষাদিত্যাদি শ্রীবসুদেববাক্যাদের্নিত্যঃ নিত্যোনিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্ তং পীঠগং যে তু যজন্তি বিপ্রাস্তেষাং সিদ্ধিঃ শাশ্বতী নেতরেষাং। এতদ্বিষ্ণোঃ পরমং পদং যো নিত্যোদ্যুক্তাঃ সংযজন্তে ন কামান্। তেষামসৌ গোপরূপঃ প্রযত্নাৎ প্রকাশয়েদাত্ম পদং তদেবেতি তচ্ছ্রুতেঃ। অক্ষরঃ যস্মাৎ ক্ষরমতীতোঽহং অক্ষরাদপি চোত্তম ইতি শ্রীগীতাতঃ। অজস্রসুখঃ কৃষ্ণাত্মকো নিত্যানন্দৈকরূপঃ ইতি তচ্ছ্রুতিঃ। কেবলানুভবানন্দস্বরূপ ইতি শ্রীবসুদেববাক্যাদেঃ। নিরঞ্জনঃ বিশুদ্ধবিজ্ঞানঘনং স্বসংস্থয়া সমাপ্তসর্ব্বার্থমিতি শ্রীনারদবাক্যাৎ পূর্ণঃ। তে হোচুরুপাসনমেতস্য গোবিন্দস্যাখিলাধারিণো ব্রূহীতি তচ্ছ্রুতেঃ কোবেত্তি ভূমন্নিত্যাদি ব্রহ্মবাক্যাদেঃ। অদ্বয়ঃ অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমো নম ইতি তচ্ছ্রুতেঃ। মুক্ত উপাধিতঃ সাক্ষাৎ প্রকৃতিপর ইতি তচ্ছ্রুতেঃ। অমৃতঃ গোবিন্দান্মৃত্যু র্বিভেতীতি তচ্ছ্রুতেঃ। মর্ত্ত্যোমৃত্যুর্ব্যালভীতঃ পলায়ন্ লোকান্ সর্ব্বানিত্যাদি বাক্যাদেঃ। তথা জন্মজরাভ্যাং ভিন্নঃ স্থাণুরয়মচ্ছেদ্যোঽয়ং। যোঽসৌ সৌর্য্যে তিষ্ঠতি যোঽসৌ গোষু তিষ্ঠতি যোঽসৌ গোপান্ পালয়তি যোঽসৌ গোপেষু তিষ্ঠতীত্যাদি তচ্ছ্রুতেরেব। তত্র টীকায়াং পদত্রয়েণ চতুর্ব্বিধং ক্রিয়াফলং বারয়তি ইতি তদ্বারণং

ক্রমসন্দর্ভঃ।

নন্বাত্মা খলু শুদ্ধাবস্থো জীব এব মূলং। ততস্তদজ্ঞানেনৈব জাতঃ প্রপঞ্চস্তজ্জ্ঞানেনৈব নশ্যেৎ। তত্র তাদৃশমতজ্জ্ঞানাং কিমিতি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সত্তাবান্ পুরাণ পুরুষ ইত্যর্থঃ। নন্বস্য পুরুষস্য কালকর্ম্মাদিপ্রকাশ্যত্বাদহমপি কিং তথৈব। ন। স্বয়ংজ্যোতিস্ত্বস্ত স্বপ্রকাশঃ। কিং সূর্য্যাদিবৎ পরিচ্ছিন্নঃ। ন। অনন্তঃ ন বিদ্যতে হন্তঃ কালতো দেশতশ্চ যস্য সঃ। নন্বন্যোঽপ্যবতারা এবম্ভূতা এব তেষামহং কতমস্তত্রাহ আদ্যঃ ত্বং তেষামপি মূলভূতো হবতারীত্যর্থঃ। নন্বহং দ্বিপরার্দ্ধান্তে স্বিনেতংস্বরূপেণৈবাবস্থাস্যামি নবেত্যত আহ নিত্যঃ। জগদিদং পুরাতনমপি সত্যমপি দ্বিপরার্দ্ধান্তে স্বরূপেণাস্থায়িত্বাদনিত্যমুচ্যতে। ত্বন্তু তদাপি নন্দপুত্রাকারেণাপি স্থাস্যসীতি নিত্য উচ্যসে। ত্বদাকারস্য পূর্ণব্রহ্মস্বরূপত্বাৎ যোঽসৌ সৌর্য্যে তিষ্ঠতীত্যাদৌ যঃ সাক্ষাৎ পরব্রহ্মেতি গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং বৃন্দাবনসুরভূরুহতলাসীনমিতি বা তাপনীশ্রুতেঃ। ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি ত্বদুক্তেশ্চ। নন্বাকারবত্তঃ ষড়্ বিকারবত্বেন প্রতিক্ষণক্ষরত্বাদহমপি কিং তথৈব। ন। অক্ষরঃ নন্বাকারবন্তো হ্যবশ্যমেব সুখদুঃখধর্ম্মাণো ভবন্তি তত্রাহ অজস্রসুখঃ। নন্বু মম বাল্যে গোপীস্তন্যদুগ্ধদধিঘৃতাদিষু লোভঃ পৌগণ্ডে কালিয়াদিষু কোপঃ কৈশোরে গোপিকাসু কাম ইত্যহং কামাদিমালিন্যযুক্ত এব ন নিরঞ্জনঃ ত্বৎকামাদীনামপি চিন্ময়ত্বাৎ। নন্বু তদপি গোপিকাদিসাপেক্ষত্বাদপূর্ণস্ত ভবাম্যেবেতি তত্রাহ পূর্ণঃ। প্রেমিভক্তসাপেক্ষত্বং হি ন পূর্ণত্বং ব্যাহন্তীত্যর্থঃ। নন্বেবম্ভূতো মদ্বিধঃ কোঽপ্যন্যো বর্ত্ততে নবেতি তত্রাহ অদ্বয়ঃ। নন্বু সত্যমদ্বয়ত্বাৎ পূর্ণব্রহ্মৈবাহং তদপি কেচিন্মাং বিদ্যোপাধিং মন্যন্তে তত্রাহ উপাধিতো মুক্ত ইতি বিদ্যাবিদ্যাভ্যাং ভিন্ন ইতি গোপালতাপনীশ্রুতেঃ। যত্ত্বমমৃত ইতি অমৃতং শাশ্বতং

বধি বর্ত্তমান আছেন। তাহার কারণ শ্রুতিতে আপনাকে পুরুষ শব্দে বলিয়াছেন, পুরুষের অর্থ সৃষ্টির পূর্ব্বে বর্ত্তমান। অপর আপনি নিত্য অর্থাৎ সনাতন, ইহাতে আপনকার জন্মান্তর ও অস্তিত্ব লক্ষণ বিকার নাই, আর আপনি পূর্ণ, অজস্রসুখ, অক্ষর ও অমৃত, সুতরাং আপনার বৃদ্ধির বিপরিণাম, অপক্ষয় অথবা বিনাশ নাই, অপিচ আপনি অনন্ত ও অদ্বয় অতএব দেশ ও কাল দ্বারা পরিচ্ছেদ এবং কোন্

এবম্বিধং ত্বাং সকলাত্মনামপি স্বাত্মানমাত্মাত্মতয়া বিচক্ষতে।
গুর্ব্বর্কলব্ধোপনিষৎসুচক্ষুষা যে তে তরন্তীব ভবানৃতাম্বুধিং ॥ ২৩॥
আত্মানমেবাত্মতয়া বিজানতাং তেনৈব জাতং নিখিলং প্রপঞ্চিতং।

শ্রীধরস্বামী।

য়াধানেন মলাপাকরণেন বা তত্রাতিশয়াধানং পূর্ণত্বেনৈব নিরাকৃতং মলাপাকরণং বারয়তি নিরঞ্জন ইতি নির্ম্মল ইত্যর্থঃ ॥ ২২ ॥

তস্মাদেবম্ভূতজ্ঞানান্মুচ্যন্তে ইত্যাহ এবম্বিধমিতি দ্বাভ্যাং। ত্বাং যে বিচক্ষতে সম্যক্ পশ্যন্তি কথং আত্মাত্মতয়া আত্মা প্রত্যক্ তস্য স্বরূপত্বেন নচৈতৎ পুত্রাদিদ্বিব গৌণমিত্যাহ সকলাত্মনামপি স্বাত্মানং কেন গুরুরেবার্কস্তস্মাল্লব্ধা উপনিষজ্ জ্ঞানং তদেব সুচক্ষুস্তেন ভব এবানৃতাম্বুধি স্তং তে তরন্তীব ॥ ২৩॥

অত্রচ জ্ঞানেন তরন্তীতি। তচ্চ তরন্তীবেতি তচ্চাত্মাত্মতয়া জ্ঞানেনেত্যর্থত্রয়ং প্রতিজ্ঞাতং ক্রমেণোপপাদ্যতে। তত্রাত্মানমেবাত্মতয়েত্যনেন শ্লোকেন জ্ঞানেন তরন্তীত্যুপপাদ্যতে। জ্ঞানসংজ্ঞাবিত্যনেন তরন্তীবেত্যেতৎ। ত্বামিত্যাদি শ্লোকদ্বয়েন তু

বৈষ্ণবতোষণী।

সমাপয়তীত্যর্থঃ ॥ ২২ ॥

এতাদৃশত্বজ্জ্ঞানেনানায়াসেনৈব সংসারান্মুচ্যন্তে ইত্যাহ এবমিতি। এবম্বিধং পূর্ব্বোক্তপ্রকারকং ত্বাং শ্রীকৃষ্ণং সকলাত্মনামপি জীবভেদানাং পূর্ব্বোক্তপুরুষত্রয়ভেদানাঞ্চাপি রশ্মীনাং স্বৈকদেশানাঞ্চ সূর্য্যমণ্ডলমিব আত্মানং পরমস্বরূপং আত্মাত্মতয়া সকলেত্যাদিনা যথোক্তং তথৈব নতু কেবলশুদ্ধাত্মাদিতয়েত্যর্থঃ। বিচক্ষতে আত্মাদিতঃ সর্ব্বতঃ পরমপ্রেমাস্পদত্বেনানুভবন্তি সাক্ষাদ্দুপদেষ্টৃত্বাৎ তাদৃশো গুরুরেবার্কঃ নত্বন্যোপদেষ্টৃবৎ দীপাদিস্থানীয়ঃ। তদ্বিধশ্চ কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাং ইত্যনুসারেণ শ্রীশুকদেবাদিঃ। উপনিষচ্ছ্রীগোপালতাপন্যাদ্যা। যোহসৌ ব্রহ্ম পরং ব্রহ্ম গোপাল ইত্যাদিরূপা। ভবো জন্মমরণাদিময়ঃ সংসারঃ। তস্যানৃতত্বাত্ত্বদাশ্রয়েণচ স্বয্যম্বুজাক্ষেত্যাদি রীত্যা গোবৎসপাদায়মানত্বাদিব শব্দঃ ॥ ২৩ ॥

নম্বাত্মা খলু শুদ্ধাবস্থো জীবএব মূলং ততস্তদজ্ঞানেন এব জাতঃ প্রপঞ্চস্তজ্জ্ঞানেনৈব নশ্যেৎ কিং ভগবজ্ জ্ঞানেনেতি বিপ্রতিপন্নান্নিরাকরোতি আত্মানমেবেতি আত্মানং স্বয়মেবাত্মতয়া মূলস্বরূপত্বেন বিজানতাং জীবানাং ভবন্তং তু তদ্রূপত্বেনাপ্যবিজানতাং

ক্রমসন্দর্ভঃ।

কেষাঞ্চিন্মতমিত্যাশঙ্ক্যাহ আত্মানমিতি আত্মানং শুদ্ধজীবমেবাত্মতয়া মূলস্বরূপত্বেন বিজানতাং ত্বাং তু তদ্রূপত্বেনাবিজানতামিত্যেবকারার্থঃ। তেনৈব মূলেন স্বদজ্ঞানেনৈব হেতুনা লব্ধচ্ছিদ্রয়া মায়য়া নিখিলং দেহাদিকং প্রপঞ্চিত শুদ্ধে জীবে অহংমমতয়াধ্যস্তং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্মেতি শ্রুত্যুক্তমমৃতশব্দবাচ্যং নিরুপাধি ব্রহ্মৈব। শ্লেষেণ ন বিদ্যতে মৃতং মৃত্যু র্যস্মাৎ স ইতি ॥ ২২ ॥

কিঞ্চ ত্বদীয়নির্ব্বিশেষব্রহ্মস্বরূপোপাসকা অপি ত্বয়ি পুরুষাকারস্বরূপে পরমাত্মত্বেন ভক্ত্যা ভাগ্যবশাদ্যদি প্রাপ্তনিষ্ঠাঃ স্যুস্তর্হি তে শান্তভক্তাঃ সংগীয়ন্ত ইত্যাহ। এবম্বিধং উক্তলক্ষণং ত্বাং সকলাত্মনাং সর্ব্বজীবাত্মনাং স্বাত্মানং মূর্ত্তত্বেন মনোনয়নাহ্লাদকত্বাৎ শোভনমাত্মানং পুরুষস্বরূপমেব আত্মাত্মতয়া পরমাত্মত্বেন ভক্ত্যা যে পশ্যন্তি পরমাত্মতয়া কৃষ্ণে জাতা শান্তীরতির্মতেতি শ্রীভক্তিরসামৃতোক্তেঃ। কেন গুরুরেবার্কস্তস্মাল্লব্ধা অধ্যয়নেন প্রাপ্তা যা উপনিষৎ সৈব সুচক্ষুস্তেন তদর্থাবগাহনোত্থেন জ্ঞানেন ভব এব অনৃতাম্বুধিস্তং তরন্তীব ॥ ২৩ ॥

নহু তরন্ত্যেব তে কিমিতি তরন্তীবেতি ব্রূষে তথা ভবস্য চানৃতত্বং বা কুতস্তত্র তেষাং জ্ঞানিনামাগ্রণীয়ৈ বিবর্ত্তবাদমতে জগদিদমনৃতমেব ইত্যত তত্তরণমনৃতমেব তরন্তীবেত্যুচ্যতে ইত্যাহ আত্মানং জীবং আত্মতয়া জ্ঞানানন্দময়াত্মত্বেন অবিজানতাং কিন্তু অবিদ্যয়া

বস্তু দ্বারা পরিচ্ছেদ শূন্য। অধিকন্তু আপনি স্বয়ংজ্যোতিঃ নিরঞ্জন এবং বিদ্যা ও অবিদ্যা দ্বিবিধ উপাধি হইতেই ভিন্ন ॥ ২২ ॥

ভগবন্! আপনি এবম্বিধ এবং সকলের আত্মা, যে সকল ব্যক্তি সম্যক্ প্রকারে আপনাকে আত্মস্বরূপে নিরীক্ষণ করেন তাঁহারা দিবাকরস্বরূপ গুরু হইতে অধ্যয়নদ্বারা লব্ধ উপনিষৎ রূপ সুন্দর নেত্র দ্বারা সংসার রূপ অনৃত সাগর উত্তীর্ণ হয়েন ॥ ২৩ ॥

আত্মরূপে পরিজ্ঞাত না হইলে অজ্ঞানবশতঃ সমুদায় প্রপঞ্চ প্রকাশ পায় কিন্তু জ্ঞান হইবামাত্রই

জ্ঞানেন ভূয়োঽপি চ তৎ প্রলীয়তে রজ্জ্বামহের্ভোগভবাভবৌ যথা ॥ ২৪ ॥
অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষৌ দ্বৌ নাম নান্যৌ স্ত ঋতজ্ঞভাবাৎ।

শ্রীধরস্বামী।

আত্মাত্মতয়া ইত্যুপপাদাতে। নমু জ্ঞানেন ভবং কথং তরন্তীতি তস্যাজ্ঞানমূলত্বাদিত্যাহ আত্মানমেবেতি। তেনৈবাজ্ঞানেনৈব প্রপঞ্চিতং প্রপঞ্চঃ। রজ্জ্বামহে ভোগভবাভবাবিতি সর্পশরীরস্যাধ্যাসাপবাদৌ যথেতি ॥ ২৪ ॥

নমু জ্ঞানিন স্তবন্মোব কিমিদমুচ্যতে তরন্তীব ইতি তত্রাহ অজ্ঞানসংজ্ঞাবিতি। অজ্ঞানেন সংজ্ঞা যয়োস্তৌ ভববন্ধমোক্ষৌ ভবেন বন্ধস্তন্মোক্ষশ্চ তৌ দ্বৌ নাম প্রসিদ্ধৌ ঋতজ্ঞ ভাবাৎ ঋতশ্চাসৌ জ্ঞশ্চেতি যো ভাবস্তস্মাদন্যৌ নস্তঃ। নমু কথং মহান্ প্রলাপঃ

বৈষ্ণবতোষণী।

ইত্যেবকাবার্থঃ। তেনৈব মূলেন ভগবদজ্ঞানেনৈব হেতুনা নিখিলং প্রপঞ্চিতং জাতং তং দোষনসহিষ্ণ্বা ভগবত্তক্তয়া মায়য়া বিস্তারিতং দেহাদিকং তেবাং জাতং। স্বরূপাস্ফূর্তিপূর্ব্বকতদধ্যাসেন তদীয়তয়া সম্পন্নং তস্মাজ্জ্ঞানেন মূলেন ভগবদজ্ঞানচ্ছেদকেন ভগবজ্জ্ঞানেনৈব স্বরূপাজ্ঞানং তদধ্যাসহেতুবজ্জ্ঞানমপি প্রলীয়তে তৎপ্রলয়মেব দৃষ্টান্তেন স্পষ্টং বোধয়তি রজ্জ্বামিতি। অত্রৈকদেশোধিশেষো দ্রষ্টব্যঃ। ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য বিপর্যয়োঽস্মৃতিঃ। তন্মায়য়াতো বুধ আভজেত্তং ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা ইতি তৈশ্চ ব্যাখ্যাতং। যতোভয়ং তন্মায়য়াতো ভবেত্ততো বুধো বুদ্ধিমাংস্তমেব ভজেৎ উপাসীত। নমু ভয়ং দ্বিতীয়াভিনিবেশতো ভবতি সচ দেহাহঙ্কারতঃ সচ স্বরূপাস্ফুরণাৎ কিমত্র তস্য মায়া করোতি অত আহ ঈশাদপেতস্য ইতি। ঈশবিমুখস্য তন্মায়য়া অস্মৃতিঃ স্বরূপাস্ফূর্ত্তি র্ভবতি ততো বিপর্য্যয়ো দেহোঽস্মীতি ততো দ্বিতীয়াভিনিবেশাদ্ভয়ং ভবতি। এবং হি প্রসিদ্ধং লৌকিকীষ্বপি মায়াসু। উক্তঞ্চ শ্রীভগবতা। দৈবী হেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইত্যাদি। যদাপ্যেবং তথাপীশ্বরতত্ত্বমাত্রস্যাপেক্ষয়া তত্রচ প্রতিপত্তিমাত্রস্য নচাংশিনঃ নচানুভবস্য শ্রীরামনাম্নাপি তচ্ছ্রবণাৎ। তস্মাৎ তত্র জীবস্বরূপানুভব এব সম্যগপেক্ষতে পরিপূর্ণাবির্ভাবস্য স্বয়ং ভগবতস্তজ্জ্ঞানং পরমং মহদেবেতি তস্যচ ফলং স্বয়িচ পরমপ্রেমোদয় এবেতি ভাবঃ ॥ ২৪ ॥

অনৃতত্বং দর্শয়তি অজ্ঞানেতি। ঋত শব্দেনাত্রাব্যভিচার্য্যুচ্যতে জ্ঞশব্দেন জ্ঞাতা ভাবশব্দেন পদার্থবিশেষঃ। ঋতশ্চাসৌ জ্ঞশ্চেতি ঋতজ্ঞঃ সচাসৌ ভাবশ্চেতি ঋতজ্ঞভাবঃ। এষ এবাজস্রচিত্যাত্মনীত্যনুবাদিষ্যতে তত্র ঋতাজস্রয়োরেকত্বং ব্যক্তমেব জ্ঞচিতোরেকত্বং প্রকাশরূপস্য সূর্য্যাদেঃ প্রকাশমানত্ববচ্চিতোঽপি চেতনরূপত্বাৎ। যৎ খলু স্বপ্রকাশমজ্ঞানরহিতঞ্চ তজ্জ্ঞাতৃ স্যাদেব ভাবাত্মনোবেকত্বঞ্চ ভাবয়তি প্রকাশয়তি চেতয়তীতি নিরুক্তেঃ আত্মনীত্যাত্মানমিত্যাভ্যাং জীবস্বরূপমেবাত্র পূর্ব্বত্রচ পদ্যে লভ্যতে। তত্রৈবা-

ক্রমসন্দর্ভঃ।

জাতং। তস্মাজ্ জ্ঞানেন মূলস্বরজ্ঞানচ্ছেদকেন স্বজ্ঞানেনৈব তদধ্যাসহেতুরজ্ঞানমপি প্রলীয়তে তৎপ্রলয়মেব দৃষ্টান্তেন বোধয়তি রজ্জ্বামিতি। তথা চৈকাদশে বক্ষ্যতে। ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশদপেতস্যেত্যাদি ॥ ২৪ ॥

অনৃতত্বমেব দর্শয়তি অজ্ঞানসংজ্ঞাবিতি। আত্মশব্দেনাত্র পূর্ব্বত্র চ পদ্যে শুদ্ধজীবশ্চোচ্যতে। নতু শ্রীভগবান্ তত্রৈবাজ্ঞানবন্ধমোক্ষ-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আবরণাজ্জ্ঞাতুমশক্নুবতাং তেনৈবাজ্ঞানেন নিখিলং প্রপঞ্চিতং সর্ব্বঃ সংসারোঽভূৎ। ভূয়ঃ পুনশ্চ সাংখ্যযোগবৈরাগ্যতপোভক্তিভিরাত্মনো দেহব্যতিরিক্তত্বেন যজ্জ্ঞানং তেন তৎ সর্ব্বং প্রপঞ্চিতং বিলীয়তে। যথা রজ্জ্বাং অহে র্ভোগস্য সর্পশরীরস্য অজ্ঞানজ্ঞানাভ্যাং ভবাভবৌ অধ্যাসাপবাদৌ ॥ ২৪ ॥

অতএব ভবস্যানৃতত্বং অনৃতত্বাদেব তত্তরণস্যাপ্যনৃতত্বং স্পষ্টয়তি অজ্ঞানেতি। অজ্ঞানেন সংজ্ঞা যয়োস্তৌ ভববন্ধমোক্ষৌ ভবঃ সংসারস্তদ্রূপো বন্ধশ্চ তন্মোক্ষশ্চ তৌ দ্বৌ নাম জ্ঞভাবো জ্ঞাতৃত্বং জ্ঞানমিতি যাবৎ ঋতশ্চাসৌ জ্ঞভাবশ্চ তস্মাদন্যৌ যৌ স্তঃ তৌ ঋতজ্ঞ-

তৎ প্রভাবে পুনরায় তাহা বিলীন হইয়া যায়। অতএব সংসারের মূল যদি অজ্ঞান হইল তবে জ্ঞান দ্বারা ঐ সংসার উত্তীর্ণ হওয়া অসম্ভব নহে কারণ, জ্ঞান অজ্ঞানের বাধক ॥ ২৪ ॥

ভগবন্! অজ্ঞানদ্বারা লব্ধসংজ্ঞ যে দুইটী প্রসিদ্ধ ভববন্ধ ও ভবমোক্ষ, সে দুইটী পৃথক্ পদার্থ সত্য, কিন্তু ঋতজ্ঞভাব অর্থাৎ অব্যভিচারিজ্ঞান হইতে পৃথক্ নহে, কারণ অখণ্ডানুভবস্বরূপ বিশুদ্ধ-

অজস্রচিত্যাত্মনি কেবলে পরে বিচার্য্যমাণে তরণাবিবাহনী ॥ ২৫ ॥
ত্বামাত্মানং পরং মত্বা পরমাত্মানমেবচ। আত্মা পুনর্বহির্ম্মৃগ্য অহো হজ্ঞজনতাজ্ঞতা ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

ক্রিয়তে পরমার্থবিচারাদিত্যাহ অজস্রেতি। অখণ্ডানুভবস্বরূপে পরে শুদ্ধে আত্মনি নাজ্ঞানং নচ বন্ধঃ অতএব ন জ্ঞানং নচ মোক্ষ. তরণৌ রাত্র্যহনী ইতি ॥ ২৫ ॥

নন্বু পরমাত্ম জ্ঞানাৎ অজ্ঞানকৃতো বন্ধো নিবর্ত্ততাং আত্মত্বৈব জ্ঞানাদিতি কোঽয়মাগ্রহ ইত্যাশঙ্ক্য যদধ্যাসাদাত্মনঃ স্বরূপাস্ফূর্ত্তিস্তদপবাদেন তত্রৈব জ্ঞানং যুক্তমিতীমমর্থং বিস্ময়েনাক্রোশন্নিবাহ ত্বামিতি। ত্বামাত্মানং পরং দেহাদিং মত্বা আত্মনি দেহাদি

বৈষ্ণবতোষণী।

জ্ঞান জ্ঞানাবন্ধমোক্ষ বিচারার্হত্বাৎ। প্রকরণেঽস্মিন্নাভ্যামন্যত্র ভগবদ্বাচিত্বাৎ যুষ্মত্তবচ্ছব্দয়োঃ সর্ব্বত্র প্রযুক্তত্বাচ্চ। তস্মাদয়মর্থঃ। যৌ ভববন্ধমোক্ষৌ ঋতজ্ঞভাবাদন্যৌ স্তঃ মায়াবৃত্তিরূপত্বাৎ তৌ তস্মিন্নজস্রচিদাত্মরূপে ঋতজ্ঞভাবেতু বিচার্য্যমাণে ন স্তঃ। তত্রান্যয়োঃ সম্বন্ধোঽস্তি নাস্তি বেতি বিচারে ক্রিয়মাণে তু তত্র নসম্ভবত ইত্যর্থঃ। তর্হি কথং তৌ স্ফুরত স্তত্রাহ অজ্ঞানেনৈব সংজ্ঞা প্রতীতির্যয়োস্তৌ তথা দৃষ্টান্তেন দর্শয়তি। যে অহনী লিঙ্গসমবায়ন্যায়েন রাত্র্যহনী তরণেরন্যৌ স্তঃ কালবৃত্তিরূপত্বাৎ তেতু তরণৌ তথা বিচার্য্যমাণে যথা নসম্ভবত ইত্যর্থঃ ॥ ২৫ ॥

যেতু সকলাত্মনামপ্যাত্মানং ত্বাং আত্মমাত্রতয়া বিচক্ষতে তে ত্বতিমূর্খা এবেত্যাহ ত্বামিতি। পরমাত্মানমেব ত্বাং পরং কেবলমাত্মানং শুদ্ধজীবস্বরূপং মত্বা। অপ্যর্থে চকারঃ। আত্মা আততত্বাচ্চ মাতৃত্বাৎ আত্মাহি পরমো হরিরিতি স ভবানপি অপুনর্ব্বহির্ম্মৃগ্যঃ স্যাৎ। অভাবে ন হ্ন নো নাচেত্যমরঃ। ন পুনর্ব্বহিঃ শ্রীবৃন্দাবনে মৃগ্যতে কিন্তু শুদ্ধজীবস্বরূপভেদেন দেহান্তরে এব মৃগ্যতে ইত্যর্থঃ। অহো বিস্ময়ে ইয়মজ্ঞজনতায়া অজ্ঞতা। পূর্ব্বোক্তস্ত বিবিধবৈলক্ষণ্যস্য হান্যানমুসন্ধানাৎ। যদ্বা। আত্মানং সর্ব্বেষাং মূলস্বরূপং ত্বাং পরং অনাত্মানং মত্বা তথা পরং ত্বত্তোঽন্যমেব তাদৃশমাত্মানং মত্বা যঃ কশ্চিদন্যো ভবেদিতি কল্পয়িত্বা বহিস্ত্বৎপাদাব্জসদনাদস্মাদন্যত্র আত্মা মৃগ্যো ভবতি মৃগ্যত ইত্যর্থঃ ইয়মহো অজ্ঞজনতায়া অজ্ঞতা। যদ্বা ত্বং কেবলং আত্মানং জীবস্ত শুদ্ধ স্বরূপমেব মত্বা তত উৎকর্ষাবাপ্তৌ পরমাত্মানমন্তর্যামিমাত্রং চ ত্বাং মত্বা তথা তথা বা যদি মন্যতে তদাপীত্যর্থঃ। অজ্ঞজনতায়া অজ্ঞতৈব পরিশিষ্যতে। বিষ্টভ্যাহমিদং

ক্রমসন্দর্ভঃ।

বিচারার্হত্বাৎ। প্রকরণেঽস্মিন্নাভ্যামন্যত্র ভগবদ্বাচিত্বাৎ যুষ্মত্তবচ্ছব্দয়োঃ সর্ব্বত্র যুক্তত্বাৎ ॥ ২৫ ॥

যে তু সকলাত্মনামপ্যাত্মানং ত্বাং অন্যথা বিচক্ষতে তেত্বতি মূর্খা এবেত্যাহ ত্বামিতি। আত্মানং সর্ব্বেষাং মূলস্বরূপং ত্বাং পরং অনাত্মানং মত্বা যঃ কশ্চিদন্যো ভবেদিতি কল্পয়িত্বা বহিস্ত্বৎপাদাব্জসদনাদস্মাদন্যত্র আত্মা মৃগ্যো ভবতি মৃগ্যত ইত্যর্থঃ। ইয়মহো অজ্ঞজনতায়া অজ্ঞতেতি। যদ্বা। ত্বাং কেবলং জীবস্য শুদ্ধস্বরূপমেব মত্বা তত উৎকর্ষাবাপ্তৌ পরমাত্মানমন্তর্যামিমাত্রঞ্চ ত্বাং মত্বা তথা তথা বা যদি মন্যতে তদাপীত্যর্থঃ। অজ্ঞজনতায়া অজ্ঞতৈব পরিশিষ্যতে। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিতি ভগবদ্বাক্যাৎ। যতশ্চ। আত্মা মুখ্যবৃত্ততচ্ছব্দ বাচ্যো বহির্ম্মৃগ্য এবেত্যঞ্জলিনা শ্রীচরণৌ দর্শয়তি। যদ্যেবং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাবে তস্মিন্নজস্রচিত্যাত্মনি তৎস্বরূপে জীবে কেবলে দেহাদি সঙ্গরহিতে বিচার্য্যমাণে সতি ন স্তঃ ন সম্ভবত ইত্যন্বয়ঃ। দৃষ্টান্তেন দর্শয়তি। যে অহনী লিঙ্গ সমবায়ন্যায়েন রাত্র্যহনী তরণেরন্যৌ স্তঃ। তে তু তরণৌ তথা বিচার্য্যমাণে যথা ন সম্ভবত ইত্যর্থঃ ॥ ২৫ ॥

যে স্বাত্মবিমন্যাঃ পুরুষাকারং ত্বাং নাদ্রিয়ন্তে ত এব পূর্ব্বোক্তাঃ স্থূলতুষাবঘাতিন ইত্যাহ ত্বামিতি। চ অপ্যর্থে। পরমাত্মানমেবাপি ত্বাং পুরুষাকারং পরং শুদ্ধপরমাত্মতোঽন্যং মায়াশরণং আত্মানং মত্বা আত্মা পরমাত্মা পুনস্ত্বত্তোবহিরেব মৃগ্যঃ। অহো তস্যা অজ্ঞজনতায়া অজ্ঞতা অত্যদ্ভুতেত্যর্থঃ। অয়মর্থঃ। বিবর্ত্তপরিণামাদয়োবাদাঃ খলু চিজ্জিন্নে মায়িকে জগত্যেব প্রবর্ত্তন্তে। নতু পূর্ণচিতি ব্রহ্মণি তথা শাব্দং ব্রহ্ম বপুর্দধদিতি তৃতীয়াৎ। যত্তদ্বপুর্ভাতি বিভূষণায়ুধৈরব্যক্তচিদ্ব্যক্তমধারয়দ্বিভুঃ। বভূব তেনৈব

আত্মা ও দেহাদি সঙ্গ রহিত আত্ম স্বরূপ জীবের বিচার করিলে অজ্ঞান অথবা বন্ধ কিছুই থাকে না, অতএব দিবাকরে যেমন দিবা এবং রাত্রি কিছুই নাই তদ্বৎ তাহাতে জ্ঞান ও মোক্ষ কিছুই নাই ॥২৫॥

প্রভো! তুমি আত্মা, তোমাকে পর (দেহাদি) জ্ঞান করিয়া অর্থাৎ আত্মাতে দেহাদি অধ্যাস করিয়া, আর পরকে (দেহাদিকে) আত্মজ্ঞান করিয়া অর্থাৎ দেহাদিতে আত্মার অধ্যাস করিয়া অজ্ঞ

অন্তর্ভবেঽনন্ত ভবন্তমেব হ্যতত্ত্যজন্তো মৃগয়ন্তি সন্তঃ।

শ্রীধরস্বামী।

মধ্যাসা তথা পরং দেহাদিমাত্মানং মত্বা দেহাদাবাত্মানমধ্যাস্য অত্র নষ্ট আত্মা বহির্মৃগ্যতে ইতি চিত্রং। ন হি গৃহে নষ্টং বনে মৃগ্যত-ইতি॥ ২৬॥

বিবেকিনস্তু প্রত্যক্স্বরূপমেব পরমাত্মানং বিচিন্বন্তীত্যাহ অন্তর্ভব ইতি। ভবতীতি ভবং চিজ্জড়াত্মকং শরীরং তন্মধ্যে এব স্বাং

বৈষ্ণবতোষণী।

কৃৎস্নমেকাংশেন স্থিতোজগদিতি ভগবদ্বাক্যানমুসন্ধানাৎ যশ্চ আত্মা মুখ্যবৃত্তত্বচ্ছব্দবাচ্যো বহির্মৃগ্য এবেতি তর্জ্জনীযুগলেন চরণ-কমলযুগলং দর্শয়তি যদ্যেবং ন স্যাৎ তদাহমপি স্বসদন এব স্থিত্বা মনসি সমাধাস্যং ন পুনরত্র শ্রীবৃন্দাবনে সমায়াস্যং। নহি গৃহে নষ্টং বনে মৃগ্যত ইতি ভাবঃ। সন্ধিশ্ছন্দোঽনুরোধেন। অজ্ঞমন্যজনতায়া অজ্ঞতেতি বা। যদ্বা। যে জীবতত্ত্বেশ্বরতত্ত্ববিদোঽপি সর্ব্বং পরিত্যজ্য তাদৃশং শ্রীকৃষ্ণং সংপ্রতি শ্রীবৃন্দাবন এব মৃগ্যন্তে তান্ স্তৌতি। প্রথমং তাবৎ পরং কেবলং অদ্বৈতোপাসনয়া স্বামাত্মানং জীবস্বরূপান-তিরিক্তমনুভূয় ততঃ পরমাত্মানমেব চানুভূয় পুনরধুনা আত্মা তল্লক্ষণং সর্ব্বেষাং মূলস্বরূপং বহিশ্চক্ষুরাদি গোচরে মৃগ্যঃ সম্পাদ্যতে তস্মাদহো বিজ্ঞজনতায়া বিজ্ঞতেতি। অজ্ঞজনাজ্ঞতেতি কচিৎ পাঠঃ। তত্র চাজ্ঞশব্দেনানুত্তমশব্দবদ্বিজ্ঞ এবাত্র ব্যাখ্যেয়ঃ। অত্র মৃগ্য অহো ইত্যত্র রোক্ষস্বাভাবঃ সদৈন্যরোদন বচনত্বেন মৃগ্য ইত্যকারস্য প্লুতত্বাৎ অতো রোরপ্লুতাদপ্লুত ইতি সূত্রং ন প্রবর্ত্ততে ইতি॥ ২৬॥

পূর্ব্বত্র হেতুমাহ হে অনন্ত সর্ব্বব্যাপিন্ হি যস্মাৎ অন্তর্ভবে ব্যষ্টিসমষ্টিরূপস্য ভবস্ত জগতো মধ্যে সন্তো বিবেকবন্তঃ ভবন্তং শ্রীকৃষ্ণ-মেব মৃগয়ন্তি। সর্ব্বদোষহীনং সর্ব্বগুণপূর্ণমেব প্রাপ্তুং তেষাং মনোরথঃ স্বয়ং ভগবান্ ভবানেবচ তাদৃশ ইতি কিং কুর্ব্বন্তঃ। অতৎ স্বব্য-তিরিক্তমন্যদন্যদপরিতোষেণ ত্যজন্তঃ। নমু জগদেব মমাবরণং তৎ কথমত্র মৎপ্রাপ্তিঃ স্যাৎ উচ্যতে ভবেদেব মবিবেকিনাং বিবেকি-নাস্তু গূঢ়স্য কারণস্য তব তত্তদ্গুণলেশাভাসভাবিতং কার্য্যভূতং তদেব প্রত্যায়কং তত্রচাস্তু নাম সদ্রূপমসদ্রূপমপ্যানবিষ্যন্ তদা-শ্রয়লাভো। দৃষ্টত ইত্যাহ অসন্তমপীতি। সন্ত ইতি সাধারণবিবেকিনঃ পূর্ব্বেষাং তদ্বিশেষাণাং দৃষ্টান্তাঃ। অত্র চ তদংশত্যাগে ব্যষ্টি-

ক্রমসন্দর্ভঃ।

তর্হ্যহমপি স্বসদন এব স্থিত্বা মনস্যেব সমাধাস্যং ন পুনরত্র বৃন্দাবনে সমায়াস্যং। ন হি গৃহে নষ্টং বনে মৃগ্যত ইতি ভাবঃ। সন্ধি-শ্ছন্দো হ্যনুরোধেন। অজ্ঞমন্যজনতায়া অজ্ঞতেতি বা। যদ্বা। সর্ব্বং পরিত্যজ্য সম্প্রতি শ্রীকৃষ্ণৈকমুখ্যান্ স্তৌতি। এবং পরং তাবৎ কেবলং অদ্বৈতোপাসনয়া স্বাং আত্মানং জীবস্বরূপানতিরিক্তমনুভূয় ততঃ পরমাত্মানমেব চানুভূয় পুনরধুনা আত্মা সর্ব্বেষা মূলস্বরূপং বহিশ্চক্ষুরাদিগোচরং মৃগ্যঃ সম্পাদ্যতে। তস্মাদহো বিজ্ঞজনতায়াঃ শ্রীরুদ্রাদিরূপায়া বিজ্ঞতেতি। অজ্ঞজনাজ্ঞতা ইতি কচিৎ পাঠঃ॥ ২৬॥

অত্র চানুত্তমশব্দবদ্বিজ্ঞমুখ্যোঽপি ব্যাখ্যাতুং শক্যতে। পূর্ব্বত্র হেতুঃ। ভবন্তঃ শ্রীকৃষ্ণমেব। অতস্বব্যতিরিক্তমন্যদন্যদপরিতো-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স বামন ইত্যষ্টমাৎ। সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসমূর্ত্তয় ইতি দশমাৎ। গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং বৃন্দাবনসুরভূরুহতলাসীনমিতি তাসাং মধ্যে সাক্ষাদ্ব্রহ্মগোপালপুরী হীতি গোপালতাপনীশ্রুতেশ্চ। পূর্ণব্রহ্মাত্মকে ভগবদ্বপুর্ধর্মাদাবপি। যে তু শ্রুতিস্মৃতীক্ষণাভাবা-দন্ধাস্তত্র তত্রাপি বিবর্ত্তবদ্ধপরম্পরয়ৈব প্রবর্ত্তয়ন্তো ভ্রাম্যন্তি তে অহো শব্দেন ব্রহ্মণা স্বস্তুতৌ শোচ্যেষু মধ্যে বিস্ময়রসবিষয়ীচক্রিরে ইতি। অজ্ঞজনাজ্ঞতেত্যপি পাঠঃ॥ ২৬॥

বিজ্ঞাস্তু স্বাং মায়োপাধিত্বেন মন্যন্তে কিন্তু জীবাত্মানমেবাত্তত্ত্বমেব মায়ামালিন্যতো বিচ্যুতীকর্ত্তুং তমেব কেবলং শুদ্ধং মৃগয়ন্তী-ত্যাহ অন্তর্ভবে শরীরমধ্য এব বর্ত্তমানং অনন্তভবং অনন্তা অসংখ্যা ভবা নানা যোনিষু জন্মানি যস্য তং প্রসিদ্ধমজ্ঞং জীবাত্মানং

লোকেরা এই দেহের মধ্যে নষ্ট আত্মার অন্বেষণ বাহিরে করে, এ কি চমৎকার? গৃহে নষ্ট বস্তুর কি কথন বনে অন্বেষণ করা উচিত? যাহাহউক, অজ্ঞ ব্যক্তিদের এই অজ্ঞতা অতিশয় আশ্চর্য্য?॥২৬

পরন্তু, সাধু ও বিবেকী জনগণ চিজ্জড়াত্মক শরীর মধ্যেতেই অসৎ পদার্থ পরিত্যাগ করিয়া

শ্রীধরস্বামী।

মৃগয়ন্তি। অতং জড়ং ত্যজন্তঃ অপবদন্তঃ। নন্বসতো জ্ঞানেনাশং কিমসতো হপবাদেনেত্যাশঙ্ক্য অসতোহপবাদং বিনাধিষ্ঠানতত্ত্বং

বৈষ্ণবতোষণী।

প্রক্রিয়েয়ং প্রথমতো দেহাদীনাং জড় মলিনাদিত্বাৎ ক্রমশস্ত্যাগেন তচ্চেতনাদিহেতুঃ শুদ্ধ আত্মোপলভাতে নির্বিশেষব্রহ্মদৃষ্টিস্ত যা নির্বৃতি স্তনুভৃতাং তব পাদপদ্মধ্যানাদ্ভবজ্জনকথা শ্রবণেন বা স্যাৎ। সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূদিত্যাদিধ্রুববাক্যাদিভ্যো ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিত্যাদি শ্রীগীতাদিভ্যশ্চ পরিহৃতৈব ততঃ শুদ্ধজীবস্যাপি প্রকাশকঃ। কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তং। চতুর্ভুজমিতি দ্বিতীয়োক্তেস্তদন্তর্যামী। তস্যাপি তত্রাস্যগুণোল্লাসেন ততঃ পূর্ণো গর্ভোদশায়ী তৃতীয়ে বর্ণিতঃ সমষ্ট্যন্তর্যামী তদবতারাশ্চ। ততোহপি সর্ব্বব্রহ্মাণ্ডসমষ্ট্যান্তর্যামী আদ্যোহবতারঃ পুরুষঃ পরস্যেতি সূচিতঃ। কারণার্ণবশায়ী প্রথমপুরুষঃ। ততো বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমিত্যাদি। যস্যাযুতাযুতাংশাংশে বিশ্বশক্তিরিয়ং স্থিতেত্যাদি দৃষ্ট্যা সাক্ষাৎ ত্বমেব। অথ সমষ্টাবপি পূর্ব্বমিন্দ্রচন্দ্রাদিময়ং বিরাড্রূপং মামেবেশ্বরং মন্যন্তে পশ্চাত্তস্যাপি নশ্বরত্বাদিনা তদন্তর্যামীত্যাদি পূর্ব্ববৎ। তস্মাদধুনা কেনাপি ভাগ্যোদয়েন সাক্ষাত্তবৈব লাভে সতি সাধূক্তং ত্বামাত্মানমিত্যাদি অত্রেয়ং শ্রীবৈষ্ণবপ্রক্রিয়া যদ্বৈব যদেকং চিদ্বস্তু মায়াশ্রয়ং বিদ্যাময়ং তদ্বৈব তস্মায়াবিষয়মবিদ্যাপরিভূতং চেত্যুক্তমযুক্তমিতি জীবাত্ম পরমাত্মনোর্বিভাগোহবগতঃ। ততশ্চ স্বরূপসামর্থ্যবৈলক্ষণ্যেন তদ্দ্বিতয়ং মিথোবিলক্ষণস্বরূপমেবেত্যাগতং নচ পরিচ্ছেদপ্রতিবিম্বত্বাদিব্যবস্থয়া বিভাগঃ স্যাৎ তত্র যদ্যুপাধেরনাদিবিদ্যকত্বেন বাস্তবত্বং তর্হ্যবিষয়স্য তস্য কথমপি পরিচ্ছেদবিষয়ত্বাসম্ভবঃ। নির্দ্ধর্ম্মকস্য ব্যাপকস্য নিরবয়বস্য প্রতিবিম্বত্বাযোগোহপি উপাধিসম্বন্ধাভাবাৎ প্রতিবিম্বভেদাভাবাৎ দৃশ্যত্বাভাবাচ্চ উপাধিপরিচ্ছিন্নাকাশস্থজ্যোতিরংশস্যৈব প্রতিবিম্বো দৃশ্যতে নত্বাকাশস্য দৃশ্যত্বাভাবাদেব। তথা বাস্তবপরিচ্ছেদাদৌ সতি সামানাধিকরণ্য জ্ঞানমাত্রেণ নতত্ত্যাগশ্চ ভবেৎ। শাস্ত্রে কচিৎ প্রতিবিম্বত্বাদাঙ্গীকারশ্চ তৎসাদৃশ্যেনৈব অম্বুবদগ্রহণাৎ। বৃদ্ধিহ্রাসভাক্তমন্তর্ভাবাদুভয়সামঞ্জস্যাদেবমিতি ন্যায়েনউপাধে রাবিদ্যকত্বে তু বাস্তবপরিচ্ছেদাদ্যভাবাৎ প্রাক্তনো মায়াশ্রয়মিত্যাদ্যুভয়াত্মকো বিরোধ স্তদবস্থ এব স্যাৎ। তথা শুদ্ধায়াং চিত্যবিদ্যাকল্পিতোপাধৌ তস্যামীশ্বরাখ্যায়াং বিদ্যোত্যসমঞ্জসাচ কল্পনা স্যাদিত্যাদ্যনুসন্ধেয়ং। তস্মাদেকমেব তৎ পরমতত্ত্বং স্বাভাবিকাচিন্ত্যশক্ত্যা সর্ব্বদৈব চতুর্দ্ধাবতিষ্ঠতে। সূর্য্যান্তর্ম্মণ্ডলস্থতেজ ইব বহির্ম্মণ্ডলতদ্বহির্গতরশ্ম্যাদিরূপেণ। অচিন্ত্যশক্তিত্বং চ মণিমন্ত্রমহৌষধ্যাদীনাং কারণগণ কারণে তস্মিন্নাশ্চর্য্যং। শ্রুতেস্তু শব্দমূলত্বাদিতি আত্মনি চৈবং বিচিত্রাশ্চ হীতিচ ন্যায়েন আত্মেশ্বরো হতর্ক্যসহস্রশক্তিরিতি ষষ্ঠেহপ্যেতদ্দর্শিতং। অতস্তত্তৎসমাবেশাদ্যনুপপত্তি শ্চাচিন্ত্যশক্তিত্বেনৈব পরাহতা। দুর্ঘটঘটকত্বং হ্যচিন্ত্যত্বং যেন খলু সা শক্তিরপরিচ্ছিন্নমপি পরিচ্ছিন্নত্বেন দর্শয়তি যথৈব দর্শয়িষ্যতে একদেশস্থিতস্যাগ্নেরিতি। সা শক্তিশ্চ ত্রিধা অন্তরঙ্গা তটস্থা বহিরঙ্গা চেতি অত্রান্তরঙ্গয়া স্বরূপশক্ত্যাখ্যয়া পূর্ণেনৈব স্বরূপেণ বৈকুণ্ঠাদিস্বরূপবৈভবেন চাবতিষ্ঠতে। তটস্থায়া রশ্মিস্থানীয় চিদেকাত্মরূপশুদ্ধজীবরূপেণ। বহিরঙ্গয়া মায়াখ্যয়া আভাসগতবর্ণশাবল্যস্থানীয়তদীয়বহিরঙ্গবৈভবজড়াত্মপ্রধানরূপেণ চেতি চতুর্দ্ধাত্বং। যথোক্তং শ্রীবৈষ্ণবে। একদেশস্থিতস্যাগ্নে র্জ্যোৎস্না বিস্তারিণী যথা। পরস্য ব্রহ্মণঃ শক্তিস্তথেদমখিলং জগদিতি। শ্রুতৌ চ। যস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি। অতএব তদাত্মত্বেন জীবস্যৈব তটস্থশক্তিত্বং প্রধানস্য চ মায়ান্ত র্ভূতত্বমভিপ্রেত্য শক্তিত্রয়ং তত্রৈব দর্শিতং। বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথা পরা। অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যত ইতি। তত্র পরায়াতীত গোচরা বাচামিত্যনেনোক্তা। ক্ষেত্রজ্ঞাখ্যা জীবভূতা সেয়মপরা প্রথম তৃতীয়য়ো র্ম্মধ্যবর্ত্তিনীতৃতীয়া সেয়মপি পরেতি বা। তথাচ শ্রীগীতাসু ভূম্যাদিতয়া ভেদং প্রাপ্তা প্রকৃতিরষ্টধেত্যুক্ত্বা প্রাহ। অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং জীবভূতামিতি। সর্ব্বভূতেষু সর্ব্বাত্মন্নিত্যনেনোক্তাতু অবিদ্যা কর্ম্ম কার্য্যং যস্যা অপরায়াঃ সা তৎসংজ্ঞা মায়েত্যর্থঃ। অতএব জীবস্য রশ্মিস্থানীয়ত্বাৎ মণ্ডল-

ক্রমসন্দর্ভঃ।

যেণ ত্যজন্তঃ। ভবস্য স্বং কার্য্যভূতত্বাৎ তদন্তর্য্যাম্যাদ্যবস্থস্য তদ্রূপস্য চ স্বদংশত্বাত্তত্র তব দর্শনঞ্চ যুক্তমেব। যতঃ কার্য্যমাত্র দৃষ্টীনাম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মৃগয়ন্তি। কিং কুর্ব্বন্তঃ অতৎ আত্মভিন্নং মায়িকং মায়াঞ্চ ত্যজন্তঃ অপবদন্তঃ। নমু চিন্ময়স্য জীবাত্মনো জ্ঞানেনালং কিং চিত্তিমস্যাপবাদেনেত্যাশঙ্ক্যাধ্যাস্তস্যাপবাদং বিনা অধিষ্ঠানতত্ত্বং ন সম্যক্ জ্ঞায়ত ইতি সতাং ব্যবহারেণাহ অসন্তমিতি অস্তি সমীপে অসন্তমপ্যহিমন্তরেণ নায়মহিরিতি তদপবাদং বিনেত্যর্থঃ। সন্তং শুণং রজ্জুং সন্তঃ কিমু যন্তি জানন্তি নৈব জানন্তি তথৈব। অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি শ্রুতে র্জীবাত্মনঃ স্থূলসূক্ষ্মদেহসম্বন্ধো নৈবাস্তি তৎসম্বন্ধাভাবাদেব দেহো দৈহিকাঃ শোকমোহাদয়শ্চ তস্য নৈব-

অসন্তমপ্যন্ত্যহিমন্তরেণ সন্তং গুণং তং কিমু যন্তি সন্তঃ ॥ ২৭ ॥
অথাপি তে দেব পদাম্বুজদ্বয়প্রসাদলেশানুগৃহীত এব হি।

শ্রীধরস্বামী।

নজ্ঞায়ত ইতি সতাং ব্যবহারেণাহ অসন্তমিতি। অন্তি সমীপে অসন্তমপ্যহিমন্তরেণ তন্নিষেধং বিনেত্যর্থঃ। সন্তং গুণং রজ্জুং সন্তঃ

বৈষ্ণবতোষণী।

বিলক্ষণং মায়াব্যবধানতিরোধাপনীয়বৈভবত্বং যুক্তং। তদন্তরং হ্যুক্তং। যথা ক্ষেত্রজ্ঞশক্তিঃ সা তারতম্যেন বর্ত্তত ইতি। অন্তরঙ্গত্ব-তটস্থত্ববহিরঙ্গত্বাদিনৈব তেষামেকাত্মকানাং তত্র সাম্যং নতু সর্ব্বাত্মনেতি তত্তৎস্থানীয়ত্বমেবোক্তং নতু তত্তদ্রূপত্বং তত্তদ্দোষা অপি নাবকাশং লভন্তে। অত্র বিশেষবিবেকাঃ শ্রীভাগবতসন্দর্ভতট্টীকয়োরবলোকনীয়া ইতি দিক্ ॥ ২৭ ॥

যদ্যপ্যেবমপরিচ্ছিন্নং ত্বন্মাহাত্ম্যং প্রস্ফুটমেব তথাপি ত্বৎপ্রসাদেনৈব তদ্বিবেকস্য তৎপরিসরগমনং স্যান্নান্যথেত্যাহ অথাপীতি যোজনাত্র স্পষ্টা। তত্র চাথাপি তব মহিম্ন তত্ত্বং জানাতীত্যনেন পূর্ব্বপ্রকরণে বিবর্ত্তবাদময়ব্যাখ্যাপনয়নঞ্চ প্রস্ফুটমেব পদার্থাস্ত দর্শ্যন্তে। দেব হে সর্ব্বপ্রকাশক সর্ব্বত্র প্রকাশমানেতি বা। যদ্বা। দীব্যতি শ্রীবৃন্দাবনে সদা ক্রীড়তীতি দেব স্তস্য সম্বোধনং। প্রসাদঃ কৃপা তস্য লেশেনাপ্যনুগৃহীত এবেতি। যমেবৈষ বৃণুতে ইত্যাদি শ্রুতিং সূচয়তি ভক্ত্যাতু পদাম্বুজ শব্দ প্রয়োগঃ হি নিশ্চিতং। ভগবন্ হে নিজকারুণ্যাদিগুণপ্রকটনপরেত্যর্থঃ। অয়ং প্রসাদে হেতুরুহ্যঃ। মহিম্নঃ স্ফুটস্যাপি দেববপুষ ইত্যাদিভি রপরিচ্ছিন্নদ্য তয়োপক্রান্তস্য কো বেত্তি ভূমন্নিত্যাদিনা তথাভ্যান্তস্যাপি তত্ত্বং স্বরূপং যৎকিঞ্চিদনুভবতি। অন্যঃ প্রসাদহীনঃ। একঃ একাকী

ক্রমসন্দর্ভঃ।

সত্যপি কার্য্যে তত্রৈব তৎ কারণং দৃশ্য ইত্যাহ। অসন্তমিতি। সন্ত ইতি সাধারণবিবেকিনঃ পূর্ব্বেষাং সদ্বিশেষাণাং দৃষ্টান্তঃ ॥ ২৭ ॥

তথাপি তদ্বিবেকস্য ত্বৎপর্য্যন্তগমনং ত্বৎপ্রসাদেনৈব স্যাদিত্যাহ। অথাপীতি ভক্ত্যা পদাম্বুজশব্দপ্রয়োগঃ। লেশেত্যুক্তি-স্তস্য বর্দ্ধিষ্ণোঃ ক্রমেণ পূর্ণপ্রাপ্ত্যভিপ্রায়েণ মহিম্নঃ ঐশ্বর্য্যমাধুর্য্যাদিরূপমাহাত্ম্যস্য। মমতু তাদৃশপ্রসাদস্য ফলং যজ্জ্ঞানং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সন্তি। তদপ্যবিদ্যয়ৈব তস্মিন্ জীবাত্মনি দেহোঽধ্যস্তঃ। ততশ্চ কদাচিদ্বিদ্ভূতেন জ্ঞানেন নায়মাত্মা দেহ ইতি তস্য দেহ-স্যাসতোঽপ্য পবাদং বিনা সত্যং শুদ্ধং জীবাত্মানং কিং জানন্তি নৈব জানন্তীত্যর্থঃ ॥ ২৭ ॥

কিঞ্চ তস্য জীবাত্মনো ব্রহ্মসুখানুভবস্তু কেবলেন ত্বদ্ভক্তিলেশেনাপি ভবতি নান্যথেত্যাহ। অথাপীতি যদ্যপি মায়ামায়িক-সমস্তাংশ বিচ্যুতঃ স্যাৎ তথা স জীবাত্মা। তদপি তব পদাব্জপ্রসাদলেশেনানুগৃহীত এব ভগবত স্তব যো মহিমা মহিমশব্দবাচ্যং ব্রহ্ম তস্য তত্ত্বং জানাতি। যদুক্তং ত্বয়ৈব মৎস্যরূপেণ। মদীয়ং মহিমানঞ্চ পরব্রহ্মেতি শব্দিতং। বেৎস্যস্যনুগৃহীতং মে সংপ্রশ্নৈ-র্বিবৃতং হৃদীতি। ব্যাখ্যাচ তত্রত্যা শ্রীস্বামিপাদানাং। মে ময়া অনুগৃহীতং তুভ্যং প্রসাদীকৃতং পরব্রহ্ম বেৎস্যসীতি। অত্র প্রসাদলেশো গুণীভূতভক্তিযোগো জ্ঞানিনাং পূর্ব্বসিদ্ধো বর্ত্তত এব। তেনানুগৃহীত ইতি অবিদ্যায়ামুপরতায়াং বিদ্যায়াশ্চোপর-মারম্ভে জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেদিতি ভগবদুক্তে জ্ঞানমপি ত্যক্ত্বা তত উর্ব্বরিতাং ভক্তিমেব কেবলাং বহু মানয়ং স্তামেবাভ্যসেৎ যো জ্ঞানী তমেব প্রসাদলেশরূপো ভক্তিযোগো হ্যনুগৃহ্নাতীত্যর্থঃ। যস্ত ফলপ্রাপ্তৌ সত্যাং ন সাধনোপযোগ ইতি মত্বা জ্ঞানং ভক্তিঞ্চ ত্যক্ত্বা কেবল ব্রহ্মানুভব এবোদ্যতঃ স একোঽপি মুখ্যোঽপি জ্ঞানিসহস্রগুরুভবন্নপীত্যর্থঃ। চিরং বিচিন্বন্ বহুশাস্ত্রাভ্যাসযোগাভ্যাসাভ্যাং

তোমার অন্বেষণ করিয়া থাকেন। ভগবন্! অসৎ ত্যাগের কারণ এই তদ্ব্যতিরেকে অধিষ্ঠান তত্ত্ব পরিজ্ঞাত হয় না। ফলতঃ যদিও সর্প না থাকে তথাচ তাহার নিষেধ না করিলে সাধু পুরুষেরা কি রজ্জু জানিতে পারেন? কখনই পারেন না। অতএব আত্মরূপে জ্ঞান দ্বারাই মুক্তি হয় অন্য প্রকারে হয় না, ইহা নিশ্চিত হইল ॥ ২৭ ॥

হে দেব! হে ভগবন্! যদ্যপিও মোক্ষ জ্ঞানলভ্য তথাচ তোমার পাদপদ্ম দ্বয়ের প্রসাদলেশে যে ব্যক্তি অনুগৃহীত, তিনিই ত্বদীয় মহিমার তত্ত্ব অবগত হয়েন, তদ্ব্যতীত অন্য কোন ব্যক্তি অসৎ

জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো নচান্য একোঽপি চিরং বিচিন্বন্ ॥ ২৮ ॥
তদস্তু মে নাথ স ভূরিভাগো ভবেঽত্র বান্যত্রতু বা তিরশ্চাং।

শ্রীধরস্বামী।

কিন্তু যস্তি জানন্তি। অস্তি সত্ত্বমপি গুণমিতি বা নজানন্তীত্যর্থঃ। তস্মাদাস্মতয়ৈব জ্ঞানাম্মুক্তিরিতি ভাবঃ ॥ ২৭ ॥

নমু এবং জ্ঞানৈকসাধ্যে মোক্ষে কিমিতি ভক্তিরুদ্ঘোষিতা অত আহ অথাপীতি। যদ্যপি হস্তপ্রাপ্যমিব জ্ঞানমুক্তং অথাপি হে দেব তব পাদাম্বুজ দ্বয়স্য মধ্যে একদেশস্যাপি যঃ প্রসাদলেশোঽপি তেনানুগৃহীতোঽনুগৃহীত এব ভগবত স্তব মহিম্ন স্তত্ত্বং জানাতি হে ভগবন্ তে মহিম্ন স্তত্ত্বমিতি বা একোঽপি কশ্চিদপি চিরমপি বিচিন্বন্ অতদংশাপবাদেন বিচারয়ন্নপীত্যর্থঃ ॥ ২৮ ॥

তত্তস্মাদ্ভূরিভাগঃ মহদ্ভাগ্যং অত্র ভবে ব্রহ্মজন্মনি অন্যত্র তিরশ্চামপি মধ্যে যজ্জন্ম তস্মিন্ বা যেন ভাগ্যেন ভবদীয়ানাং জনানা-

বৈষ্ণবতোষণী।

নিঃসঙ্গঃ সন্নপীত্যর্থঃ। শ্রেষ্ঠো রুদ্রাদিরপীতি বা বিচিন্বন্ তত্ত্বং কীদৃক্ কিয়দ্বেতি শাস্ত্রাভ্যাসেন বিচারয়ন্ যোগাভ্যাসেনচ মৃগয়ন্নপীত্যর্থঃ। লেশেত্যুক্তিস্তস্য বর্দ্ধিষ্ণোঃ ক্রমেণ পূর্ণপ্রাপ্ত্যভিপ্রায়েণ ॥ ২৮ ॥

মমতু তাদৃশপ্রসাদস্য ফলং যজ্জ্ঞানং তস্যাপি যৎ ফলমুপাসনং তস্যাপি যৎ ফলং সাক্ষাৎকারঃ সএব সহসা সংবৃত্ত স্তস্মাদেতদেব প্রার্থয়ে ইতি নৌমীড্যাদি প্রতিজ্ঞামেব সঙ্গময়ন্ সর্ব্বং প্রকরণং তাদৃশে শ্রীকৃষ্ণ এব পর্য্যবসায়য়ন্নাহ যাবৎসমাপ্তি। তত্তস্মাৎ নাথ হে সর্ব্বকামপরিপূরক পারমেষ্ঠ্যপদপ্রাপক যন্মম ভাগ্যং তন্মহন্ন ভবতি কিন্তু সএব ভূরিভাগঃ মহদ্ভাগ্যং যত্তবজ্জনানামেকোঽপীতি সেবায়াঃ সম্যক্ত্বাদ্যপেক্ষয়া অতএব নিশব্দঃ। তত্রচ তত্র ব্রহ্মজন্মনি অন্যত্র তৎপ্রতিযোগিন্থরিণাদিতির্য্যগ্যোনৌ বা ন মমাগ্রহঃ। কিন্তু তত্তক্তাবেবেতি বাশব্দাভ্যাং সূচ্যতে হরিণাদিযোনৌ সেবাচ স্নেহেন রজআদিমার্জনায়াবহেলনাদি রূপা গম্যা। সাচ তদ্বিধানাং দৃষ্টৈব কিল প্রার্থ্যতে পদ্যদ্বয়মিদং ইত্থং বা সঙ্গমনীয়ং। যদ্যপ্যেবং তব মহিমা তথাপি তৎপদাম্বুজদ্বয়স্য যঃ প্রসাদো-

ক্রমসন্দর্ভঃ।

তস্যাপি যৎ ফলমুপাসনং তস্যাপি যৎ ফলং সাক্ষাৎকারঃ সএব সহসা সংবৃত্ত তস্মাদেতদেব প্রার্থয় ইতি ॥ ২৮ ॥

নৌমিত্যাদি প্রতিজ্ঞামেব সঙ্গময়ন্ সর্ব্বপ্রকরণং শ্রীকৃষ্ণ এব পর্য্যবসায়িতুমাহ। তদস্ত্বিত্যাদিনা যাবৎসমাপ্তি। অন্যত্র হরিণাদিযোনৌ বা সেবা চাত্র স্নেহেন রজআদিমার্জ্জনায়াবহেলনাদি রূপা সাচ তদ্বিধানাং দিষ্ট্যৈব কিল তৎ প্রার্থ্যতে ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিচারয়ন্নপি ॥ ২৮ ॥

ভো ব্রহ্মন্ সাধ্যসাধনতত্ত্বজ্ঞশিরোমণে ত্বত্তোব ব্যঞ্জিতলক্ষণয়ো র্ভক্তিজ্ঞানয়ো র্মধ্যে তব কুত্র স্পৃহেত্যত আহ তদস্ত্বিতি। হে নাথেতি সম্বোধনেনৈব ব্যঞ্জিতায়াং সত্যামপি দাস্যস্পৃহায়াং ভো ব্রহ্মন্ উৎকর্ষনিকর্ষৌ সম্যক্তয়া বিচার্য্যৈব সর্ব্বোৎকৃষ্টং বস্তু স্পষ্টং প্রার্থয়স্বেতি চেৎ স এব মে ভূরি ভাগো মহদেব ভাগ্যং মনসা নির্দ্ধারিতমেব বর্ত্তত ইতি ভাবঃ। যেন ভূরিভাগেন অত্র ভবে ব্রহ্মজন্মনি বা তিরশ্চামপি মধ্যে যজ্জন্ম তস্মিন্ বেতি ব্রহ্মজন্মারভ্যতির্য্যগ্যোনিপর্য্যন্তং যাবন্তি জন্মানি সম্ভবন্তি তেষ্বপি কাপি জন্মনীতি ভাবঃ গজেন্দ্রগৃধ্রোবণিক্পথ ইতি বচনাত্তির্য্যগ্যোনাবপি ভক্তিশ্রবণাৎ। তিরশ্চামপীতি বহুবচনেনাপি শব্দেনচ মোক্ষায় জলাঞ্জলিং দত্বা স্বস্যতু অত্রার্থে সহস্রজন্মপ্রার্থনাপি ব্যঞ্জিতা। ভবদীয়ানাং জনানাং মধ্যে একো যঃ কশ্চিদপি নিতরাং সাধকত্বসিদ্ধত্বয়োর্দশয়োঃ সেবে। তদেবং নৌমীড্যতে ইত্যেকেন মাধুর্য্যং অস্যাপি দেবেত্যাদিভি স্তদস্তু মে নাথেত্যন্তৈঃ পদ্যৈরৈশ্বর্য্যং বিবৃতবতা ব্রহ্মণা তন্মধ্য এব জ্ঞানে প্রয়াসমিতি তত্ত্বে হনুকম্পাবিত্যাভ্যাং কেবলায়া ভক্তেরুৎকর্ষঃ। স্বামাত্মানং পরং মন্যেতি অজানতাং তৎপদবীমিত্যাভ্যাং কেবলজ্ঞানস্যাক্ষেপঃ। শ্রেয়ঃসৃতিমিতি পুরেহ ভূমন্নিত্যাভ্যাং কেবলয়ো র্জ্ঞানভক্ত্যোঃ ক্রমেণ বৈফল্যসাফল্যে অন্তর্ভবে অনন্তেতি অথাপি তেদেবেত্যাভ্যাং ভক্তিমিশ্রং জ্ঞানং। এবম্বিধং স্বাং সকলাত্মনামিত্যনেন শান্তভক্তিঃ। তদস্ত মে ইত্যনেন দাস্যভক্তিস্পৃহাভ্যধায়ি। অতঃ পরন্তু মাধুর্য্যসিন্ধাবেব নিপতিষ্যতা ব্রহ্মণা অহোঽতিধন্যা ইত্যাদিভীরাগাত্মক বাৎসল্যাদিরতিমন্ত

পরিত্যাগ না করিয়া চিরকাল বিচার করিয়াও তাহা জানিতে পারে না ॥ ২৮ ॥

অতএব হে নাথ! এই ব্রহ্মজন্মে অথবা পরে অন্য কোন পশু পক্ষ্যাদি মধ্যে যে জন্ম হইবে

যেনাহমেকোঽপি ভবজ্জনানাং ভূত্বা নিষেবে তব পাদপল্লবং ॥ ২৯ ॥
অহোঽতিধন্যা ব্রজগোরমণ্যঃ স্তন্যামৃতং পীতমতীব তে মুদা।
যাসাং বিভো বৎসতরাত্মজাত্মনা যত্তৃপ্তয়েঽদ্যাপ্যথ নালমধ্বরাঃ।

শ্রীধরস্বামী।

মেকোঽপি যঃ কশ্চিদপি ভূত্বা নিষেবেঽত্যর্থঃ সেবেয় ইত্যর্থঃ ॥ ২৯ ॥

দেবাদিজন্মনোঽপি যত্র কুত্রাপি তদ্ভক্তিমজ্জন্মৈব শ্রেষ্ঠমিত্যৌৎসুক্যেন সপ্তভিঃ শ্লোকৈরভিনন্দতি অহো ইতি ধন্যা ইত্যা-

বৈষ্ণবতোষণী।

ঽনুগ্রহঃ তস্য লেশোঽপি যত্র কিমুত পূর্ণঃ স তেনানুগৃহীত এবেতি ভবজ্জনানামনুগত রূপ একোঽপি কশ্চনাপি ভূত্বেতি চ ॥ ২৯ ॥

নহু ভবেয়ং নাম সর্ব্বপূর্ণত্বয়াপি সেবিতুমন্বেষণীয়ঃ। কিন্তু ভবান্ পরমেষ্ঠীমজ্জনাশ্চাত্র গোপা গোরক্ষকাএব তস্মাৎ কথঞ্চিৎ যাদবাদি সঙ্গএব ত্বৎপ্রাপ্তুমর্হিষ্যসীত্যাশঙ্ক্য এষামেব মহিমা সর্ব্বতঃ পর ইতি তদেকদেশোদাহরণেন ব্যঞ্জয়তি তেনচ স্বাভিলাষং সূচয়তি অহো ইতি প্রথমত এব বিস্ময়বাচকপ্রয়োগোঽয়মত্রীব বিস্ময়েন অতিধন্যাঃ কৃতার্থতা পরমকাষ্ঠাং প্রাপ্তাঃ। কে তে। ব্রজ-গোরমণ্য ইতি বহুত্বমন্যত্রৈব কস্যা অপি তথা ভাগ্যং দুর্ল্লভমিতি বোধয়তি কথং ধন্যাস্তত্রাহ হে বিভো পরিপূর্ণ তে ত্বয়াপি যাসাং স্তন্যামৃতং পীতং বিভুত্বমেব দর্শয়তি অথ কার্ৎস্ন্যে সর্ব্বৈরপ্যধ্বরা ইত্যর্থঃ। তে যস্য তবাদ্যাপি বেদস্যানাদিত্বাত্তদ্বিহিতানা-মধ্বরাণামপ্যনাদিকালতোঽদ্যপর্য্যন্তং তৃপ্তয়ে সন্তোষমাত্রায় নালং ন সমর্থাঃ পরিপূর্ণত্বাদেবেতি ভাবঃ। তথাভূতেনাপি পীতং অন্যামৃতাশিনোঽপি যজ্ঞভাগমাত্রোপজীবিনস্ত্বস্তু তত্রচ তেষুচ ন সাদরঃ তস্মাদহো কিমিদমমৃতমিতি ভাবঃ। তত্রাপি স্তন্যমি-ত্যনেন তাদৃশস্যাপি তস্য তচ্ছরীরোদ্ভবরসবিশেষাস্বাদনমিতি তথা পীতমিত্যর্থবৈশিষ্টেন স্বয়ং শ্রীমুখেন চূষিতমিতি তত্রচাতীবে-ত্যনেনাত্যন্তমিতি তত্রচ মুদেত্যনেন পরমামোদ পূর্ব্বকমিতি তত্রাপি বৎস বৎসপরূপেণ ইত্যনেন পরমলোভেন কোটিধা ভূত্বা ইত্যেব-মুত্তরোত্তরচমৎকারবৈশিষ্ট্যং বোধয়তি। কিঞ্চ ন কেবলমস্মিন্ ব্রজে তাসামেব পরমবিশিষ্টানাং কাদাচিৎকমেবেদৃশং ভাগ্যং নচ কর্ম্মকাণ্ডমাত্রানুসারেণ। যত্তৃপ্তয়েঽদ্যাপ্যথ নালমধ্বরা ইতি যদেব ভৃশবন্মাহাত্ম্যং মদ্বিধচমৎকারকরং অপিতু তদ্বাসিমাত্রেষ্বেব নিত্যমেব চ কিমপি তদ্বিরাজতে। ব্রহ্মকাণ্ডানুসারেণ ভবন্মাহাত্ম্যমপি নতাবন্মাত্রতাযোগ্যমিত্যাস্তি অতিশয়ান্তরমপীতি স্মরন্নিব

ক্রমসন্দর্ভঃ।

কে তে তবৎসাহিত্যযোগ্যামজ্জনা ইত্যাশঙ্ক্য তানেব ব্যঞ্জয়িতুমাহ অহো ইতি। যদ্বা। অহো ইতি ন কেবলমত্র তাসামেবে দৃশং ভাগ্যং তচ্চ তদ্বৎ কাদাচিৎকমেব নচ যত্তৃপ্তয়ে ইতি যদেব ভবন্মাহাত্ম্যং অপি তু তদ্বাসিমাত্রেষ্বেব নিত্যমেবচ কিমপি তদ্বিরাজতে ॥

ভবন্মাহাত্ম্যমপি ন তাদৃশতাযোগ্যমিত্যস্তি অতিশয়ান্তরমপীতি স্মরন্নিব পুনরতীব চমৎকারমাহ অহো ইতি। অহো আশ্চর্য্যে। ভাগ্যমনির্ব্বচনীয়ন্তৎপ্রসাদঃ। বীপ্সা তদতিশয়তাপ্রাগল্ভ্যেন। পুনঃ পুনশ্চমৎকারাবেশাৎ কেষাং তত্রাহ। নন্দগোপব্রজৌকসাং ব্রজস্থমাত্রাণাং পশুপক্ষিপর্য্যন্তানাং। কিং তৎ যেষাং পরমানন্দং মিত্রং স্বাভাবিকবন্ধুজনোচিতপ্রেম কর্তৃ। ক্লীবত্বং ছান্দসং তেন চ বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি শ্রুতিবাচ্যং তৎ সূচয়তি। যৎকিঞ্চিদানন্দ এব খলু সর্ব্বে তাদৃশপ্রেমকর্ত্তারো দৃশ্যন্তে নত্বানন্দঃ কুত্রচিৎ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এব স্তোষ্যন্তে ইতি স্তুত্যর্থতাৎপর্য্যনিষ্কর্ষঃ ॥ ২৯ ॥

কিঞ্চ তত্র ত্বদ্ভক্তেষ্বতি নিকৃষ্টস্য মমৈতাবত্যেব প্রার্থনা সমুচিতা ত্বৎপ্রসাদাৎ ফলবতী ভূয়াৎ যে তু ত্বদ্ভক্তেষ্বতিপ্রকৃষ্টাস্তেষাং ত্বয়ি শুদ্ধবাৎসল্যাদিরতিভাজাং পদবী প্রার্থয়িতুমযোগ্যা অস্মদাদিভিরতিদুর্ল্লভা কেবলং স্তূয়ত এবেত্যাহ অহো ইতি দ্বাভ্যাং। ব্রজস্থা গাবো রমণ্যো গোপ্যশ্চ অতিধন্যাস্তত্রাপ্যহো ইত্যাশ্চর্য্যাভিধায়কপদেন বাঙ্মনসা গোচরাশ্চমৎকারাতিশয়ো ব্যঞ্জিতঃ। তমেবাহ তে ত্বয়া সচ্চিদানন্দস্বরূপেণাপি যাসাং স্তন্যং দেহৈকাবয়বস্তনোদ্ভবং অমৃতং পীতং তত্রাপি মুদা তত্রাপ্যতীবেতি পুনঃ পুনঃ পানেঽপি

সেই জন্মে আমার যেন সেই মহৎ ভাগ্য হয়, যাহাতে আমি ভবদীয় পুরুষ দিগের মধ্যে যে কোন ব্যক্তি হইয়া তোমার পাদপল্লব সমধিকরূপে সেবা করিতে পারি ॥ ২৯ ॥

বিভো! কি আশ্চর্য্য! ব্রজস্থ গো এবং গোপীগণ অতিশয় ধন্য, কারণ সমস্ত যজ্ঞ অদ্যাপি যাঁহার তৃপ্তি নিমিত্ত সমর্থ হইল না সেই তুমি প্রতিক্ষণ তৃপ্তিপ্রকাশ পুরঃসর ঐ সকল গো ও গোপীর

অহোভাগ্যমহোভাগ্যং নন্দগোপব্রজৌকসাং। যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনং॥ ৩০॥

শ্রীধরস্বামী।

দিতিঃ। ব্রজগোরমণ্যঃ ব্রজস্থা গাবো গোপ্যশ্চ তে ত্বয়া বৎসতরাত্মজাত্মনা বৎসানাং আত্মজানাঞ্চ স্বরূপেণ। যদ্য তব তৃপ্তয়ে অদ্যাপি সর্ব্বে যজ্ঞা ন সমর্থাঃ তেন ত্বয়া প্রতিক্ষণং তৃপ্যতা যাসাং স্তন্যমমৃতরূপং পীতমিতি॥ ৩০॥

বৈষ্ণবতোষণী।

স চমৎকারমাহ অহো ইতি। অহো আশ্চর্য্যে। ভাগ্যমনির্ব্বচনীয়স্তৎপ্রসাদঃ। বীপ্সা তদতিশয়িতা প্রাগুক্তেন পুনঃ পুনশ্চমৎকারাবেশাৎ। নমু কথং প্রথমতশ্চমৎকারমাত্রং ব্যঞ্জয়সি যেষাং তৎ তান্ কথয় তত্রাহ শ্রীমন্নন্দরাজব্রজবাসিমাত্রাণাং পশুপক্ষিপর্য্যন্তানাং কথমাশ্চর্য্যং কথং বা ভাগ্যং তত্রাহ পরমানন্দং যৎ তদেব যেষাং মিত্রং স্বাভাবিকবন্ধুজনোচিতপ্রেম কর্ত্তৃ তাদৃশপ্রেমবিষয়শ্চ ইত্যর্থঃ। তথাচ বক্ষ্যতে শ্রীগোপৈঃ। দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাং। নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথমিতি। আনন্দস্য ক্লীবত্বং ছান্দসং। তেন চ বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি শ্রুতিবাচ্যং তৎস্মর্য্যতি। যত্র কাপ্যানন্দ এব খলু তাদৃশপ্রেমকর্ত্তারো দৃশ্যন্তে। নত্বানন্দঃ কুত্রচিৎ এষু ত্বানন্দোঽপি তৎকর্ত্তা তত্র চ শ্রুতিমাত্রবেদ্যত্বেন পরমঃ খণ্ডামৃততারতম্যবৎ স্বরূপত এবালৌকিকমাধুর্য্যঃ অত আশ্চর্য্যং ভাগ্যং চেতি ভাবঃ। অন্যদপ্যাশ্চর্য্যময়মিদমিত্যাহ সনাতনং তত্তাদৃশমপি নিত্যং কস্যচিৎ ক্ষুদ্রানন্দোঽপি ন নিত্যো দৃশ্যতে এষাস্তু তাদৃশোঽপি,পুনঃ কথম্ভূতং। অথ কস্মাদুচ্যতে ব্রহ্মবৃংহতি বৃংহয়তি চেতিশ্রুতেঃ। বৃহত্ত্বাদ্বৃংহনত্বাচ্চ যদ্ব্রহ্ম পরমং বিদুরিতি বিষ্ণুপুরাণাচ্চ। বৃহত্তমত্বেন ব্রহ্মসংজ্ঞমপি। অথানন্দস্ত মীমাংসা ভবতীত্যারভ্য যে তে শতমিতি বারং বারং মনুষ্যানন্দাদ্যৎপর্য্যন্তানন্দং দশধা শত শত গুণাধিক্যেন গণয়িত্বা মত্তো ঽপি শতগুণমানন্দং পরব্রহ্মণঃ। প্রোচ্যাপি সম্ভ্রমেণ যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ। আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ বিভেতি কুতশ্চন ইত্যনেনানন্ত্যং স্থাপ্য বাঙ্মনসাতীতে সর্ব্বতো বৃহত্তমত্বেন শ্রুতিভির্গীতমপীত্যর্থঃ। ততঃ আনন্দস্তৈতাদৃশত্বমেতাদৃশবৃহত্তোঽপ্যনেন মিত্রত্বং কচিদ্দৃষ্টমিতি ভাবঃ। নচৈতাবদেব কিং তর্হি পূর্ণমপ্যমৃতং সৌরভ্যাদিভিরিব স্বাভাবিকরূপগুণলীলৈশ্বর্য্যমাধুরীভিঃ সর্ব্বাভিরেব পূরিতং সৎ। এতদপি কুত্রাপি ন দৃষ্টং শ্রুতং নচ তাদৃশ মিত্রমিত্যর্থঃ। অত্রাপরোক্ষেঽপি শ্রীকৃষ্ণে পরোক্ষবৎ নির্দ্দেশঃ কৌতুকবিশেষায়। কিঞ্চ মিত্রত্বমত্র বিধেয়ং পরমানন্দমনূদ্যং। ততশ্চানূদ্যধর্ম্মবিধেয়বৈশিষ্ট্যায় প্রযুজ্যন্তে ইতি মিত্রতায়া অপি তত্তদ্ভাবো লভ্যতে। মনোরমং স্বর্ণমিদং কুণ্ডলং জাতং ইতিবৎ যুজ্যতে চ অনূদ্যস্থ বিধেয়তাদাত্ম্যাপন্নত্বেন বিবক্ষিতত্বাৎ তত্র চ পরমানন্দত্বং পূর্ণত্বঞ্চ তস্যাঃ সিদ্ধমেব তৎপ্রেম রূপত্বাৎ সনাতনত্বমপি তস্থ সনাতনত্বাৎ নিরুপাধিত্বেনোক্তত্বাৎ কালবৈশিষ্ট্যানির্দ্দেশেন কালসামান্যলাভাৎ। অন্যত্র শ্রীরুক্মিণ্যাদৌ দৃষ্টত্বাৎ এষামপি তথৈব শ্রুতি তন্ত্রাদৌ দৃষ্টত্বাচ্চ। এবং পূর্ব্ববৎ শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বমপি দর্শিতং। তথা নিজাভিলাষস্য যুক্ততা চেতি॥ ৩০॥

ক্রমসন্দর্ভঃ।

এষুত্বানন্দ এব তৎকর্ত্তা। তত্র চ শ্রুতিমাত্র বেদ্যত্বেন পরমখণ্ডামৃততারতম্যবৎ স্বরূপত এবালৌকিক মাধুর্য্যাৎ নচৈতাবদেব। কিং তৎ পূর্ব্বমপি অমৃতং সৌরভ্যাদিরিব স স্বরূপত গুণলীলৈশ্বর্য্যং মাধুরীভিঃ সর্ব্বাভিরেবামর্য্যাদমেব সৎ এতদপি কুত্রাপি ন দৃষ্টং শ্রুতঞ্চ নচ তাদৃশং মিত্র মিত্যর্থঃ। পুনঃ কথম্ভূতমপি ব্রহ্ম আনন্দানন্ত্যেন সর্ব্বতো বৃহদপি। আনন্দস্য তাদৃশবৃহত্ত্বং তাদৃশবৃহত্তোঽপ্যন্যেন মিত্রত্বং ক দৃষ্টমিতি ভাবঃ। অন্যদপ্যাশ্চর্য্যমিদমিত্যাহ সনাতনং তত্তাদৃশমপি নিত্যং কস্যচিৎ ক্ষুদ্রানন্দোঽপি ন নিত্যো দৃশ্যতে। এষাস্তু তাদৃশোঽপীতি॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মুদঃ প্রতিক্ষণবর্দ্ধিষ্ণু ত্বমেব তত্রাপি গর্ব্বং বৎসতরাত্মনেতি দোহনাদি ব্যবধানস্যাসহত্বং গোপীনামাত্মজাত্মনেত্যন্যথা তৎপ্রাপ্ত্যভাবঃ তত্রাপি বিভো ইত্যতিলোভাৎ স্বস্য বহুস্বরূপীকরণেনেতি তাসাং মধ্যে একস্যা অপ্যেক স্তনোত্থো রসোঽপি ত্বয়া ত্যক্তুমশক্য ইত্যানন্দমাত্র স্বরূপস্য তবাপ্যানন্দকত্বাত্তাসাং বপুষঃ সচ্চিদানন্দত্বে কে নাম সংশেরতে ইতি ভাবঃ। যস্য তব তৃপ্তয়ে তৃপ প্রীণনে যৎ ত্বাং প্রীণয়িতুমিত্যর্থঃ। অদ্যাপি অনাদিকালতঃ প্রবৃত্তা অদ্যপর্য্যন্তা অপি সর্ব্বেঽপি যজ্ঞা অস্মদাদিকৃতা মন্ত্রানুষ্ঠানপাবিত্র্যাদ্যবিকলা অপি নালং ন সমর্থাঃ॥ ৩০॥

বৎসতর ও আত্মজ স্বরূপ হইয়া মহাহর্ষে অমৃতরূপ দুগ্ধপান করিতেছ। অহো নন্দগোপ এবং ব্রজবাসি মানবদিগের অত্যাশ্চর্য্য ভাগ্য। পরমানন্দ রূপী সনাতন পূর্ণব্রহ্ম তাঁহাদের মিত্র হইয়াছেন॥ ৩০॥

এষামস্তু ভাগ্যমহিতাচ্যুত তাবদাস্তামেকাদশৈব হি বয়ং বত ভূরিভাগাঃ।

শ্রীধরস্বামী।

কিঞ্চ এষাং ভাগ্যস্য তাবৎ মহিতা মহিমা আস্তাং কস্তাং বক্তুং শক্নোতি। শর্ব্বাদয়ঃ শর্ব্বোঽহঙ্কারাধিষ্ঠাতা আদির্যেষাং চন্দ্রাদীনামেকাদশানাং তে তথা বয়ঞ্চ বয়মিত্যাত্মানমেবাচ বহুমন্যমানঃ এবং মনোবুদ্ধ্যহঙ্কারচক্ষুরাদ্যধিষ্ঠাতার ত্রয়োদশ দেবা এতাবৎ নত অহো ভূরি ভাগাঃ যস্মাদেতেষাং হৃষীকাণীন্দ্রিয়াণ্যেব চষকানি পানপাত্রাণি তৈঃ। তে চতুর্দ্দশস্য চিত্তাধিষ্ঠাতুঃ অঙ্ঘ্রী এবং উদরে বারিজে তয়োর্মধু মকরন্দ গুদেবামৃতং স্বাদু আসবং মাদকং পিবামঃ। এতদুক্তং ভবতি। যদা প্রত্যেকমিন্দ্রিয়াভিমানিনো বয়ং কীর্ত্তিসৌন্দর্য্য-

বৈষ্ণবতোষণী।

অহো এষাং মহাত্মাং কো নাম বর্ণয়িতুং শক্নুয়াৎ বয়মপ্যেষাং সম্বন্ধেনৈব পরম কৃতার্থা জাতা ইত্যাহ এষামিতি তুশব্দো ভিন্নোপক্রমে অঙ্ঘ্র্যুদজমধু শ্রীচরণারবিন্দমাধুর্য্যং তৎপানং তু তদীয়াভিভমানাধ্যবসায়সংকল্পদর্শনশ্রবণাদিরূপং। দেবতাশ্চ সর্ব্বব্রহ্মচন্দ্রদিগ্বাতার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাঃ। যদ্বা। গুহ্যেন্দ্রিয়দ্বয়স্যানুপযোগাদশ্লীলত্বাচ্চ তদধিষ্ঠাত্রোর্মিত্রপ্রজাপত্যোস্ত্যাগেনৈকাদশ। পাদাধিষ্ঠাতোপেন্দ্রস্তু তদীয়ধারণশক্ত্যাবেশাবতারো দেবতাবিশেষ এব কশ্চিৎ। চিত্তাধিষ্ঠাতারং শ্রীবাসুদেবং বিনা তেষাং সর্ব্বেষামপ্যকর্ত্তুং ক্ষমত্বেন তৃতীয়েঽভিধানাৎ। তস্যাতু তৎসমীপগতানুভবসুখং শ্রীগোপাদীনাং স্বয়ং ভগবতো নিত্যাপ্রাকৃতপরিকরত্বাদেতেষাঞ্চ প্রাকৃতাধুনিকত্বাত্তদসম্ভবেঽপি তন্নিত্যাবরণস্থদেবগণা ভেদবিবক্ষয়েদমুক্তং তদাবেশি রূপাত্তেষাং। তথাচ পাদ্মোত্তরখণ্ডে। নিত্যাঃ সর্ব্বে পরে ধাম্নি যে চান্যে চ দিবৌকসঃ। তে বৈ প্রাকৃতনাকেঽস্মিন্ন নিত্যা ত্রিদিবেশ্বরা ইতি। উভয়থাপি তস্যচ নিত্যত্বাদিত্যত্র করণপক্ষস্যৈব হি দেবতা নভোক্তৃপক্ষস্যেতি শারীরকনির্ণয়ঃ। শ্রীগোপাদীনাং অন্তরঙ্গপরিকরত্বেন স্বতঃ সর্ব্বশক্তিত্বমিতি শ্রীকৃষ্ণোপাসনা শাস্ত্রাভিপ্রায়ঃ। পূর্ব্ববদশ্লীলপরিহারঃ। সূর্য্যাদীনাং নয়নাদিকোটিভির্যুগপদ্দর্শনাদিসুখাধিক্যসাতত্যপরিহারশ্চ বিরুদ্ধোত। তত ইয়ং বা ব্যাখ্যা। শ্রীমন্নন্দরাজব্রজৌকসাং তাদৃশং ভাগ্যমেব কৈমুত্যেন স্তোতুং কাদাচিৎকেনাপি তন্মাধুরীমাত্রলাভেন স্বেষামপি ভাগ্যমভিনন্দতি তেনচ তাদৃশনিজাভিলাষমপি দ্রঢ়য়তি এষামিতি। যদ্বা। একাঽদ্বিতীয়াঽনুপমেত্যর্থঃ। এতদ্ব্রজে প্রথমানং তদেতদিত্যর্থঃ। তে তবাঙ্ঘ্র্যুদজমধু হৃষীকচষকৈ র্নিজনিজচক্ষুরাদিভিরেব পানপাত্রৈঃ শক্ত্যা ভক্ত্যাচ প্রাধান্যাৎ সর্ব্ব আদির্যেষাং তে দশদিক্পালদেবতা বয়মসকৃৎ পুনঃ পুনরিহাগত্য পিবামঃ। বক্ষ্যতেচ। বন্দ্যমানচরণঃ পথি বৃদ্ধৈরিতি শক্রসর্ব্বপরমেষ্ঠিপুরোগা ইতি চ। কীদৃশং অমৃতাসবং পরমস্বাদুত্বাদিনাঽমৃতং পরমমাদ-

ক্রমসন্দর্ভঃ।

এষামিত্যাদি পঞ্চকং॥ ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

